The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 875 | 20 June 2025 | শুক্রবার ০৬ আষাঢ় ১৪৩২


Trump demands Iran's surrender, warns Khamenei is in US sights
→ Page 18

Sabila Nur on Taadob

→ Page 19


Controversial leaders tarnishing BNP's image
→ Page 19

Russia offers to mediate Iran-Israel conflict

→ Page 19

### ট্রাম্প হামলার জন্য দু'সপ্তাহের সময় বেঁধে দিয়েছেন

# ইরান-ইসরাইল ভয়াবহ যুদ্ধ পরিস্থিতি

আজকাল রিপোর্ট



ইরান-ইসরাইল যুদ্ধ ভয়াবহ পরিণতির দিকেই যাচ্ছে। আগামী কয়েকদিনে পরিস্থিতির মারাত্মক অবণতির আশঙ্কা দেখা দিয়েছে। রাতের আকাশ আলোকিত করে ঝাকেঝাকে ক্ষেপণাস্ত্র ইরান নিক্ষেপ করেছে ইসরাইলে। এদিকে যুদ্ধের তথ্য প্রকাশের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে ইসরাইল। আল জাজিরার সম্প্রচার নিষিদ্ধ করা হয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গতকাল বৃহস্পতিবার বলেছেন, তিনি ইরানে হামলা চালাবেন কি-না আগামী দুই সপ্তাহের মধ্যে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। কারণ তিনি এখনও আলোচনার আশা করছেন। হোয়াইট হাউসের প্রেস সচিব ক্যারোলিন লেভিট বলেন, 'অদূর ভবিষ্যতে ইরানের সঙ্গে আলোচনার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। পারমাণবিক অস্ত্র রাখার জন্য প্রয়োজনীয় সবকিছুই ইরানের কাছে রয়েছে'। এদিকে ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ, যিনি ইরানের সাথে আলোচনার দায়িত্বে ছিলেন, তিনি আলোচনায় অংশ নিতে প্রস্তুত নন বলে জানিয়েছেন। এদিকে রাশিয়া, এরপর ৩৬ পৃষ্ঠায়

### ১৫ হাজার বাংলাদেশির ফেরার আকুতি

## ইরান প্রবাসিদের জন্য দেশে আহাজারি

মাসুদ করিম, *ঢাকা থেকে*

ইরানের তেহরানসহ বিভিন্ন সিটিতে প্রায় ১৫ হাজার বাংলাদেশি বসবাস করেন। ৭ দিন আগে শুরু হওয়া যুদ্ধ পরিস্থিতি দিনদিন ভয়ানক হয়ে উঠছে। এরপর ৩৬ পৃষ্ঠায়



### ভিসা প্রত্যাশী শিক্ষার্থীদের নতুন নির্দেশনা যুক্তরাষ্ট্রের

## বাংলাদেশি ছাত্রছাত্রীরা আগ্রহ হারাচ্ছেন

আজকাল রিপোর্ট

ভিসাপ্রার্থী বিদেশি শিক্ষার্থীদের জরুরি নির্দেশনা দিয়েছে যুক্তরাষ্ট্র। এ নির্দেশনা না মানলে ভিসার আবেদন বাতিল করা হবে। মার্কিন পররাষ্ট্র দপ্তরের নির্দেশনাটি বৃহস্পতিবার ১৯ জুন প্রচার করে দ্য টাইমস সহ বিভিন্ন আন্তর্জাতিক বিভিন্ন সংবাদমাধ্যম। এরপর ৩৬ পৃষ্ঠায়

# মামদানিকে হত্যার হুমকি

আজকাল রিপোর্ট



তারুণ্যের প্রতিক ৩৩ বছর বয়সের নিউইয়র্ক সিটির জনপ্রিয় মেয়র প্রার্থী জোহরান মামদানিকে গাড়ী বোমা বিস্ফোরণে হত্যার হুমিক দেয়া হয়েছে। ভয়েস মেল দিয়ে মামদানিকে এক ভরাট কণ্ঠস্বরের যুবক গত বুধবার এই হত্যার হুমকি দিয়েছে। নিউইয়র্ক পুলিশ এনওয়াইপিডি জানিয়েছে, তারা এমন মারাত্মক অভিযোগ পাবার পর হেট ক্রাইম ইউনিট তদন্ত শুরু করেছে। এ পর্যন্ত মামদানিকে ৪ বার হত্যার হুমকি দেয়া হয়েছে। পুলিশ জানিয়েছে মুসলিম বিদ্বেষি এক যুবক এই ভয়েস মেইল পাঠায়। সম্প্রতি পাওয়া বেশ কয়েকটি হত্যার হুমকির মধ্যে এটি একটি এরপর ২৮ পৃষ্ঠায়

### মুক্তচিন্তা

## হানি ট্র্যাপ: প্রেম, ক্ষমতা ও প্রতারণার রাজনীতি



সজল আশফাক

ডা. সজল আশফাক একজন প্রবাসী বাংলাদেশি। দীর্ঘদিন ধরে প্রবাসে ও দেশের বাংলা মিডিয়াগুলোতে লিখে আসছেন। সোশাল মিডিয়াতেও সরব তিনি। বৈষম্যবিরোধী এরপর ৪২ পৃষ্ঠায়

# ঐক্যবদ্ধ ফোবানা সম্মেলন নায়াগ্রা ফলসে

### অবশেষে সকল মতবিরোধের অবসান




আজকাল রিপোর্ট

কয়েক ভাগে বিভক্ত ফোবানার (ফেডারেশন অব বাংলাদেশি এসোসিয়েশনস অব নর্থ আমেরিকা) দুটো গ্রুপ এক হয়েছে। নিজেদের মধ্যে সৃষ্ট ভুল বোঝাবুঝির অবসান ঘটিয়ে তারা ঐক্যবদ্ধ ভাবে ৩৯তম ফোবানা সম্মেলনের আয়োজনের ঘোষণা দিয়েছে। তিন দিনের সম্মেলনটি এরপর ৩৪ পৃষ্ঠায়

### নিউইয়র্কজুড়ে তারুণ্যের জোয়ার

## মামদানি-কুমো লড়াই বুধবার

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটি মেয়র পদে ডেমোক্রেটিক দলের প্রার্থিতার দৌড়ে হাডডা-হাডিড লড়াইয়ের আভাস মিলছে। এতে প্রাইমারীর দিন যতই ঘনিয়ে আসছে ততই ব্যবধান কমছে প্রধান দুই প্রর্থীর মধ্যে। সর্বশেষ জরিপে এরপর ৪২ পৃষ্ঠায়

### মাদক নিয়ে সংঘর্ষ

## জ্যামাইকা বিষাক্ত হয়ে উঠেছে

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যামাইকায় মাদক নিয়ে দ্বন্দ্ব, হাতাহাতি ও সংঘর্ষের ঘটনায় এলাকার মানুষের মধ্যে ব্যাপক উদ্বেগ দেখা দিয়েছে। জ্যামাইকার ১৬৯ স্ট্রিটের কর্ণারে একটি এরপর ৩৮ পৃষ্ঠায়

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant

বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
RAJIB AHMED, PRESIDENT & CEO

কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE
# নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst — Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health.





**FUHAD HUSSAIN**
LIFE & HEALTH INSURANCE AGENT



**MOHAMMAD ZAHID ALAM**
CHIEF FINANCIAL OFFICER



**SHAH NAWAZ MBA**
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP

SNG SHAH NAWAZ GROUP

সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3425 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 78-06 101 Ave, Suite C
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল

Friday, 20 June 2025, Issue 875, www.ajkalnewyork.com PAGE 03





# নিউইয়র্কের বাইরে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা

আজকাল রিপোর্ট

নিউজার্সি অঙ্গরাজ্যের আটলান্টিক সিটিতে আয়োজন করা হয়েছিল ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার। গত ১৮ জুন ,বুধবার বাংলাদেশ এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টি ও স্টকটন বিশ্ববিদ্যালয় এর যৌথ উদ্যোগে নিউ জার্সি সিটির ১৩২ ,নর্থ ফ্লোরিডা এভিনিউতে অবস্থিত কাউন্টি ভবনে বাংলাদেশ কনস্যুলেট নিউ ইয়র্কের সার্বিক সহযোগীতায় সকাল দশটা থেকে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা প্রদান করা হয়।

বাংলাদেশ কনস্যুলেট নিউ ইয়র্ক-এর ডেপুটি কনসাল জেনারেল মোঃ আনিসুজ্জামান, প্রথম সচিব প্রসূন কুমার চক্রবর্তী, প্রথম সচিব মোঃ আরিফুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা পারভেজ এরপর ২৮ পৃষ্ঠায়

# কয়েক হাজার বৃটিশ নাগরিক ইসরাইলে আটকা পড়েছে

আজকাল ডেস্ক

অব্যাহত হামলা এবং পাল্টা হামলায় বহু দেশের নাগরিকরা ইসরাইলে আটকা পড়েছে। কয়েক হাজার বৃটিশ নাগরিক এখন দেশে যেতে পারছে না। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ইসরাইলের আকাশসীমা বন্ধ রাখার ঘোষণা দেয়া হয়েছে। বাতিল করা হয়েছে সকল ফ্লাইট। এতে সেখানে আটকা পড়েছেন কয়েক হাজার বৃটেনের নাগরিক। কবে দেশে ফিরতে পারবেন এ নিয়ে তাদের মনে শঙ্কা দেখা দিয়েছে। নিজেদের দেশে ফেরার আর্তি জানিয়েছেন তারা। বিবিসির সঙ্গে কথা বলার সময় বিগত কয়েকদিনে ইসরাইলে তাদের তিক্ত অভিজ্ঞতার কথা জানিয়েছেন এমন কয়েকজন। সাইরেনের শব্দ শুনে নির্ঘুম রাত পার করা, ক্রমাগত আশ্রয় কেন্দ্রে আশ্রয় নেয়ার অভিজ্ঞতা শেয়ার করেছেন। আটকে পড়া অনেকে তাদেরকে এরপর ৪২ পৃষ্ঠায়

## মতবিনিময় অনুষ্ঠানে নতুন প্রেস মিনিস্টার ও কনসাল জেনারেল

# নিউইয়র্কে লুকিয়ে থাকা প্রেস মিনিস্টারকে নিয়ে কাজ নেই

আজকাল রিপোর্ট



'নিউইয়র্কে লুকিয়ে থাকা বিগত আওয়ামী লীগ সরকারের একজন প্রেস মিনিস্টারের কিছু ছবি গত সপ্তাহে সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারণা পেলেও তা দেখার কাজ আমাদের না। যুক্তরাষ্ট্রে যারা অবৈধ অর্থ পাচার করেছে তাদের ব্যাপারে তথ্য উদ্ধারে সরকার জোরেশোরে কাজ চালিয়ে যাচ্ছে তা নিশ্চিত করে বলতে পারি। আগামী মার্চের পর আমি এই পদে থাকব কি থাকবো না- তা জানি না। সেই সময়টা ধরে কাজ করতে চাই। আমার ব্যক্তিগত ধারণা জুলাই ছাত্র আন্দোলনে ২ হাজারের বেশি মানুষকে ফ্যাসিস্ট সরকার বাংলাদেশে হত্যা করেছে।' দায়িত্ব গ্রহণের পর এই প্রথম মিডিয়ার মুখোমুখি হয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেছেন বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটনে নিযুক্ত নতুন প্রেস মিনিস্টার ও সাংবাদিক গোলাম মোর্তোজা। এসময় নিউইয়র্কে নবনিযুক্ত কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হকও বক্তব্য রাখেন। নিউইয়র্কের লং আইল্যান্ডে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কার্যালয়ে গত ১৭ জুন বিকেলে আমন্ত্রিত সাংবাদিকদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক বলেন, প্রবাসিদের জন্য দ্রুত সেবার মান বৃদ্ধি এবং দিনের কাজ দিনে সম্পন্ন করার চেষ্টা আমরা করছি। তবে আমাদের জনবল সমস্যা রয়েছে। প্রবাসিদের দ্বৈত নাগরিকত্ব নিয়ে অন লাইনে আবেদন এরপর ৩৬ পৃষ্ঠায়

# অভিবাসী বহিষ্কারের অভিযান জোরদারের নির্দেশ ট্রাম্পের

আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রে অভিবাসিদের বহিষ্কারের অভিযান জোরদার করার নির্দেশ দিয়েছেন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বড় বহিষ্কার কর্মসূচি বাস্তবায়নের নির্দেশ এটি। এই কর্মসূচির আওতায় অভিবাসীদের বিরুদ্ধে ব্যাপক অভিযান এবং নির্বাসনের উদ্যোগ নেওয়া হয়েছে, যা দেশজুড়ে বিক্ষোভ ও বিতর্কের জন্ম দিয়েছে।

ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে বলেন, 'আমি ফেডারেল সংস্থাগুলোকে নির্দেশ দিয়েছি যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্ববৃহৎ গণবহিষ্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সর্বশক্তি নিয়োগ করতে।' তিনি বিশেষভাবে লস অ্যাঞ্জেলেস, শিকাগো এবং নিউইয়র্ক এরপর ২৭ পৃষ্ঠায়



# নিউসার্জিতে মঞ্চায়িত হলো 'ভুল থেকে ভুল'

আজকাল রিপোর্ট

নিউ জার্সির একটি মঞ্চে স্থানীয় বাংলাদেশিদের মাঝে গত ১৪ জুন রাতে মঞ্চায়িত হলো 'ভুল থেকে ভুল'। বিলুপ্ত প্রায় যাত্রা শিল্পের একজন শিল্পীর একাকীত্বের রহস্যময় চরিত্র নিয়ে মঞ্চে অভিনয় করেন একক অভিনেতা সাজু খাদেম। একই মঞ্চে তাকে ঘিরে ছিলেন দেশের আরেক গুণী অভিনেত্রী ও নির্মাতা হৃদি হক। দু'জনের সঙ্গে অভিনয়ে আরও ছিলেন সাইদ বাবু, তানভীর সামদানি, তামিমা তিথী ও জান্নাত টুম্পা। মঞ্চ নাটকটি দর্শকদের কাছে বহুলভাবে প্রশংসিত হয়েছে বলে জানা গেছে। এরপর ২৭ পৃষ্ঠায়

# জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির কমিটি পুনর্গঠন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে অন্যতম সামাজিক সংগঠন 'জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি'র ২০২৫-২০২৬ সালের কার্যকরী কমিটি পুর্নগঠন করা হয়েছে। মঙ্গলবার ৩ জুন সন্ধ্যায় জ্যামাইকার একটি রেষ্টুরেন্টে সংগঠনের কার্যকরী ও উপদেষ্টা পরিষদের যৌথ সভায় এই কমিটি গঠিত হয়। গঠিত কমিটিতে ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার পুনরায় সভাপতি এবং মোহাম্মদ এনায়েত হোসেন মুন্সী সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন। সংগঠনের সভাপতি ফকরুল ইসলাম দেলোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা সভা সঞ্চালনা করেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মিন্টু মোহাম্মদ। সভায় কার্যকরী কমিটি পূর্গঠন ও জ্যামাইকা এরপর ৩৬ পৃষ্ঠায়



# মেয়র পদপ্রার্থী ব্র্যাড ল্যান্ডার ইমিগ্রেশন কোর্টে গ্রেফতার

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার ও ডেমোক্রেটিক মেয়র পদপ্রার্থী ব্র্যাড ল্যান্ডারকে ম্যানহাটনের ২৬ ফেডারেল প্লাজা বিল্ডিংয়ে অবস্থিত ইমিগ্রেশন কোর্ট থেকে গত ১৭ জুন মঙ্গলবার গ্রেফতার করেছে এফবিআই এবং ইউএস ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এজেন্টরা। তিনি যখন একজন অভিবাসীর সঙ্গে হাত মিলিয়ে কোর্ট থেকে বের হচ্ছিলেন, তখনই এই গ্রেফতার সংঘটিত হয়। ঐ অভিবাসীকেও এজেন্টরা গ্রেফতার করে। ঘটনাস্থলে ধারণ করা ভিডিওতে দেখা যায়, ফেডারেল এজেন্টরা ল্যান্ডার ও ঐ অভিবাসীকে এরপর ৪০ পৃষ্ঠায়




# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## বিশেষ সম্পাদকীয়

# সর্বাত্মক যুদ্ধের আশঙ্কা, বিশ্ববিবেক জাগ্রত হোক

ইরান-ইসরাইল সংঘাত আজ ষষ্ঠ দিনে পড়লেও তা বন্ধ করার বিষয়ে কোনো আন্তর্জাতিক উদ্যোগ গ্রহণ না করার বিষয়টি উদ্বেগজনক। পালটাপালটি হামলায় সংঘাত আরও তীব্র হচ্ছে। উপসাগরীয় অঞ্চলে সর্বাত্মক যুদ্ধের আশঙ্কা বাড়ছে। জাতিসংঘ, ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি), এমনকি বিশ্বের মুসলিম দেশগুলোর পক্ষ থেকেও সংঘাত বন্ধে কোনো কার্যকর পদক্ষেপ দৃশ্যমান নয়। ফিলিস্তিনের গাজায় ইসরাইলের বর্বরোচিত হামলা বন্ধেও এসব সংস্থা ও দেশগুলো কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি, যা নিন্দনীয়। ইরান-ইসরাইল সংঘাতে তেল আবিবকে অনেকটা প্রকাশ্যেই সমর্থন দিয়ে আসছে যুক্তরাষ্ট্র এবং মধ্যপ্রাচ্যে বিমানবাহী রণতরি পাঠিয়েছে। এদিকে ইরানের ঘনিষ্ঠ মিত্র হিসাবে পরিচিত চীন ও রাশিয়া জাতিসংঘের নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠকে ইসরাইলের অব্যাহত হামলার নিন্দা জানালেও যুদ্ধ বন্ধে দেশ দুটির কোনো সক্রিয় ভূমিকা এখনো দৃশ্যমান নয়।

কোনোরকম উসকানি ছাড়াই ইসরাইল গত শুক্রবার রাতের আঁধারে ইরানে হামলা চালায়। এ হামলার টার্গেট ছিল আবাসিক ভবনসহ বিভিন্ন সামরিক স্থাপনা। হামলায় ইরানের শীর্ষস্থানীয় কয়েকজন সামরিক কর্মকর্তা নিহত হন। বাড়িঘর লক্ষ্য করে হামলা চালানোর ফলে বেসামরিক নাগরিকদেরও প্রাণহানি ঘটে। আক্রান্ত হওয়ার অল্পসময়ের মধ্যেই ইরান প্রতিশোধমূলক পালটা হামলা শুরু করে। ইরানের ক্ষেপণাস্ত্র তেল আবিব, হাইফাসহ ইসরাইলের বিভিন্ন স্থানে আঘাত হানে। এরপর থেকে ইরান ও ইসরাইলের মধ্যে পালটাপালটি হামলা অব্যাহত রয়েছে; প্রাণহানি ও ক্ষয়ক্ষতি বাড়ছে। আরও উদ্বেগের বিষয়, এ সংঘাত সর্বাত্মক যুদ্ধের দিকে ধাবিত হওয়ায় বিশ্বের আর্থিক বাজার ও বিমান খাত ক্ষতিগ্রস্ত হচ্ছে। উল্লেখ্য, বিশ্বের অধিকাংশ জ্বালানি তেল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পণ্য, যেমন প্রাকৃতিক গ্যাস মধ্যপ্রাচ্যের সমুদ্রপথ দিয়ে সরবরাহ করা হয়, যার অন্যতম হলো হরমুজ প্রণালি। এই প্রণালি ইরানকে উপসাগরীয় দেশগুলো থেকে আলাদা করে এবং আরবসাগরকে ভারতমহাসাগরের সঙ্গে সংযুক্ত করে। এটি বিশ্বের সমুদ্রপথে তেলের এক-তৃতীয়াংশ সরবরাহের পথ। ইরান-ইসরাইল সংঘাতের কারণে যদি হরমুজ প্রণালি বন্ধ হয়ে যায়, তাহলে বিশ্বব্যাপী জ্বালানি তেলের দাম ব্যাপকভাবে বেড়ে যেতে পারে। তেলের দাম বাড়লে উৎপাদন খরচও বাড়বে, যার পরিণতি শেষ পর্যন্ত ভোক্তাদের ওপর পড়বে। সংঘাত চলতে থাকলে তেল আমদানিকারক দেশগুলোয় উচ্চ মূল্যস্ফীতি দেখা দেবে। এছাড়া মধ্যপ্রাচ্যের দেশগুলোয় বাংলাদেশের মতো যেসব দেশের উল্লেখযোগ্যসংখ্যক জনশক্তি কর্মরত, সেসব দেশের অর্থনীতিতে পড়বে ইরান-ইসরাইল সংঘাতের অভিঘাত। কাজেই অবিলম্বে এ সংঘাতের অবসান কাম্য।

ইসরাইল যেভাবে বিনা উসকানিতে ইরানে হামলা শুরু করেছে, তা আন্তর্জাতিক আইন, রীতিনীতি এবং জাতিসংঘ সনদের চরম লঙ্ঘন। এজন্য ইসরাইল সরকারের শাস্তি হওয়া উচিত। বস্তুত দেশটি গত দেড় বছরেরও বেশি সময় ফিলিস্তিনের গাজা ভূখণ্ডে যে ভয়াবহ তাণ্ডব চালিয়ে আসছে, সেজন্য আন্তর্জাতিক বিচারিক আদালত (আইসিসি) ইতোমধ্যেই ইসরাইলি প্রধানমন্ত্রী বেনজামিন নেতানিয়াহুর বিরুদ্ধে যুদ্ধাপরাধের দায়ে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে। তা সত্ত্বেও যুক্তরাষ্ট্রের সমর্থন পেয়ে নেতানিয়াহু সরকার ইতিহাসের নৃশংসতম হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ চালিয়ে আসছে ফিলিস্তিনে। এবার তারা হামলা চালিয়েছে ইরানে। এক্ষেত্রেও আরব দেশগুলোর ভূমিকা হতাশাজনক। তারা যেমন ইসরাইলি বর্বরতা থেকে ফিলিস্তিনিদের রক্ষায় এগিয়ে আসেনি, তেমনই ইরানে ইসরাইলি হামলার ক্ষেত্রেও নীরব ভূমিকা পালন করছে। এ অবস্থায় বিশ্ববিবেক কবে জাগ্রত হবে, তা দেখার অপেক্ষায় আছি আমরা।

তা সত্ত্বেও যুক্তরাষ্ট্রের সমর্থন পেয়ে নেতানিয়াহু সরকার ইতিহাসের নৃশংসতম হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ চালিয়ে আসছে ফিলিস্তিনে। এবার তারা হামলা চালিয়েছে ইরানে। এক্ষেত্রেও আরব দেশগুলোর ভূমিকা হতাশাজনক। তারা যেমন ইসরাইলি বর্বরতা থেকে ফিলিস্তিনিদের রক্ষায় এগিয়ে আসেনি, তেমনই ইরানে ইসরাইলি হামলার ক্ষেত্রেও নীরব ভূমিকা পালন করছে। এ অবস্থায় বিশ্ববিবেক কবে জাগ্রত হবে, তা দেখার অপেক্ষায় আছি আমরা

# বাংলাদেশ আবারো দুর্নীতিবাজ আর মৌলবাদের নিয়ন্ত্রণে চলে যাচ্ছে?

সামছুদ্দীন আজাদ



বাংলাদেশ দুর্নীতিতে পরপর পাঁচবার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছিল। অতীতে- বাংলাদেশকে একটি ব্যর্থ রাষ্ট্রের তালিকায়ও স্থান করে নিয়েছিল। খুন, হত্যা, ধর্ষণ, লুটপাট, মৌলবাদের উত্থান বাংলা ভাইয়ের আদালত স্থাপন করে সেই আদালতের রায়ে মানুষকে প্রকাশ্যে ফাঁসিতে ঝুলিয়ে হত্যা নিশ্চিত করার মত বর্বরতার শাসন দেখেছি।

চট্টগ্রাম বন্দরে অস্ত্র বোঝাই করা জাহাজ ভিড়েছিল জঙ্গি মৌলবাদের সরাসরি নির্দেশনায়। গভীর রাতে সেই অস্ত্র খালাস করেছিল জঙ্গি সন্ত্রাসীরা, যে জাহাজ ভর্তি করে অস্ত্র আমদানি করা হয়েছিল সেই জাহাজের নাম ছিল দ্যা এম ই সি সি এ। সেই সময় নিউইয়র্ক টাইমস এর প্রতিবেদক এলেক্স পেরি টাইম ম্যাগাজিন প্রতিবেদনে ছাপিয়ে দিয়েছিলেন - 'বাংলাদেশ ইজ এ কোকুন অফ টেরর' শিরোনাম। এমন ভয়ানক জঙ্গিবাদী আর মৌলবাদের উত্থান নিয়ে বিশ্বের খ্যাতনামা পত্রিকাগুলি সম্পাদকিয়তে লিখেছিল - দ্যা ওয়াল স্ট্রীট জার্নাল, নিউইয়র্ক টাইম, ফার ইষ্ট ইকোনোমিক রিভিউ সহ বিশ্বের খ্যাতনামা পত্রিকাগুলি। বিশেষ ভবন ছিল দ্বিতীয় প্রশাসনিক শাসন ব্যবস্থা নিয়ন্ত্রণের হেডকোয়ার্টার। সমস্ত কর্মকান্ডের হিসাব দিতে হতো সেখানে।

আজ বাংলাদেশ কি আবারও অতীত মাফিয়াদের কাছে জিম্মি হতে যাচ্ছে ড. ইউনুসের হাত ধরে? নিশ্চিত বাংলাদেশ একটি জঙ্গি মৌলবাদী রাষ্ট্রে পরিণত হতে যাচ্ছে, ২০০১ সালে আওয়ামী লীগের লক্ষ লক্ষ নেতাকর্মীর বিরুদ্ধে মিথ্যা ও হয়রানি মূলক মামলা, আওয়ামী লীগের ২৪ হাজার নেতাকর্মীকে হত্যা, আওয়ামী লীগের চারজন এমপিকে হত্যা, ২০০৪ এর একুশে আগস্ট এর গ্রেনেড হত্যা ছিল ইতিহাসের ভয়াবহতম নৃশংস বর্বরতার নিকৃষ্ট ইতিহাস। মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার আদালত বিএনপিকে সন্ত্রাসী সংগঠন হিসেবে বারবার রায় দিয়েছে। ডক্টর ইউনুস রাষ্ট্রীয় সন্ত্রাস সৃষ্টি করে জঙ্গি মৌলবাদী হিজবুত তাহরীর মত জঙ্গিদের সাথে নিয়ে রাষ্ট্রক্ষমতা দখল করে বাংলাদেশকে সুপরিকল্পিতভাবে শুধু একটি জঙ্গি মৌলবাদী রাষ্ট্র নয় - আরো ভয়ংকর পথে হাঁটছেন। তিনি সরাসরি আমার দেশের স্বাধীনতার ওপর হস্তক্ষেপ করেছেন - তিনি স্বাধীনতার গোটা অস্তিত্বকে বিলীন করার জন্য বিশেষ এজেন্ডা নিয়ে মাঠে নেমেছিল। স্বাধীন বাংলাদেশ বাঙালি জাতির শেষ ঠিকানা - ৩০ লক্ষ শহীদের জীবন দান, তিন লক্ষ মা বোনের সম্ভ্রমহানি আর ব্যাপক আত্মত্যাগের মাধ্যমে অর্জিত হয়েছিল এই স্বাধীনতা। স্বাধীনতার যিনি প্রাণ পুরুষ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যিনি তার জীবন যৌবনের ১৪ টি বসন্ত জেলে কাটিয়েছেন এই মহান স্বাধীনতার জন্য। এ স্বাধীনতা অর্জনের মধ্য দিয়ে বাঙালি জাতি পাকিস্তানের ২৪ বছরের শোষণের শৃংখল ভেঙে নিজেরা আত্মমর্যাদাশীল স্বাধীন জাতি হিসেবে পৃথিবীর মানচিত্রে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। সেই স্বাধীনতাকে ধ্বংস করে দেয়ার জন্য তিনি জঙ্গি সন্ত্রাসীদের মাঠে নামিয়ে দিয়েছেন - আর এই সন্ত্রাসী গোষ্ঠী ১৯৭১ সালের যুদ্ধের কায়দায় বর্বর পাকিস্তানি মিলিটারিদের কায়দায় গোটা বাংলাদেশে একসাথে আক্রমণ শুরু করেছে -তারা সাধারণ মানুষ এবং আওয়ামী লীগের হাজার হাজার নেতাকর্মীরকে হত্যা করেছে, নারীদের ধর্ষণ করেছে -মানুষের বাড়ি ঘর লুটপাট করেছে, ঘরবাড়িতে আগুন লাগিয়ে দিয়েছে। ক্রমান্বয়ে জঙ্গিদের সাথে যোগ হয়েছে বিএনপিপন্থির সন্ত্রাসী গুন্ডাবাহিনী। যে বাহিনী ২০০০ থেকে ২০০৭ সাল পর্যন্ত সময়ে আওয়ামী লীগকে নির্যাতন করেছে, নেতাকর্মীদের হত্যা করেছে, সারাদেশে হত্যা, ধর্ষণ, লুটপাট করেছিল। জঙ্গি মৌলবাদী শক্তি আর বিএনপি একত্রিত হয়ে আবার তারা মাঠে নেমেছে দেশকে আওয়ামীলীগ শূন্য করার জন্য। ইতিমধ্যে ড. ইউনুস সরকার আওয়ামী লীগকে নিষিদ্ধ করেছে, আওয়ামী লীগের নিবন্ধন বাতিল করেছে এবং ঘোষণা দিয়েছে - এ দেশ থেকে আওয়ামী লীগকে চিরতরে বিলীন করে দেয়া হবে। আর সেই লক্ষ্য বাস্তবায়নে আওয়ামী লীগদের মারধর করছেন, হত্যা করছে, মিথ্যা মামলা দিচ্ছে, মামলা দিয়ে চাঁদাবাজি করছে। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৩২ নম্বরের বাড়ি ভেঙে মাটির সাথে মিশিয়ে দিয়েছে। সারা বাংলাদেশে অসংখ্য আওয়ামীলীগ নেতাদের বাড়ি ভেঙে দিয়েছে বুলডোজার মেশিন দিয়ে। এরপর ড. ইউনুস হাত দিতে যাচ্ছে গোটা বাংলাদেশের অস্তিত্বের উপর - তার উপদেষ্টা পরিষদ ইতিমধ্যে বঙ্গবন্ধু ৪ জাতীয় নেতা সহ শত শত আওয়ামী লীগ নেতা মুক্তিযুদ্ধা সনদ এরপর ২০ পৃষ্ঠায়

আরাকান আর্মিকে অস্ত্র সরবরাহ করবে বার্মার জনতা সরকার ও আর্মির সাথে যুদ্ধ করার জন্য -যাতে আমেরিকা বিশাল অংকের অস্ত্র বিক্রি করতে পারবে। সেন্ট মার্টিনে নিজেদের সামরিক ঘাটি স্থাপন নিশ্চিত করে, পার্বত্য অঞ্চলের কিছু অংশ নিয়ে যেন খ্রিস্টান রাষ্ট্র গঠনের প্রক্রিয়া সহজতর হয়

# একটি দলের অপমৃত্যু : এনসিপি এখন আমার সোনা বন্ধুরে, তুমি কোথায় রইলা রে!

মো. সাখাওয়াত হোসেন



কি দারুন একটা সম্ভাবনা ছিলো জুলাই বিপ্লবের পর নতুন প্রজন্মের সমন্বয়ে গড়ে উঠা এন সি পি নামক দলটির। জুলাই আন্দোলনের নেতৃত্বভাগে ছিলো দলটির শীর্ষ নেতারা। আগষ্ট অভ্যুত্থানের পর,এই ছাত্ররাই ছিলো দেশের সর্বকালের সবচেয়ে জনপ্রিয়। কিন্তু এই জনপ্রিয়তাই এখন তাদের জন্য কাল হয়ে গেছে বলে মনে হয়। নূতন এক বাংলাদেশে তারাই হয়ে উঠলো সবচেয়ে কতৃত্ববাদী একটি সংগঠনে। শুধু তাই নয়, ডক্টর ইউনূসের নেতৃত্বে, তাদের প্রতিনিধিত্বে এবং রিক্রুটে একটি ইনটেরিম সরকার গঠনও হলো গেল বছর। অক্টোবর কিম্বা নভেম্বর পর্যন্ত এই ছাত্র সংগঠনই ছিলো ইনটেরিম সরকারের চেয়ে বেশী ক্ষমতাধর। অনেকটা ৭১ এর পর মুক্তিবাহিনীর মত। যেটা দেশের মানুষ খুব ভালোভাবে গ্রহন করতে পারেনি। ফেব্রুয়ারীতে নতুন দল গঠনের পর, এই এনসিপি বিএনপির বিরুদ্ধে কামান দাগাতে শুরু করলো। অথচ এই বিএনপি কিন্তু মনে প্রানে চাইছিলো তারা যেন একটি রাজনৈতিক শক্তি হিসেবে দাড়াতে পারে। হাসিনার আওয়ামী লীগের জায়গাটা তারা দখল করতে পারে। কিন্তু তারা সেই সুযোগটিও নিতে পারছে না। কেন পারছেনা? কারন একটাই রাজনৈতিক প্রজ্ঞার অভাব, এবং জন্ম নিয়েই ক্ষমতার বসার উচ্চাভিলাষ। এরা বুঝতে চায়না, আজকের বিএনপি ,একদিনে বিএনপি হয় নাই।

নতুন দল,এনসিপি গঠন হলো ফেব্রুয়ারীতে, এখনো রাজনৈতিক দল হিসেবে নিবাচন কমিশনে রেজিষ্ট্রেশন পযন্ত নিতে পারে নাই। তাছাড়া তাদের গঠনতন্ত্রই বা কোথায়? দলটির ভিশন ও মিশনই বা কি? দলটির মূল নীতিই বা কি? আবার তোমাদের নতুন বন্দোবস্তটাই বা কি? তা এখনো পরিস্কার না। অথচ তারা নাকি করবে পলিটিক্স। তারা আবার সরাসরি যাইতে চায় ক্ষমতায়। শুধু নয়া বন্দোবস্ত, গনভোট ,নয়া পন্থা, গণপরিষদ এসব বলে রাজনৈতিক ফায়দা হাসিল করতে চাইলে রাজনীতির মাঠের ফলাফল তো এমনটাই হবে! আর শুনতে হবে, " আমার সোনা বন্ধুরে তুমি কোথায় রইলা রে.....'

শুধু তাই নয়,এদিকে নৈতিক স্খলনের অভিযোগ উত্থাপিত হওয়ায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। গত ১৭ জুন দলটির যুগ্ম সদস্য সচিব সালেহ উদ্দিন সিফাতের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নোটিশ প্রদান করা হয় ও বিজ্ঞপ্তিতে বলা হয়, নৈতিক স্খলনের অভিযোগ উত্থাপিত হওয়ায় উক্ত বিষয়ে আপনার সুনির্দিষ্ট অবস্থান ও ব্যাখ্যা আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্যসচিব মো. আখতার হোসেন জানতে চেয়েছেন।'

অন্যদিকে আবার প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ১ ঘণ্টা ২০ মিনিটের বৈঠক দেশের রাজনীতির মোড় অনেকটাই ঘুরিয়ে দিয়েছে। নানা অনিশ্চয়তা, শঙ্কা, গুজব রাজনীতিকে ঘিরে ধরেছিল। একধরনের অনাস্থার পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। এ বৈঠক অনিশ্চয়তা, শঙ্কার কালো মেঘ সরিয়ে দিয়ে রাজনীতিতে আস্থার পরিবেশ সৃষ্টি করবে বলে আশা করা যায়।

বিএনপি এর আগে ডিসেম্বরে নির্বাচন চাইলেও কিছুটা সরে এসে ফেব্রুয়ারির সময়সীমাকে মেনে নিয়েছে। সরকারও এপ্রিল থেকে সরে এসে নির্বাচন ফেব্রুয়ারিতে হতে পারে বলে মন্তব্য করেছে। উভয় পক্ষেরই কিছুটা সরে আসা, কিছুটা ছাড় দেওয়ারএটাই আমাদের রাজনীতি থেকে একদম হারিয়ে গিয়েছিল।

এ বৈঠক সারা দেশের মানুষকে আশান্বিত করলেও রাজনীতিতে নবাগত এন সি পিসহ কোনো কোনো পক্ষ বা ব্যক্তি চরমভাবে হতাশ হয়েছেন। এসব গোষ্ঠীর মূল কাজ যেন বিএনপিকে যে কোনোভাবে ঠেকানো। ব্যক্তি পর্যায়ে যারা হতাশ হয়েছেন তাদের মধ্যে রাজনীতিবিদ ও অরাজনৈতিক ব্যক্তিরা আছেন। তাঁদের মূল লক্ষ্যই ছিল, যেকোনো প্রকারে বিএনপির রাজনীতিকে প্রতিহত করা। এ অংশ চাইছে না বিএনপির রাজনীতি সামনের দিকে এগিয়ে যাক। বিএনপির নেতৃত্বে নতুন করে বাংলাদেশের বিনির্মাণ হোক।

কেউ যদি সহজ রাজনীতির পথ পরিহার করে অহেতুক কুটিল ও ষড়যন্ত্রের রাজনীতি করে, তবে তারা নিজেরাই রাজনীতি থেকে হারিয়ে যায়।

কিন্তু এন সি পি একটি সুবিধাবাদী ও স্বার্থান্বেষী গোষ্ঠী কোনোভাবেই চায় না যে সহসাই একটি নির্বাচন হোক। তাদের লক্ষ্য, যেভাবেই হোক নির্বাচন বিলম্বিত করে পরিস্থিতির আরও অবনতি ঘটানো। তাহলে ঘোলা পানিতে মাছ শিকার করা সহজ হতো গোষ্ঠীটির জন্য। তাদের ভাবনা যেন এমনওএই মাছ শিকারের জন্য কোনোভাবেই বিএনপিকে রাজনীতির মাঠে দাঁড়াতে দেওয়া যাবে না। অনলাইন, অফলাইনদুই জায়গাতেই সমানভাবে এই গোষ্ঠী সক্রিয় হয়ে রীতিমতো বিএনপির বিরুদ্ধে কথার যুদ্ধ শুরু করে। ঠিক যেমনটা পতিত আওয়ামী লীগ করেছিল। এনসিপির এক নেতা তো বলেই ফেললেন ড: ইউনুস একটি বিশেষ দলকে সুবিধা দেয়ার জন্যই ভোট এগিয়ে আনছেন যা নাকি আবার জনগনের আকাংখা বিরোধী।

অথচ আমরা আশা করেছিলাম, ৫ আগস্ট-পরবর্তী রাজনীতি হবে সৌহার্দপূর্ণ। এরপর ২০ পৃষ্ঠায়

এটা নির্ভর করে কে কীভাবে রাজনীতি করে। কেউ যদি সহজ রাজনীতির পথ পরিহার করে অহেতুক কুটিল ও ষড়যন্ত্রের রাজনীতি করে, তবে তারা নিজেরাই রাজনীতি থেকে হারিয়ে যায়। আওয়ামী লীগ ও জাসদ আমাদের সামনে রাজনীতি থেকে হারিয়ে যাওয়ার সবচেয়ে বড় উদাহরণ। নৃতন প্রজন্মের এন সি পি দলটিও যেন আওয়ামী লীগ ও জাসদেরই পথ অনুসরণ করে অপমৃত্যুর দিকেই ধাবিত হচ্ছে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ইরানে হামলা ইসরায়েলের জন্য কৌশলগত বিপর্যয় ডেকে আনবে

১৩ জুন ইরানের বিরুদ্ধে ইসরায়েলের নতুন যুদ্ধ শুরু করার মধ্য দিয়ে ভয়াবহ বিপর্যয়ের সূচনা করেছে। এ যুদ্ধে কেউই লাভবান হবে না, এমনকি ইসরায়েলের সরকারও। কিন্তু বহু মানুষের জীবনে দুর্ভোগ নেমে আসবে। দুই দেশের পাল্টাপাল্টি আক্রমণে এরই মধ্যে বহু হতাহত হয়েছেন। দুর্ভাগ্যজনক সত্য হলো, মধ্যপ্রাচ্যে আগে এ ধরনের সামরিক পদক্ষেপ যে ব্যর্থ হয়েছে, সেই শিক্ষা পুরোপুরি উপেক্ষা করা হয়েছে।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন এ যুদ্ধকে পূর্বপ্রতিরোধমূলক (সম্ভাব্য আক্রমণ ঠেকাতে আগে থেকেই আক্রমণ করা) যুদ্ধ হিসেবে ব্র্যান্ডিং করেছেন। তেহরান যাতে পারমাণবিক অস্ত্র উৎপাদন করতে না পারে, সেটা ঠেকাতেই এ হামলা। এটা করার মধ্য দিয়ে নেতানিয়াহু আবার সেই একই কৌশলগত ভুলের পুনরাবৃত্তি করলেন, যা এর আগে সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ ও ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার করেছিলেন।

মধ্যপ্রাচ্যের আকাশজুড়ে ইসরায়েলি যুদ্ধবিমান ও ক্ষেপণাস্ত্র ছুটে বেড়াচ্ছে এবং ইরানের সামরিক ঘাঁটি ও নেতাদের ওপর প্রাণঘাতী হামলা চালাচ্ছে। ইসরায়েলের এই আক্রমণ সঙ্গে সঙ্গে বিশ্বকে আরও বিপজ্জনক জায়গায় পরিণত করল। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের নেতৃত্বে ইরাক আগ্রাসনের পুনরাবৃত্তি। ইরানে ইসরায়েলের উসকানিমূলক হামলাটি এরই মধ্যে অস্থিতিশীল হয়ে ওঠা মধ্যপ্রাচ্যে নতুন মাত্রা যোগ করবে।

নেতানিয়াহু দাবি করেছেন, তাঁর আক্রমণের উদ্দেশ্য হলো ইরানের পারমাণবিক সক্ষমতা ধ্বংস করে দেওয়া। এ পর্যন্ত ইসরায়েলি সেনাবাহিনী তিনটি পারমাণবিক স্থাপনায় হামলা চালিয়েছে। এ হামলায় ইরানের নাতানজ, ইস্পাহান ও ফরদো পারমাণবিক স্থাপনাগুলোতে নানা মাত্রার ক্ষয়ক্ষতি হয়েছে। তবে এ হামলায় ইরানের পারমাণবিক কর্মসূচি প্রকৃতপক্ষে থেমে যাবে, এমন সম্ভাবনা খুবই কম। ইসরায়েলের প্রধানমন্ত্রী সেটা ভালো করেই জানেন।

ইরান খুব জেনেবুঝেই তাদের নাতানজ পারমাণবিক স্থাপনাটি মাটির অনেক গভীরে নির্মাণ করেছে। কেবল শক্তিশালী বাংকার-বিধ্বংসী বোমা ছাড়া সেটা ধ্বংস করা সম্ভব নয়। ইসরায়েলের সেই সক্ষমতা নেই। এ ধরনের বোমা উৎপাদনের সক্ষমতা আছে যুক্তরাষ্ট্রের।

যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরেই ইসরায়েলকে এ ধরনের অস্ত্র সরবরাহ করতে অস্বীকৃতি জানিয়ে আসছে। এমনকি ডোনাল্ড ট্রাম্প প্রশাসন, যারা বরাবরই ইসরায়েলি নেতাদের ও কর্মকর্তাদের প্রশ্রয় দিয়ে এসেছে, তেল আবিবকে তারা স্পষ্ট করে জানিয়ে দিয়েছে, এ অস্ত্র সরবরাহ করা হবে না।

যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের প্রতিক্রিয়া দেখে এখনো পুরোপুরি স্পষ্ট নয় যে ওয়াশিংটন এ হামলার বিষয়ে আগে থেকে কতটা জানত। প্রথম দিকে মার্কিন পররাষ্ট্র দপ্তর এ হামলাকে ইসরায়েলের 'একতরফা' অভিযান বলে উল্লেখ করে নিজেদের দূরত্ব বজায় রাখে। কিন্তু এর কিছুক্ষণ পরই ডোনাল্ড ট্রাম্প দাবি করেন, তিনি এ হামলার ব্যাপারে পুরোপুরি জানতেন।

ইরানে শাসকেরা দীর্ঘদিন ধরে দাবি করে আসছে,

## ম্যাক্সিমিলিয়ান হেস



ইসরায়েলের আগ্রাসন ঠেকাতে পারমাণবিক বোমা প্রয়োজন। বর্তমান বাস্তবতায় ইরানে পারমাণবিক বোমা তৈরির ব্যাপারে যাদের মধ্যে সন্দেহ ছিল, সেটা এখন আর থাকবে না। মধ্যপ্রাচ্যের অন্য দেশগুলো, যেখানে তেহরানের স্বার্থ ও প্রভাব ক্রমশও কমে যাচ্ছিল, নেতানিয়াহুর এই আগ্রাসন সেসব জায়গায় ইরানি মিত্রদের মধ্যে নতুন প্রাণের জোয়ার তৈরি করবে।

এ হামলায় যুক্তরাষ্ট্রের সম্পৃক্ততা ও অনুমোদনের ব্যাপারটি এখনো একটি বড় প্রশ্ন হিসেবে রয়ে গেছে। তবে এটা নিশ্চিত, সাম্প্রতিক সপ্তাহগুলোতে তেহরানের সঙ্গে পারমাণবিক কর্মসূচি নিয়ে চলমান কূটনৈতিক প্রচেষ্টার মাধ্যমে একটি নতুন চুক্তির যে ক্ষীণ আশাবাদ জন্ম হয়েছিল, এ হামলার মধ্য দিয়ে সেটা পুরোপুরি শেষ হয়ে গেল। এটা স্বল্প মেয়াদে নেতানিয়াহুর জন্য একটি বিজয়।

কিন্তু ইরানের বিরুদ্ধে আরও পদক্ষেপ নেওয়ার সম্ভাবনাটি অনেকটাই নির্ভর করছে এই সংঘাতে যুক্তরাষ্ট্রকে কতটা টেনে আনা যাচ্ছে, তার ওপর। এটি তেল আবিবের জন্য একটি বড় জুয়া খেলা। কারণ, ট্রাম্পের উপদেষ্টাদের শীর্ষস্থানীয় অনেকেই যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপমূলক নীতির সমালোচক। এমনকি প্রেসিডেন্ট ট্রাম্প নিজেও যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপমূলক নীতি থেকে সরে আসাকে তাঁর রাজনৈতিক উত্তরাধিকারের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে তুলে ধরেছেন।

ইসরায়েলের এ হামলা ইতিমধ্যেই ট্রাম্পের অন্যান্য স্বার্থের ক্ষতি করছে। এর কারণ হলো বিশ্ববাজারে তেলের দাম বেড়ে যাচ্ছে। উপসাগরীয় দেশগুলোর সঙ্গে তাঁর সম্পর্ক বড় ধরনের অবনতি হতে পারে। তার কারণ হলো, এ সংঘাত হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলে ব্যাঘাত ঘটাতে পারে, যা উপসাগরীয় দেশগুলোর অর্থনীতির জন্য বড় ক্ষতির কারণ।

আবার যদি দেখা যায়, ইসরায়েল বিজয়ের পথে এগোচ্ছে, তাহলে ট্রাম্প নিঃসন্দেহে এটিকে নিজের কৃতিত্ব হিসেবে দাবি করবেন। কিন্তু নেতানিয়াহুর কৌশল যদি ক্রমশ এমন দিকে এগোয়, যেখানে তিনি ওয়াশিংটনকে আরেকটি মধ্যপ্রাচ্য যুদ্ধে টেনে আনতে চান, তাহলে ট্রাম্প অবশ্যই নেতানিয়াহুর প্রতি ব্যাপক ক্ষুব্ধ হবেন।

দুই পক্ষের পাল্টাপাল্টি হামলার যে এরপর ২৪ পৃষ্ঠায়



> এ সময় আবু তাহা নিজের পরিবারের নিহত সদস্যদের গল্প বলেন। ইসরায়েলি পাইলটরা তাঁদের হত্যা করে। সেই মানুষগুলোর মরদেহ উদ্ধার করা যায়নি। ৫০০ দিনের বেশি সময় ধরে সেই মরদেহগুলো ধ্বংস হয়ে যাওয়া বাড়ির নিচে চাপা পড়ে আছে। আবু তাহা, ইসরায়েলি সেনাদের বর্বরতার যে সুস্পষ্ট বিবরণ দিয়েছেন, এটি আমাদের সামনে একটি পথের কথাই বলে। আমরা আশা করতেই পারি যে আমেরিকান মা-বাবারা এই সাক্ষাৎকার দেখেছেন। হয়তো এ রকম আরও সাক্ষাৎকার তাঁরা দেখে থাকবেন। নিশ্চয়ই তাঁরা এর পর থেকে বলবেন, 'না, আমরা চাই না, আমাদের সন্তানেরা চরম পন্থায় দীক্ষিত হয়ে নৃশংসতায় অংশ নিক

# ইরানে ইসরায়েলের হামলায় ফিরে আসছে অপারেশন ব্যাবিলনের স্মৃতি

> তাঁরা এটাও মনে করেন যে মোদির উচিত হবে ইসরায়েলি সহযোগিতায় পাকিস্তানের আণবিক স্থাপনায় হামলা চালানো। ইসরায়েল গত শুক্রবার থেকে ইরানে হামলা চালানো শুরু করার পর তাঁদের মধ্যে এ দাবি ও উত্তেজনা জোরদার হয়েছে। লক্ষণীয় হলো, ১৯৮৮ সালে ভারত ও পাকিস্তান দ্বিপক্ষীয় এক চুক্তিতে উপনীত হয়; যার মূলকথা হলো, এক দেশ অন্য দেশের পারমাণবিক স্থাপনায় হামলা করবে না। এই চুক্তির অংশ হিসেবে এখন পর্যন্ত প্রতিবছর ১ জানুয়ারি ইসলামাবাদ ও নয়াদিল্লি নিজ নিজ দেশের পারমাণবিক স্থাপনার তালিকা পরস্পরের সঙ্গে বিনিময় করে আসছে। বর্তমান ভূরাজনৈতিক প্রেক্ষাপটে ভারত-পাকিস্তানের এ রকম 'সমঝোতা' কত দিন বহাল থাকবে, তা নিয়ে এরই মধ্যে প্রশ্ন ওঠা শুরু হয়েছে

## আসজাদুল কিবরিয়া



মিলটা সামান্য হলেও কাকতালীয় না পরিকল্পিত, তা বলা কঠিন। তবে এটা অনুমান করা যায়, সাবেক ইসরায়েলি প্রধানমন্ত্রী মেনশাম বেগিনের নির্দেশে ৪৪ বছর আগে প্রায় কাছাকাছি দিন-তারিখে চালানো অভিযানের সাফল্য ইসরায়েলের বর্তমান প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে কিছুটা অনুপ্রাণিত করেছে।

সেটা ছিল ১৯৮১ সালের ৭ জুন, রোববার। চিন্তা করেই বেছে নেওয়া হয়েছিল দিনটা। দুপুরের পরপরই কয়েকটি ইসরায়েলি সিএইচ-৫৩ হেলিকপ্টারে চেপে বসেন দেশটির বিমান পাইলট উদ্ধারকারী দলের কয়েকজন সদস্য। বেলা তিনটার দিকে জর্ডান সীমান্তের পশ্চিম দিকে ১০০ ফুট ওপরে হেলিকপ্টারগুলো শূন্যে ভাসতে থাকে। তখনো এর আরোহীরা জানেন না যে ঠিক কী হতে যাচ্ছে। তবে একটা নির্দেশ স্পষ্ট, খানিক পরেই যে ইসরায়েলি যুদ্ধবিমানগুলো উড়ে যাবে, সেগুলোর কোনোটি বিধ্বস্ত হলে বা অন্য কোনো কারণে পাইলট ভূপতিত হলে তাঁকে উদ্ধার করার জন্য অন্য যেকোনো দেশের আকাশসীমা লঙ্ঘন করতে হবে।

ঠিক বিকেল চারটার দিকে সিনাই মরুভূমির (১৯৭৯ সালে মিসরের সঙ্গে শান্তিচুক্তি হলেও তখনো ইসরায়েল পুরো সিনাই উপত্যকার দখল ত্যাগ করেনি) এৎজায়ন বিমানঘাঁটি থেকে যুক্তরাষ্ট্রের তৈরি আটটি এফ-১৬ যুদ্ধবিমান উড্ডয়ন শুরু করল।

প্রতিটিই দুটি করে এমকে ৮৪ বোমা, দুটি করে এআইএম-৯এল সাইডউইন্ডার মিসাইল, একটি করে ৩০০ গ্যালন ফুয়েল ট্যাংক এবং ডানার সঙ্গে জুড়ে দেওয়া ৩৭০ গ্যালন করে দুটি বাড়তি ফুয়েল ট্যাংক বহন করছিল। বিমানগুলোর গন্তব্য ইরাকের রাজধানী বাগদাদের ১৭ কিলোমিটার দূরে অবস্থিত আল-তুয়াতিয়াহ। আর এ যুদ্ধবিমানগুলোকে পথ দেখানো ও পাহারা দেওয়ার জন্য আরও কয়েকটি এফ-১৫ বিমান যোগ দেয়।

২.

ইসরায়েলের সীমান্ত পেরিয়ে জর্ডানের আকাশসীমা প্রবেশকালে আকাবা উপসাগরের ওপর দিয়ে যাওয়ার সময় এটা চোখে পড়ে বাদশাহ হোসেনের। তিনি তখন তাঁর ইয়টে অবকাশ যাপন করছিলেন। একজন অভিজ্ঞ যুদ্ধবৈমানিক হিসেবে হোসেন মুহূর্তেই আঁচ করে ফেলেন, কী হতে যাচ্ছে। তিনি দ্রুত ইরাককে একটি সতর্কতামূলক বার্তা পাঠান। তবে অজ্ঞাত কারণে তা আর পৌঁছায়নি।

উত্তর দিকে জর্ডানের ও দক্ষিণ দিকে সৌদি আরবের রাডার ফাঁকি দেওয়ার জন্য ইসরায়েলি জঙ্গি বিমানগুলো মরুভূমির সমতল থেকে মাত্র ১৫০ ফুট ওপর দিয়ে ও এলোমেলোভাবে দ্রুত এগোতে থাকে। জর্ডান ও ইরাকের জঙ্গি বিমান তাদের বাধা দেবে, এটা ধরে নিয়েই অগ্রসর হচ্ছিল ইসরায়েলি বিমানগুলো। কিন্তু বিনা বাধায় তারা ইরাকের আকাশসীমায় প্রবেশ করে।

দজলা (ইউফ্রেতিস) নদী অতিক্রম করার পর ইরাকি জঙ্গি বিমানের বাধা আসবে বলে যে ধারণা করা হয়েছিল, সেটাও ভুল প্রমাণিত হলো। ফোরাত (তাইগ্রিস) নদী অতিক্রমের সময় ইসরায়েলি জঙ্গি বিমানগুলোর দৃষ্টিসীমায় চলে এল আল-তুয়াতিয়াহতে নির্মাণাধীন ওসিরাক পারমাণবিক গবেষণাকেন্দ্রের গোলাকার গম্বুজ। এখানেই ইরাকের তৎকালীন প্রেসিডেন্ট সাদ্দাম হোসেন ফরাসি সহায়তায় পারমাণবিক বোমা তৈরির কাজ চালাচ্ছিলেন।

এফ-১৫ বিমানগুলো ততক্ষণে ২৫ হাজার ফুট উচ্চতায় উঠে গেছে। মূল কাজটা করবে এফ-১৬ বিমানগুলো, যেখান থেকে তখন ছাড়া হলো শিখা ও তুষ। উদ্দেশ্য মিসাইল ও রাডারকে বিভ্রান্ত করে ফাঁকি দেওয়া। লক্ষ্যবস্তুর চার মাইল দূরে থাকতে এফ-১৬ জঙ্গি বিমানগুলো পাঁচ হাজার ফুট উচ্চতায় খাড়া উঠে গেল। আর তারপরই দ্রুতগতিতে ধেয়ে এল ওসিরাকের রিঅ্যাক্টরের দিকে। একের পর এক মোট ১৪টি বোমা বর্ষিত হলো গোলাকার গম্বুজের ওপর। আর দুটি বোমা পড়ল লক্ষ্যবস্তুর বাইরে। মাত্র ৮০ সেকেন্ডে কার্যত ধূলিসাৎ হয়ে গেল সাদ্দাম হোসেনের পারমাণবিক বোমা তৈরির সব প্রয়াস।

এদিকে ইসরায়েলি জঙ্গি বিমানের হামলায় ভ্যাবাচেকা খেয়ে দ্রুত ছুটে এলেন ওসিরাকের চারপাশে মোতায়েন করা বিমানবিধ্বংসী কামানের চালকেরা। তাঁরা তখন ক্যাফেটেরিয়ায় খাচ্ছিলেন। কামান থেকে যখন গোলা ছোড়া হলো, তখন ইসরায়েলি জঙ্গি বিমানগুলো দ্রুত সরে যাচ্ছে। রাডার-ব্যবস্থা বন্ধ থাকায় তা চালু না করে এলোমেলোভাবে ছোড়া গোলা কোনো ক্ষতিই করতে পারেনি এসব বিমানের। কোনো রকম বাধাবিঘ্ন ছাড়া আবার সৌদি আরব ও জর্ডানের আকাশসীমা অতিক্রম করে নিরাপদে নিজেদের ঘাঁটিতে ফিরে এল বিমানগুলো। মোট ৩ ঘণ্টা ১০ মিনিট আকাশে উড্ডয়ন করতে হয়েছিল তাদের।

৩.

এই বিমান হামলায় একজন ফরাসি কারিগর নিহত হন। খ্রিষ্টান হওয়ার কারণে ফরাসি ও ইতালির বিজ্ঞানী, প্রকৌশলী ও কারিগরেরা রোববার সাপ্তাহিক ছুটি পালন করবে বিবেচনায় বেগিন এদিন হামলার জন্য বেছে নিয়েছিলেন, যেন তাঁদের কোনো ক্ষতি না হয়। তবে ইরাকের প্রচলিত সাপ্তাহিক ছুটি এরপর ২০ পৃষ্ঠায়



# উন্নত বিশ্বের চাওয়া-পাওয়া পাল্টে গেছে

> নিজের স্বার্থে বিনিয়োগের কয়েক গুণ বেশি লাভ না করতে পারলে কোনো অনগ্রসর অঞ্চলে তারা টাকা ঢালবে না। তবে পশ্চিমা পরাশক্তিরা ১০০ বছর পর কী দরকার হবে, সেটা মাথায় নিয়ে সবকিছু পরিকল্পনা করে। রাশিয়া-ইউক্রেন যে যুদ্ধ বেধেছে, এর মূল উদ্দেশ্য ছিল ইউক্রেনকে শক্তিধর রাষ্ট্রে পরিণত করে সেখানে পশ্চিমা শক্তি ভর করে কোনো এক সময় রাশিয়াকে ভেঙে দেওয়া, সাইবেরিয়া অঞ্চল আলাদা করা-আগেই উল্লেখ করেছি সেখানে আছে রেয়ার আর্থ মেটাল। হয়তো ৫০ বছর বা ১০০ বছর পরে, সেটা বিভিন্ন ছলেবলেকৌশলে পশ্চিমাদের চাই। অত্যাধুনিক সূক্ষ্ম দামি যন্ত্রপাতি তৈরিতে অবশ্যই দরকার হবে সেই ধরনের মেটালের। অপেক্ষার দিন গুনছি, কবে আমাদের সম্পদ আমরাই ব্যবহার করব। সে জন্য হয়তো দরকার দক্ষ ও যোগ্য নেতৃত্বের

আব্দুর রাজ্জাক



একসময় সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলো, বিশেষ করে ব্রিটেন, ফ্রান্স, স্পেন, ইতালি, আরও যত শক্তিধর রাষ্ট্র ছিল তারা ছোটখাটো দেশ দখল করে যেসব কাজ করত, কালের বিবর্তনে সেগুলোর ধরন পাল্টে গেছে। একসময় তারা আফ্রিকা, এশিয়া ও লাতিন আমেরিকার দেশগুলোর থেকে সস্তা শ্রম নিয়ে তাদের ইচ্ছেমতো কাজে লাগাত।

ব্রিটিশরা আমাদের দেশ দখল করে নীল চাষ থেকে শুরু করে লবণ চাষ পর্যন্ত করিয়েছে জনগণকে দিয়ে, তাদের স্বার্থের বিপরীতে কাজ করিয়ে সেগুলো উৎপাদন করে নিয়ে গেছে। সেই সময় জনমত উপেক্ষা করে চা-বাগান করেছে। অর্থাৎ স্থানীয় জনগণের চাহিদাকে কোনো সময়ই তারা মূল্য দেয়নি। বিভিন্ন দেশ দখল করে তারা মূল্যবান খনিজ সম্পদ নিয়েছে একসময়। তারপর তারা বিভিন্ন দেশ, বিশেষ করে মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে তেল নিয়েছে। পরবর্তীকালে আফ্রিকার বিভিন্ন দেশ থেকে মূল্যবান ধাতু, ইউরেনিয়ামসহ অন্যান্য খনিজ সম্পদ লুটে নেওয়ার ব্যবস্থা করেছে। দুই দশক আগে কোনো এক সময় সুদান থেকে শত শত বছরের পুরোনো কাঠ পর্যন্ত তারা নিয়ে গিয়েছে।

পৃথিবী পাল্টে যাচ্ছে, বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে প্রযুক্তির পরিবর্তন হয়েছে এবং হচ্ছে প্রতিনিয়ত। চাহিদাও বেড়ে যাচ্ছে নতুন নতুন পণ্যের। বর্তমান কম্পিউটারের যুগে যেসব ডিভাইস ব্যবহৃত হয়, তার যন্ত্রপাতি ব্যবহারে যেসব ধাতুসহ অন্যান্য দ্রব্যের দরকার হয়, তার সন্ধানে নেমেছে পশ্চিমা বিশ্বসহ আমেরিকা। দক্ষিণ আমেরিকার বিভিন্ন দেশে পশ্চিমাদের পণ্য উৎপাদনের জন্য বিভিন্ন দেশ থেকে শ্রমিক নিয়ে কাজ করিয়ে নিয়েছে। শ্রমিকদের বলেছে, তোমরা কাজের পারিশ্রমিক পাবে, এই পারিশ্রমিক দিয়ে ধীরে ধীরে সম্পদের মালিক হবে, জমির মালিক হবে।

এসব ফাঁকা বুলি শত শত বছর পুরোনো। কারণ, আগেও ব্যবসায়ীরা উৎপাদন করাত তাদের চাহিদা অনুসারে, আবার উৎপাদিত পণ্য তারাই কিনে নিত। এখানে শ্রমিকদের কোনো প্রতিবাদ করার উপায় ছিল না। সারা জীবন শ্রমিকেরা দাস হিসেবেই থেকে গেছে। দৃষ্টিনন্দন ছোট ছোট দেশের প্রাকৃতিক সৌন্দর্য এখনো ব্যবহার করে ওই সাম্রাজ্যবাদী গোষ্ঠী 'ট্যুরিস্ট স্পট' হিসেবে।



আসল কথা বলার আগে ছোট্ট একটি গল্প দিয়ে শুরু করি। ছোটবেলায় আবুল খায়ের মুসলেউদ্দিনের একটি ছোটগল্প পড়েছিলাম-'নীল গাইয়ের সন্ধানে'। গল্পটি বিশ্লেষণ করলে এই দাঁড়ায় যে, বনাঞ্চলে নীল গাই পাওয়া যায়, সেখানে পাহাড়ি জনগণ নির্দিষ্ট জামাকাপড় পরে এই নীল গাই শিকার করে যাতে। ভদ্রলোকদের মতো আধুনিক পোশাক পরে অস্ত্র নিয়ে শিকারে গেলে নীল গাই শিকার করা যায় না। অর্থাৎ, পরিবেশ ও কাজ অনুযায়ী মানানসই পোশাক ব্যবহার করতে হয়, সেই সঙ্গে কথাবার্তা, আচার-আচরণও পরিবেশ বুঝেই করতে হয়।

বর্তমান বিশ্বে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার হয়। এইসব প্রযুক্তি তৈরিতে বিভিন্ন ধরনের ধাতব পদার্থের প্রয়োজন। লোহা, তামা, সিসা, সোনা, অ্যালুমিনিয়াম-এইসব প্রচলিত ধাতুর পাশাপাশি সূক্ষ্ম ডিভাইস তৈরির জন্য 'রেয়ার আর্থ মেটাল' দরকার পড়ছে এখন। ১০০ বছর আগে হয়তো এইসব মেটালের তেমন একটা প্রয়োজন পড়ত না। বিজ্ঞান উন্নত হয়েছে, এখন স্যাটেলাইটের মাধ্যমে পৃথিবীর কোন অঞ্চলে কোন ধরনের ধাতু আছে, এটা মোটামুটি নির্ণয় করা যায়। আজ থেকে ৫০ বছর আগে ইউরেনিয়ামের জন্য পশ্চিমা বিশ্ব ও আমেরিকা হন্যে হয়ে আফ্রিকার বিভিন্ন অঞ্চল তাদের শক্তি প্রদর্শন করে অধিগ্রহণ করে নিয়েছে। ১০০ থেকে ১৫০ বছর আগে তারা এ রকমভাবেই উত্তোলন করে নিত সোনা ও প্লাটিনাম।

মোবাইল ফোন, কম্পিউটার, মহাকাশযান ও এর বিভিন্ন ডিভাইস বানানোর জন্য এবং চিকিৎসাবিজ্ঞানে ব্যবহৃত বিভিন্ন ধরনের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিংয়ে দরকার রেয়ার আর্থ মেটাল। এইসব মেটাল আছে সাইবেরিয়া, রাশিয়ার বিভিন্ন অঞ্চলে। আরও আছে চীনে, বিশেষ করে চীনের দক্ষিণ দিকটা-যার কিছুটা অঞ্চল পড়েছে মিয়ানমার এবং রাখাইনের মধ্যে। আধুনিক বিজ্ঞানীরা মোটামুটি নিশ্চিত হয়েছেন, এই রেয়ার আর্থ মেটালের ১২ শতাংশ আছে মিয়ানমারের দক্ষিণ দিকে অর্থাৎ বেশির ভাগ জায়গা হলো রাখাইনে। রাখাইনের ওপরে বিশ্বের পরাশক্তির এত তীক্ষ্ণ দৃষ্টির মূল কারণ এটাই।

এইসব অপ্রচলিত ধাতু অর্থাৎ রেয়ার মেটালের মধ্যে আছে ক্যাডমিয়াম, কোবাল্ট, নিকেল ইত্যাদি। এইসব মেটাল ওজনে হালকা হতে হবে, সঙ্গে খুবই মজবুত হতে হবে। অতি অল্প বিদ্যুৎও যেন এইসব মেটালের মধ্য থেকে পরিবাহিত হতে পারে নিখুঁতভাবে। যার গুণাগুণের ওপর ভিত্তি করে তৈরি হবে বিভিন্ন অত্যাধুনিক যন্ত্রপাতি। একটু ছোট, ব্যবহারযোগ্য, কিন্তু দামে অনেক বেশি। তাই তো বর্তমানে এই রেয়ার মেটালের কদর বেড়ে গেছে পশ্চিমাদের কাছে। হন্যে হয়ে পৃথিবীর এ-প্রান্ত থেকে ও-প্রান্ত পর্যন্ত খুঁজছে তারা।

কোনো জাতি, শক্তি বা পরাশক্তি কিংবা ক্ষমতাধর কোনো রাষ্ট্র বিনা লাভে কোনো কিছুতে বিনিয়োগ করে না। কোনো জাতিকে উন্নত করার জন্য,

এরপর ২৮ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

## কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

---

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# শান্তি, তুমি কোথায়

অজয় দাশগুপ্ত



কোথাও শান্তি নেই। ঢাকায় নেই, লন্ডনে নেই, ইরানে নেই। বাসে নেই, রেলগাড়িতে নেই, উড়োজাহাজে নেই। শুধু মৃত্যু, অপমান আর অশান্তি আছে।
আমাদের জীবনে সবচেয়ে মিসিং বিষয়টা হচ্ছে শান্তি। সত্যি কথা বলতে, গত কয়েক মাস ধরে ভালো থাকার আশায় পথ চাওয়া মানুষ এখন শান্তির জন্য মরিয়া। ভাবছেন, দেশের কথা বলছি? জি না। দুনিয়ার সব দেশের বাংলাদেশিদের চাওয়া এখন শান্তি।
দেশের জনগণ যা চায়, তা দিতে পারা চাট্টিখানি কথা নয়। দুনিয়ার কোনো দেশ বা সমাজ তা পারেনি। আমরা আমেরিকাকে এক নম্বর দেশ বলে জানি। বহু দেশের মেধাবী মানুষেরা সে দেশে গিয়ে তাদের মেধা আর শ্রমে আমেরিকা নির্মাণ করেছেন। কিন্তু আমেরিকায় দারিদ্র্য আর দরিদ্র দেখলে আপনার মাথা খারাপ হয়ে যাবে। কোনোভাবেই বলা যাবে না সে দেশে সবাই ভালো আছে। চীন এখন পরাশক্তি। সে দেশের সাধারণ মানুষের ভেতরেও দারিদ্র্যের প্রকোপ আছে। এমন করে আমরা সব দেশেই দরিদ্র মানুষ পাব, পাব অভাব-অনটন। কিন্তু কথা ওই একটাই- যখন বাংলাদেশের আর্থিক অবস্থা ভালো ছিল না, তখন আমরা যে শান্তি আর সহমর্মিতা দেখেছি, তা কি আজ আছে? মিডিয়ায় চোখ রাখলেই মব জাস্টিসের কাহিনি। গোড়ার দিকে এসব মেনে নেওয়া গেলেও এখন কি আসলেই তা আতঙ্কের কারণ হয়ে দাঁড়াচ্ছে না? যাঁরা আমাদের শান্তি দেবেন বা দিতে পারেন, তাঁরা জানেন কোথায় গলদ। কোথায় শান্তির চাবিকাঠি। তাঁরা যত তাড়াতাড়ি তা বের করে আনবেন, তত স্বস্তি লাভ করবে মানুষ। এ বিষয়ে মিডিয়ার ভূমিকাও জোরালো হওয়ার দরকার আছে।
জনসাধারণের ধারণা ও দৃষ্টিভঙ্গি গঠনে মিডিয়ার গভীর প্রভাব রয়েছে। শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টা, সহযোগিতা এবং সমাধানের ওপর জোর দেয় এমন ইতিবাচক বর্ণনাকে সক্রিয়ভাবে প্রচার করার মাধ্যমে মিডিয়া শান্তির সংস্কৃতিতে উল্লেখযোগ্যভাবে অবদান রাখতে পারে।



যখন মিডিয়া স্থিতিস্থাপকতা, সহানুভূতি এবং শান্তিপূর্ণ সমাধানের গল্পগুলোতে ফোকাস করে, তখন তা মানুষকে শান্তিপূর্ণ পদক্ষেপে জড়িত হতে উৎসাহিত করতে পারে। গণমাধ্যম বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক বিষয়ে জনমত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। লোকেরা কীভাবে জটিল বিষয়গুলো উপলব্ধি করে এবং বোঝে তা প্রভাবিত করার ক্ষমতা মিডিয়ার রয়েছে নিউজ রিপোর্টিং, ডকুমেন্টারি এবং মতামতের মাধ্যমে।
শান্তি না থাকলে আমাদের সমাজজীবন বা দেশ তো বটেই, দুনিয়ার কোথাও আমরা স্বস্তিতে থাকতে পারব না। পারব যে না, তার প্রমাণ এখন চোখের সামনে। আমরা নিশ্চয়ই তেমন দেশ বা সমাজ চাইনি, যা দিনরাত খালি হুমকি-ধমকি আর মারামারিতে লেগে থাকবে। পরাজিতরা আস্ফালন না করে মার্জনা চায় না। তারা দখলবাজি করে আসতে চায়। এ-ও এক অসুস্থ প্রবণতা।
গৌতম বুদ্ধের গল্পে পড়েছি, শান্তি এমন এক বস্তু বা বিষয়, যা ইগো, মেজাজ আর অধৈর্য থাকলে পাওয়া যায় না। এর সবগুলোই এখন টগবগ করছে। সবাই কেমন জানি অস্থির। নাটক ভালো না, গান ভালো না, সিনেমা ভালো না। এ ভালো না, ও ভালো না। তাহলে ভালো কী? ভালো কে? এমন করতে থাকলে তো সুকুমার রায়ের ছড়ার মতো 'কিন্তু সবার চাইতে ভালো পাউরুটি আর ঝোলা গুড়' বলেই দিন কাটাতে হবে।
একটি গল্পের কথা মনে পড়ল। মহাভারতের এই গল্প অনেকেরই জানা। অর্জুনপুত্র মহাবীর অভিমন্যু তখন তাঁর মা সুভদ্রার গর্ভে। অর্জুন পুত্রবতী পত্নীকে গল্প বলতেন। একদিন তিনি গুরু দ্রোণাচার্যের তৈরি করা চক্রব্যূহের গল্প শোনাচ্ছিলেন। ব্যূহ ভেদ করার অংশটুকু শুনেছিলেন, কিন্তু ব্যূহ থেকে বের হওয়ার গল্প শোনার আগেই ঘুমিয়ে পড়েছিলেন সন্তানসম্ভবা জননী সুভদ্রা। মাতৃগর্ভে সন্তান অভিমন্যু ওইটুকুই জানতেন। কুরুক্ষেত্রের মহারণে বীরের মতো যুদ্ধ করতে করতে চক্রব্যূহ ভেদ করলেও বের হতে পারেননি অভিমন্যু। সেখানেই তাঁকে বধ করে কৌরবেরা। শ্রেষ্ঠ যোদ্ধা অর্জুনপুত্রের এই পরিণাম স্মরণ করিয়ে দেয়, যেকোনো জালে ঢোকার
আগে বেরোবার পথ জানতে হয়। নয়তো পরিণাম ঠেকানো যায় না। এর মানে আপনি যে কাজেই নামুন না কেন, আগে জেনে নেবেন এর পরিণাম বা পরিত্রাণ কী, কীভাবে উদ্ধার সম্ভব। তা যদি না হয়, আপনি তো আটকালেনই, আপনাকে যারা বিশ্বাস করেছিল, তাদেরও আটকে থাকতে হবে। মানুষে মানুষে হানাহানি আর শিকারের প্রবণতা পুরোনো। আমরা তার খপ্পরে পড়ি বারবার। দিন শেষে সে একই মানুষ। সে কারণেই আজ শান্তির দরকার সবচাইতে অধিক। আপনি দেশের এবং দেশের বাইরের যেকোনো বাঙালিকে প্রশ্ন করে দেখুন, সবাই বলবে-আমরা আর কিছু চাই না, শুধু শান্তি চাই।
মহাত্মা গান্ধী বলতেন, চোখের বদলে চোখ চাইলে দুনিয়া একসময় অন্ধ হয়ে পড়বে। আমরা চোখ নয়, চাই দৃষ্টি। চাই শান্তিপূর্ণ বাঙালি জীবন।
লেখক: অস্ট্রেলিয়াপ্রবাসী কলামিস্ট।

আগে বেরোবার পথ জানতে হয়। নয়তো পরিণাম ঠেকানো যায় না। এর মানে আপনি যে কাজেই নামুন না কেন, আগে জেনে নেবেন এর পরিণাম বা পরিত্রাণ কী, কীভাবে উদ্ধার সম্ভব। তা যদি না হয়, আপনি তো আটকালেনই, আপনাকে যারা বিশ্বাস করেছিল, তাদেরও আটকে থাকতে হবে। মানুষে মানুষে হানাহানি আর শিকারের প্রবণতা পুরোনো। আমরা তার খপ্পরে পড়ি বারবার। দিন শেষে সে একই মানুষ। সে কারণেই আজ শান্তির দরকার সবচাইতে অধিক। আপনি দেশের এবং দেশের বাইরের যেকোনো বাঙালিকে প্রশ্ন করে দেখুন, সবাই বলবে-আমরা আর কিছু চাই না, শুধু শান্তি চাই। মহাত্মা গান্ধী বলতেন, চোখের বদলে চোখ চাইলে দুনিয়া একসময় অন্ধ হয়ে পড়বে। আমরা চোখ নয়, চাই দৃষ্টি। চাই শান্তিপূর্ণ বাঙালি জীবন

# শুধরাতে হবে আমলা ও জনপ্রতিনিধিকে

সাঈদ খান



১১ জুন পিরোজপুরের স্বরূপকাঠি উপজেলার বলদিয়া ইউনিয়ন বিএনপির আয়োজনে বলদিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্ট ২০২৫-এর ফাইনাল। টুর্নামেন্টে উপস্থিত ছিলেন বরিশাল বিভাগের পিরোজপুর জেলা ও স্বরূপকাঠি থানার প্রশাসনিক অঙ্গনের সম্মানিত ব্যক্তিরা। প্রধান অতিথি ছিলেন বরিশাল রেঞ্জের অতিরিক্ত ডিআইজি মো. নাজিমুল হক। বিশেষ অতিথি ছিলেন পিরোজপুর জেলার পুলিশ সুপার খান মুহাম্মদ আবু নাসের এবং সহকারী পুলিশ সুপার (নেছারাবাদ সার্কেল) সাবিহা মেহেবুবা। এছাড়াও সম্মানিত অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) রায়হান মাহমুদ এবং নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ মো. বনি আমিন।
I do, but I don't think about it that way. The talented women who paved the way have worked very hard to get where they are right now, so I have nothing but respect for them. However, rather than coming out to say that 'we are much more,' why don't we just show them? That's what I want to do.



## Salman Khan's joke about divorce, alimony goes viral ahead of Kapil Show premiere

Ajkal Desk

Ahead of the much-anticipated premiere, a clip featuring Salman making a tongue-in-cheek remark about modern-day divorces has gone viral on social media. In the viral snippet, Salman lightheartedly comments on changing relationship dynamics:

"Earlier, couples used to make sacrifices for each other, and there was a level of tolerance. Now, something as minor as a leg landing on someone at night or snoring can lead to a divorce," he said, drawing loud laughter from the live audience and show regulars Kapil Sharma, Archana Puran Singh, and Navjot Singh Sidhu. He added with a chuckle, "Divorces now happen over the smallest misunderstandings. And after it's over, the woman walks away with half the man's money." The clip has sparked a wave of reactions online, with many fans echoing Salman's humorous take on modern relationships, while others debated the sensitivity of such comments. On the professional front, Salman was last seen in Sikandar, an action thriller directed by AR Murugadoss, alongside Rashmika Mandanna, Kajal Aggarwal, Sharman Joshi, and Sathyaraj. He will next be seen playing Colonel B Santosh Babu in an upcoming film based on the 2020 Galwan Valley clash between Indian and Chinese forces. The film, directed by Apoorva Lakhia, is inspired by the book India's Most Fearless 3.

## একটি দলের অপমৃত্যু : এনসিপি এখন আমার সোনা বন্ধুরে, তুমি কোথায় রইলা রে!

৫ পৃষ্ঠার পর

রাজনীতিতে তর্ক হবে, কথার যুদ্ধ হবে। কিন্তু সেটা শালীনতা বজায় রেখে হবে। রাজনৈতিক দলগুলোর মধ্যে অধিকতর যুক্তিনির্ভর উন্নতি ও জনবান্ধব কর্মসূচি নিয়ে প্রতিযোগিতা হবে। কিন্তু আমরা ৫ আগস্টের পর দেখলাম বিএনপিকে লক্ষ্য করে অহেতুক আক্রমণ করা শুরু হলো। আওয়ামী লীগের সঙ্গে বিএনপির তুলনা শুরু হয়ে গেল। গত ১৫ বছরে বিএনপিও দমন, নির্যাতনের শিকার হয়েছে। তাদের নেতা-কর্মীদের বিরুদ্ধে দুই লাখের বেশি মামলা হয়েছে। আসামি ছিলেন ৩৬ লাখের বেশি। এই দলটির পাঁচ হাজার নেতা-কর্মী খুন হয়েছেন আওয়ামী লীগের হাতে। অথচ বলা হতে লাগল, বিএনপি আওয়ামী লীগের বিরুদ্ধে সফল হতে পারেনি। এটা বিএনপির একক ব্যর্থতা নয়। এটা আমাদের সম্মিলিত ব্যর্থতা। যেন কোনো কথা নেই, যেটা বিএনপিকে লক্ষ্য করে বলা হয়নি। এমনও বলা হয়েছে, মুজিববাদ ও জিয়াবাদ আর এই দেশে চলবে না। কিন্তু মজার বিষয় হচ্ছে, আওয়ামী লীগের লোকজন মুজিববাদের চর্চা করলেও দেশে জিয়াবাদ বলে কিছু নেই। বিএনপি জিয়াবাদ বলে কোনো রাজনীতির চর্চাও করে না। বিএনপি জিয়াউর রহমানের শুরু করা বাংলাদেশি জাতীয়তাবাদের রাজনীতি করে। এটা বহুপক্ষীয় রাষ্ট্রভিত্তিক পরিচয় নির্মাণের রাজনীতি। এখন কেউ যদি বাংলাদেশি জাতীয়তাবাদকে বাতিল করতে চায়, সেটা ভিন্ন কথা। তারা নতুন রাজনীতি শুরু করতে পারে। কিন্তু বাংলাদেশি জাতীয়তাবাদকে জিয়াবাদ বলা অন্তত বোকামি ও অজ্ঞতার পরিচয় বহন করে। পরিস্থিতি দেখে মনে হচ্ছে, তাদের উদ্দেশ্য হচ্ছে, যেকোনো প্রকারে বিএনপিকে কোণঠাসা করতে হবে। এটা করতে গিয়ে কোনো কোনো রাজনৈতিক গোষ্ঠী ও পক্ষ এবং তাদের নেতা-কর্মীরা যেন হিতাহিত জ্ঞান হারিয়ে ফেলেছেন।

অথচ ইউনূস সরকারের মদদে ছাত্রদের দিয়ে গঠিত এন সি পি নামক কিংস পার্টি কিংবা জামায়াতের যদি ক্ষমতায় যাওয়ার বিন্দুমাত্রও সম্ভাবনা থাকতো, তবে তারাই ৫ই আগস্টের পর ৩ মাসের মধ্যেই নির্বাচন চাইতো এবং সেটা আদায়ও করে নিতে সক্ষম হতো। তাই বিএনপি শুধু নির্বাচন, নির্বাচন করে বলে তাদের ওষ্ঠ উদ্ধার করাটা পুরোপুরি যুক্তিসংগত না। কারণ জনমত, গোয়েন্দা প্রতিবেদন, মাঠের বাস্তবতা সবকিছুই দলটির পক্ষে। এই অবস্থায় দলটি নির্বাচনের জন্য উন্মুখ হয়ে থাকবে সেটাই স্বাভাবিক। তাদের জায়গায় অন্য কেউ থাকলে তারাও একই কাজ করতো। ক্ষমতার স্বাদ নিতে শুধু বিএনপিই পাগল হয়ে আছে আর বাকিরা এই ব্যাপারে একেবারে সাধু-সন্ন্যাসী টাইপ, এমনটা ভাবার কোনও অবকাশ নাই। অনেক দিন ধরেই অত্যন্ত সুকৌশলে এমন একটি আবহ তৈরির অপচেষ্টা চলছে, যেখানে নির্বাচন অনুষ্ঠানের দাবি করাটাই যেন অপরাধ। অথচ নির্বাচন অনুষ্ঠান নিয়ে এসব অনাস্থাসূচক বক্তব্য পলাতক স্বৈরাচারকে বরং আনন্দ দেয়। তাই গণতান্ত্রিক প্রক্রিয়ায় শুধু নির্বাচন চাওয়াটা কোনভাবেই একটা দলের অপরাধ হতে পারে না। আর এটা নিয়ে তাদের ক্রমাগত বুলি বা ট্রল করা অন্যায়। তারা আবার ভোট বয়কটের হুমকিও দিচ্ছে। ভোট হলেই বিএনপি আসবে-এ ধরনের যুক্তি দেখিয়েই শেখ হাসিনা ফ্যাসিবাদ কায়েম করেছিলেন। তাই রাজনীতি একদিকে সহজ, আবার অন্যদিকে এক কঠিন কাজ। এটা নির্ভর করে কে কীভাবে রাজনীতি করে। কেউ যদি সহজ রাজনীতির পথ পরিহার করে অহেতুক কুটিল ও ষড়যন্ত্রের রাজনীতি করে, তবে তারা নিজেরাই রাজনীতি থেকে হারিয়ে যায়। আওয়ামী লীগ ও জাসদ আমাদের সামনে রাজনীতি থেকে হারিয়ে যাওয়ার সবচেয়ে বড় উদাহরণ। নূতন প্রজন্মের এন সি পি দলটিও যেন আওয়ামী লীগ ও জাসদেরই পথ অনুসরণ করে অপমৃত্যুর দিকেই ধাবিত হচ্ছে।

লেখক: নিউজ এডিটর, দি নিউজ টাইমস, বাংলাদেশ।

## নো আ. লীগ নো ইলেকশনের শ্লোগানে সভা

৬৪ পৃষ্ঠার পর

তারা এ সমাবেশ করে। এ সভায় শ্লোগান ছিল ' নো আওয়ামী লীগ, নো ইলেকশন'। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। পরিচালনা করেন সাধারণ সম্পাদক আব্দুল সামাদ আজাদ। বক্তব্য রাখেন আওয়ামী লীগ ডা. মাসুদুর রহমান, নেতা ইমদাদ চৌধুরী, শাহানা সিদ্দিক ও মোঃ হামিদ সহ অনেকে।

বক্তারা সরকার প্রধান ড. ইউনূসকে স্বাধীনতা বিরোধী বলে আখ্যায়িত করেন। তার নেতৃত্বে বাংলাদেশে রাজাকার আলবদরদের উত্থান চলছে। হাজার হাজার আওয়ামী লীগের নেতাকর্মীদের হত্যা ও গ্রেফতার করা হচ্ছে। আমরা নেত্রীর নির্দেশের অপেক্ষায় আছি। তিনি নির্দেশ দিলেই সরকার পতনের আন্দোলনে আমরা ঝাঁপিয়ে পড়বো। আওয়ামী লীগ ছাড়া কোন নির্বাচন দেশবাসি মেনে নেবে না বলে বক্তারা উল্লেখ করেন।

## ইরানে ইসরায়েলের হামলায় ফিরে আসছে অপারেশন ব্যাবিলনের স্মৃতি

৬ পৃষ্ঠার পর

শুক্রবারেই তাঁদের ছুটি পালন করতেন, যা ইসরায়েলিদের জানা ছিল না। অবশ্য যখন হামলা হয়, তার আগে প্রায় সবাই কর্মক্ষেত্র ত্যাগ করেছিলেন। ক্ষিপ্ত-রাগান্বিত সাদ্দাম হোসেন আকাশ প্রতিরক্ষার দায়িত্বে নিযুক্ত কমান্ডার ও তাঁর অধীনস্থ মেজর পদের ওপরের সব কর্মকর্তাকে মৃত্যুদণ্ড দেন। আরও ২৩ জন কর্মকর্তা ও পাইলটকে কারাগারে পাঠানো হয়।

ইরাকে হামলার ঘটনাটি পরদিন প্রকাশিত হলে বিশ্বজুড়ে বেশ হইচই পড়ে যায়। নিউইয়র্ক টাইমসের সম্পাদকীয়তে একে 'অমার্জনীয় ও অদূরদৃষ্টিসম্পন্ন আগ্রাসন' হিসেবে আখ্যায়িত করা হয়। যুক্তরাষ্ট্র সাময়িকভাবে ইসরায়েলে এফ-১৬ সরবরাহ বন্ধ করে। জাতিসংঘের তৎকালীন মহাসচিব কুর্ট ওয়াল্ডহেইম একে 'আন্তর্জাতিক আইনের স্পষ্ট লঙ্ঘন' হিসেবে অভিহিত করেন। নিরাপত্তা পরিষদ কঠোর ভাষায় এ হামলার নিন্দা জানায়।

৪. ওই হামলার ফলে ইসরায়েলের অভ্যন্তরে বেগিন রাজনৈতিক বিপর্যয় থেকে রক্ষা পান। জুন মাসেই ছিল ইসরায়েলের নির্বাচন, যেখানে তাঁর শক্ত প্রতিদ্বন্দ্বী হয়ে উঠেছিলেন লেবার পার্টির নেতা শিমন পেরেজ। নির্বাচনে লিকুদ পার্টির বেগিন জয়লাভ করেন। প্রতিরক্ষামন্ত্রী এজার ওয়াইজম্যান এ রকম কোনো অভিযানের বিরুদ্ধে অবস্থান নিয়েছিলেন। তবে বেগিন সমর্থন পান তাঁর মন্ত্রিসভার কৃষিমন্ত্রী আরিয়েল শ্যারন (যিনি পরে প্রতিরক্ষামন্ত্রী হন), পররাষ্ট্রমন্ত্রী আইজ্যাক শামির, সশস্ত্র বাহিনীর চিফ অব স্টাফ লেফটেন্যান্ট জেনারেল রাফায়েল এইটান এবং বিমানবাহিনীর প্রধান ডেভিড আইভরি। ওয়াইজম্যান পদত্যাগ করলে বেগিন নিজে কিছুদিন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করে শ্যারনের হাতে এর ভার ছেড়ে দেন।

মূলত ১৯৭৮ সাল থেকেই ওসিরাকে হামলা চালানোর পরিকল্পনা শুরু করেন বেগিন। ১৯৮০ সালের অক্টোবরে গোপনে মন্ত্রিসভায় এ হামলা পরিকল্পনা অনুমোদন করা হয়। তার আগে জুলাই মাস থেকে মন্ত্রিপরিষদে ইরাকের পারমাণবিক বোমা তৈরির বিষয়টি আলোচনায় আনা হয়। এটাও বলা হতে থাকে যে ইসরায়েল প্রয়োজনে এই হুমকি মোকাবিলায় হামলা চালাবে। শেষ পর্যন্ত তা-ই হয়েছে: 'অপারেশন অপেরা' সাংকেতিক নাম ব্যবহার করে এই অভিযান সম্পন্ন করা হয়, যা 'অপারেশন ব্যাবিলন' নামেও পরিচিত।

৫. ৪৪ বছর পর বেগিনের মতোই কট্টরপন্থী প্রধানমন্ত্রী নেতানিয়াহু ১৩ জুন ইরানের পারমাণবিক ও সামরিক স্থাপনায় হামলা চালানোর নির্দেশ দেন। ২০০টি জঙ্গি বিমান দুই দফা হামলা করে ইরানের ব্যালিস্টিক মিসাইল কারখানাগুলো ধ্বংস করে দেয় এবং নাতানজ ও ফরদোতে পারমাণবিক স্থাপনার ব্যাপক ক্ষতি সাধন করে। এ ছাড়া ইরানের হামলায় দেশটির সেনাপ্রধান ও ইসলামিক রেভল্যুশনারি গার্ডের প্রধানসহ কয়েকজন জ্যেষ্ঠ সামরিক কমান্ডার নিহত হন। ইসরায়েলের হামলায় ইরানের কয়েকজন পরমাণুবিজ্ঞানীও নিহত হয়েছেন। এরপর অবশ্য ইরান পাল্টা আঘাত হেনেছে ইসরায়েলে ড্রোন ও মিসাইল ছুড়ে। পাল্টাপাল্টি হামলা চলছে, যাতে ইরানের ক্ষয়ক্ষতির মাত্রা অনেক বেশি। কয়েক বছর ধরে এ হামলা চালানোর পরিকল্পনা ও প্রস্তুতি নেওয়া হয়েছিল। বিভিন্ন সময় হামলা করার হুমকি দেওয়া হয়। এবার ইসরায়েল তা বাস্তবে রূপ দিল।

৬. অপারেশন ব্যাবিলনের ২৬ বছর পর ২০০৭ সালের ৬ সেপ্টেম্বর ইসরায়েল একই রকম হামলা চালিয়ে সিরিয়ার আণবিক কর্মসূচি স্থাপনা ধ্বংস করে দেয়। তবে সিরিয়ার সরকার কখনোই স্বীকার করেনি যে কোনো ধরনের পারমাণবিক কর্মসূচি তারা নিয়েছিল। তবে ইসরায়েলি হামলায় সামরিক স্থাপনার ক্ষতি হয়েছে বলে জানিয়েছিল। ইসরায়েল ২০১৮ সালে আনুষ্ঠানিকভাবে সিরিয়ায় এই হামলার কথা স্বীকার করে তার বিস্তারিত প্রকাশ করে। আবার ইরাকের ওসিরাকে ইসরায়েলি হামলার বছরখানেক আগে ইরান ছোটখাটো হামলা চালিয়ে কিছু ক্ষতিসাধন করেছিল। বস্তুত হামলা চালালে পারমাণবিক তেজস্ক্রিয়তা ছড়িয়ে পড়তে পারে, আশঙ্কায় ওসিরাক রিঅ্যাক্টরে আঘাত করেনি ইরানি জঙ্গি বিমান। কাজটা পরে সম্পন্ন করে ইসরায়েল। আর ১৯৯১ সালে অপারেশন 'ডেজার্ট স্টর্ম'-এর সময় মার্কিন বাহিনী ওসিরাকে হামলা চালিয়ে ওখানে যা অবশিষ্ট ছিল, তা গুঁড়িয়ে দেয়। ইসরায়েলের ইরাক অভিযানে সবচেয়ে বেশি উদ্বিগ্ন হয়েছিল ভারত। পাকিস্তানের কাহুতায় অবস্থিত পারমাণবিক স্থাপনায় একই কায়দায় আঘাত হানার চিন্তা শুরু হয়। পাকিস্তানের পারমাণবিক অস্ত্রভান্ডার গড়ে তোলার প্রয়াসে ভারতের চেয়ে ইসরায়েলই বেশি চিন্তিত হয়ে পড়েছিল। ১৯৭৯ সালে ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচারকে লেখা চিঠিতে ইসরায়েলি প্রধানমন্ত্রী তাঁর উদ্বেগ জানিয়ে বলেন, পাকিস্তান ও লিবিয়া মিলে আণবিক অস্ত্র বানাচ্ছে। অপারেশন ব্যাবিলনের সাফল্য ইসরায়েলকে প্রবল আত্মবিশ্বাসী করে তোলে। সে ভারতকে পাকিস্তানে হামলার জন্য সব রকম সহযোগিতার আশ্বাস দেয়। সেই সময় প্রধানমন্ত্রী ছিলেন ইন্দিরা গান্ধী। ভারত-ইসরায়েল যৌথভাবে এ হামলা করবে বলে ঠিক হয়। গুজরাটের জামনগর বিমানঘাঁটিকে প্রাথমিকভাবে বেছে নেওয়া হয় অভিযানের জন্য জঙ্গি বিমান ওড়াতে। আর উধমপুর ঘাঁটিকে নির্ধারণ করা হয় জ্বালানি পুনর্ভরণের জন্য।

১৯৮৪ সালের মার্চ মাসে ইন্দিরা এ বিষয়ে সম্মতি দেন; তার আগে অবশ্য বাতাসে কথা ছড়িয়ে পড়ে যে পাকিস্তানের পারমাণবিক স্থাপনায় হামলা করতে যাচ্ছে ভারত। সে সময় অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় এক আন্তর্জাতিক সম্মেলনে পাকিস্তানের একজন পরমাণুবিজ্ঞানী ভারতের আণবিক শক্তি কমিশনের প্রধান রাজা রামান্নাকে এই বলে সতর্ক করেন যে ভারত কাহুতায় হামলা করলে পাকিস্তান ট্রম্বেতে ভারতীয় পারমাণবিক কেন্দ্রে পাল্টা আঘাত হানবে। তারপরও ভারত সরকার তাদের পরিকল্পনা এগিয়ে নিতে থাকে। হঠাৎ হামলা চালিয়ে যথাসম্ভব ব্যাপক ক্ষয়ক্ষতি ধ্বংস করাই ছিল এর উদ্দেশ্য। সে কারণে ইসরায়েলের সহযোগিতায় গোপনে প্রস্তুতি চলতে থাকে।

কিন্তু এ ধরনের খবরে মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগান ভারতকে সতর্ক করেন হামলা-পরবর্তী পরিস্থিতির জন্য। মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএ গোপনে পাকিস্তানকে ভারতের পরিকল্পনা সম্পর্কে আভাস দেয়। সে সময় যুক্তরাষ্ট্রের এবিসি টেলিভিশনে প্রচারিত এক খবরে কাহুতায় ভারতীয় হামলার পরিকল্পনার কথা ফাঁস করা হয়। পরিস্থিতি গুরুতর আঁচ করতে পেরে পাকিস্তান কাহুতার আশপাশে সামরিক প্রতিরক্ষা জোরদার করে। পাশাপাশি যুক্তরাষ্ট্র থেকে পাওয়া এফ-১৬ দিয়ে ভারতে পাল্টা হামলা চালাবে বলে জানান দেয়।

এমতাবস্থায় ইন্দিরা গান্ধী কাহুতা অভিযানের সিদ্ধান্ত থেকে পিছু হটেন। এর কিছুদিন পর তিনি দুই শিখ দেহরক্ষীর গুলিতে নিহত হন ১৯৮৪ সালের ৩১ অক্টোবর। ভারতীয়দের কেউ কেউ বিশেষত বিজেপির নেতা-কর্মী ও সমর্থকেরা মনে করেন, ১৯৮৪ সালে ইন্দিরা মারাত্মক ভুল করেছেন। তাঁরা এটাও মনে করেন যে মোদির উচিত হবে ইসরায়েলি সহযোগিতায় পাকিস্তানের আণবিক স্থাপনায় হামলা চালানো। ইসরায়েল গত শুক্রবার থেকে ইরানে হামলা চালানো শুরু করার পর তাঁদের মধ্যে এ দাবি ও উত্তেজনা জোরদার হয়েছে।

লক্ষণীয় হলো, ১৯৮৮ সালে ভারত ও পাকিস্তান দ্বিপক্ষীয় এক চুক্তিতে উপনীত হয়; যার মূলকথা হলো, এক দেশ অন্য দেশের পারমাণবিক স্থাপনায় হামলা করবে না। এই চুক্তির অংশ হিসেবে প্রতি বছরের ১ জানুয়ারি ইসলামাবাদ ও নয়াদিল্লি নিজ নিজ দেশের পারমাণবিক স্থাপনার তালিকা পরস্পরের সঙ্গে বিনিময় করে আসছে। বর্তমান ভূরাজনৈতিক প্রেক্ষাপটে ভারত-পাকিস্তানের এ রকম 'সমঝোতা' কত দিন বহাল থাকবে, তা নিয়ে এরই মধ্যে প্রশ্ন ওঠা শুরু হয়েছে।

(তথ্যসূত্র: এয়ারফোর্স ম্যাগাজিন, এপ্রিল ২০১২; দ্য ওয়ারফেয়ার হিস্ট্রি নেটওয়ার্ক, দ্য ইকোনমিক টাইমস ও টাইমস অব ইন্ডিয়া)

আসজাদুল কিবরিয়া: সাংবাদিক।

## বাংলাদেশ আবারো দুর্নীতিবাজ আর মৌলবাদের নিয়ন্ত্রণে চলে যাচ্ছে?

৫ পৃষ্ঠার পর

বাতিল করেছে। সংস্কারের নামে গোটা বাংলাদেশকে বদলে ফেলার পথে হাঁটছে, আমাদের স্বাধীনতাকে বিলীন করার জন্য ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চেতনাকে বিতর্কিত করার জন্য ২৪ এর সন্ত্রাসকে দিয়ে পাঁয়তারা করার চেষ্টা করছে। ২৪ এর সন্ত্রাসকে রাষ্ট্রীয় স্বীকৃতি দেয়ার জন্য নতুন সনদ রচনার পাঁয়তারা করছে। আমাদের সংবিধান পরিবর্তন করে পাকিস্তানি জাতীয়তাবাদে বিশ্বাসী সংবিধান রচনার চেষ্টা চলছে, আমাদের জাতীয় সংগীত বদলানোর ঘৃণ্য চেষ্টা চলছে, এরই মধ্যে জঙ্গিদের নিয়ে রাজনৈতিক দল গঠন করানো হয়েছে -তাদের স্বপ্ন দেখানো হয়েছে তাদের রাষ্ট্র ক্ষমতায় বসিয়ে দেবেন, কাউকে আবার প্রধানমন্ত্রী বানানোর স্বপ্নও দেখিয়েছেন। আর এটি কাল হয়ে দাঁড়িয়েছে ড. ইউনূসের জন্য, বিএনপি এটি মানতে রাজি নয় -এবার বিএনপি আবার সারাদেশে নতুন করে সন্ত্রাস শুরু করেছে - হত্যা, ধর্ষণ, মারামারি, অগ্নিসংযোগ শুরু করেছে যেটি তাদের পুরনো ঐতিহ্য।

এবার মিত্র ডক্টর ইউনূসের মুখোমুখি দাঁড়িয়েছে -তারা প্রশাসনের বিভিন্ন জায়গায় নিজেদের ভাগ বসিয়েছে, যেমন -জোর করে চট্টগ্রামের মেয়র পদ বাগিয়ে নিয়েছে, ঢাকার মেয়রের পদ বাগিয়ে নিতে চাইলেও ড. ইউনূস বেঁকে বসেছে -ঝুলিয়ে রেখে সেটি আর দেওয়া হয়নি। এবার বিএনপি নগর ভবন দখল করে রেখেছে -মেয়রের চেয়ার দখল করার জন্য, একপর্যায়ে ঘোষণা দিয়েছে জোর করে শপথ পাঠ করে চেয়ারে গিয়ে বসবেন। কিন্তু কোন সম্ভাবনা নাই মেয়রের চেয়ার দখলের, জঙ্গি সংগঠন এনসিপি ঘোষণা দিয়েছে - তারা আন্দোলন করেছে নিজেরা ক্ষমতায় থাকার জন্য, অন্য কাউকে ক্ষমতায় বসানোর জন্য নয়। এবার বিএনপি নতুন কৌশল নিয়েছে - তারা জঙ্গিদের ক্ষমতার অংশীদার করতে চায় না - তারা জঙ্গিদের প্রতিহত করতে চায় - আর এটি করতে গিয়ে দুপক্ষ আবার ঝগড়া বিবাদ মারামারিতে লেগে গেছে। বিএনপি নেতারা নির্বাচনের দাবিতে খুব উচ্চস্বরে কথা বলছে - তারা সহসা নির্বাচন চায় এবং তারা মনে করে জনগণ তাদের ক্ষমতায় বসিয়ে দেবেন।

বিএনপি'র দাবিকে সরকার গ্রাহ্য করছে না, বরং নতুন কৌশল নিয়েছে সরকার - তাদেরকে আশ্বস্ত করতে বারবার বৈঠক করছেন - আর আশার বাণী শোনাচ্ছেন ড. ইউনূস। বিএনপি সেটা বুঝতে পেরে একবার আন্দোলনের ভয় দেখায় আবার পিছু হটে। বিএনপি নেতা বলেছেন -(সামসুজ্জামান দুদু) বিএনপি'র প্রস্রাবের তোড়ে এন সি পি ভেসে যাবে। এদিকে বেগম জিয়া অবস্থা বেগতিক বুঝতে পেরে ড. ইউনূস এর সাথে সংযত আচরণ করার জন্য নেতাকর্মীদের নির্দেশ দিয়েছেন। এদিকে লন্ডনে বসে পলাতক তারেক রহমান যিনি কনভিকটেড ক্রিমিনাল ও দণ্ডপ্রাপ্ত সন্ত্রাসী -হুংকার ছাড়ছেন প্রতিদিন নির্বাচনের রোডম্যাপ ঘোষণার দাবিতে আর দুহাত নেড়ে নেড়ে জাতিকে জ্ঞান বিতরণ করছেন যা দেখে মনে হয় গোটা দেশ তার নিয়ন্ত্রণে আর তিনি যা বলবেন তাই হবে -তবে সেটি সরকার মোটেই পাত্তা দিচ্ছে না সেটাও তারেক রহমান বুঝতে পারছেন। ডক্টর ইউনূস হয়তো বুঝতে পেরেছেন বাংলাদেশের অস্তিত্ব বিলীন করতে হলে অথবা এটিকে জঙ্গি মৌলবাদী এবং একটি ব্যর্থ রাষ্ট্র বানাতে হলে তার একার পক্ষে সম্ভব নয় তাছাড়া আওয়ামী লীগকে নির্বাচনের বাইরে রেখে দেশের নির্বাচন করিয়ে নেয়াটা খুব সহজ হবে না।

তাই হয়তোবা তিনি মনে করেছেন দেশে একটা লোক দেখানো যেনতেন নির্বাচন করবেন - সেখানে বিএনপি, জামাত, এন সি পিকে দিয়ে আসন ভাগাভাগি করে স্বাধীন বাংলাদেশের অস্তিত্ব বিলীন করে এদেশকে জঙ্গি তালেবানি রাষ্ট্র বানানোর কাজটি সম্পন্ন করবেন। এরই মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের যে শর্ত দিয়ে ইউনূসকে ক্ষমতায় বসিয়েছেন যেমন - রোহিঙ্গাদের বাংলাদেশের চিরস্থায়ী বন্দোবস্ত করে দিতে হবে, আরাকান আর্মিকে সহযোগিতা করিডোর দিতে হবে যে করিডোর দিয়ে রোহিঙ্গাদের জন্য ত্রাণ পাঠানো হবে এবং আরাকান আর্মিকে অস্ত্র সরবরাহ করবে বার্মার জান্তা সরকার ও আর্মির সাথে যুদ্ধ করার জন্য -যাতে আমেরিকা বিশাল অংকের অস্ত্র বিক্রি করতে পারবে। সেন্ট মার্টিনে নিজেদের সামরিক ঘাটি স্থাপন নিশ্চিত করে, পার্বত্য অঞ্চলের কিছু অংশ নিয়ে যেন খ্রিস্টান রাষ্ট্র গঠনের প্রক্রিয়া সহজতর হয়।

## শুধরাতে হবে আমলা ও জনপ্রতিনিধিকে

১০ পৃষ্ঠার পর

আমলারা জনগণের করের টাকায় নিযুক্ত কর্মচারী। সেবাদানই যাদের দায়িত্ব, তাদের আচরণে যদি ক্ষমতার দম্ভ প্রকাশ পায়, তবে গণতন্ত্রের মূল ভিত্তিই দুর্বল হয়ে পড়ে। বাস্তবে এমন নজিরও রয়েছে-কোনো আমলাকে 'স্যার' না বলায় তিনি অপমানিতবোধ করেছেন। অথচ সম্মান আদায় হয় আচরণ দিয়ে, ভয় দেখিয়ে নয়। আমলা হওয়া অবশ্যই কৃতিত্বের বিষয়; কিন্তু সে কারণে জনগণকে অবমূল্যায়নের অধিকার কারও নেই। গণতান্ত্রিক সংস্কৃতিতে যেখানে নাগরিকের মর্যাদা সর্বোচ্চ, সেখানে একজন আমলার মুখ থেকে 'স্যার' শব্দটি সাধারণ মানুষের প্রতি উচ্চারিত হওয়া উচিত সম্মানের স্বীকৃতি হিসেবে। আমলাদের বোঝাতে হবে-তারা শাসক নন, জনগণের সেবক!

১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ পাকিস্তানি আমলাতান্ত্রিক কাঠামো উত্তরাধিকার সূত্রে পায়। যদিও ১৯৭২ সালের সংবিধানে গণতান্ত্রিক প্রশাসনিক কাঠামোর ভিত্তি স্থাপন করা হয়, তবুও আমলাতন্ত্র ঔপনিবেশিক শাসন কাঠামোর ধারা বহন করে। সময়ের সঙ্গে সঙ্গে আমলাতন্ত্রে দুর্নীতি, স্বজনপ্রীতি ও অদক্ষতা বৃদ্ধি পেয়েছে, যা প্রশাসনিক জটিলতা সৃষ্টি করছে। আমলাতন্ত্রের দর্শন মূলত ম্যাক্স ওয়েবারের বর্ণিত আইনগত-নৈতিক কর্তৃত্বের ধারণার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। তার মতে, আমলাতান্ত্রিক ব্যবস্থা গঠিত হয় সুস্পষ্ট নিয়ম, নির্দিষ্ট দায়িত্ব বণ্টন এবং পেশাদারির ভিত্তিতে। আমলাতন্ত্রের কারকারিতা ও জবাবদিহিতা নিশ্চিত করা গেলে এটি একটি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাকে শক্তিশালী করতে পারে।

কোনো কোনো ক্ষেত্রে গণতন্ত্র ও আমলাতন্ত্রের সম্পর্ক দ্বন্দ্বপূর্ণ হলেও একে অপরের পরিপূরক। গণতান্ত্রিক সরকার, অর্থাৎ নির্বাচিত প্রতিনিধিরা নীতিনির্ধারণ করে আর আমলাতন্ত্র তা বাস্তবায়ন করে। তবে বাংলাদেশে আমলাতন্ত্র প্রায়ই রাজনৈতিক প্রভাব ও ক্ষমতার কেন্দ্রীভূতের ফলে গণতান্ত্রিক কাঠামোর সঙ্গে সমন্বয় করতে ব্যর্থ হয়-এজন্য জনবিচ্ছিন্ন রাজনৈতিক নেতা বা নির্বাচিত প্রতিনিধি দায়ী। জনবিচ্ছিন্ন নেতারা কখনোই জনগণের স্বার্থ রক্ষা করেন না বরং নিজের স্বার্থকে গুরুত্ব দেন। এর ফলে রাষ্ট্র আমলাদের দুর্নীতির সুযোগ দিয়ে ক্ষমতা দীর্ঘস্থায়ী করে, যা জনগণের বিপক্ষে যায়। শেষ পর্যন্ত এসব পদক্ষেপ রাষ্ট্র ও শাসককে স্বৈরাচারী করে ফেলে।

নির্বাচিত সরকার নীতিনির্ধারণ করলেও সেই নীতির বাস্তবায়ন আমলাতন্ত্রের ওপর নির্ভরশীল। দক্ষ প্রশাসন ছাড়া গণতান্ত্রিক সিদ্ধান্ত কার্যকর হয় না। আইনের শাসন প্রতিষ্ঠায় নিরপেক্ষ আমলাতন্ত্র অপরিহার্য, পক্ষপাত ও দুর্নীতি গণতন্ত্রকে দুর্বল করে। গণতন্ত্র টেকসই করতে আমলাতন্ত্রের স্বচ্ছতা জরুরি। তথ্য জানার অধিকার, দুর্নীতি প্রতিরোধ ও কার্যকর সেবাদানের জন্য দক্ষ প্রশাসন প্রয়োজন। ক্ষমতার বিকেন্দ্রীকরণ নিশ্চিত হলে স্থানীয় সরকার শক্তিশালী হয় এবং জনগণ সরাসরি সেবা পায়। স্থিতিশীল প্রশাসনিক কাঠামো সরকার পরিবর্তনের সময় নীতিগত ধারাবাহিকতা বজায় রাখতে সাহায্য করে। অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করতে কার্যকর আমলাতন্ত্র প্রয়োজন।

নাগরিকদের অধিকার সুরক্ষা আমলাতন্ত্রের মৌলিক দায়িত্ব। মানবাধিকার, বাকস্বাধীনতা ও সমান সুযোগ নিশ্চিত করতে নিরপেক্ষ প্রশাসন অপরিহার্য। দুর্নীতির ফলে আইনের শাসন ও ন্যায়বিচার ব্যাহত হয়। জনগণের মতামত অপ্রাসঙ্গিক হয়ে পড়লে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো দুর্বল হয় এবং সামাজিক অস্থিরতা বাড়ে। জনবিচ্ছিন্ন শেখ হাসিনার আমলাতন্ত্র তাকে স্বৈরাচার ও ফ্যাসিস্ট হিসাবে গড়ে তুলতে ভূমিকা রেখেছে। ক্ষমতার কেন্দ্রীভূত, আইনের শাসন দুর্বল করা, মিডিয়া ও বিরোধী দল দমন, জনগণের আস্থা ধ্বংস এবং সামাজিক ন্যায়বিচার খর্বের মাধ্যমে এটি সম্ভব হয়েছে। দুর্নীতির মাধ্যমে শেখ হাসিনার স্বার্থরক্ষা ও আইনের প্রয়োগে পক্ষপাতিত্ব তাকে আইনের ঊর্ধ্বে রাখে, যা স্বৈরাচার ও ফ্যাসিবাদের বৈশিষ্ট্য। গণতন্ত্রের সার্থকতা তখনই নিশ্চিত হয়, যখন রাষ্ট্রের প্রশাসনিক কাঠামো ও রাজনৈতিক নেতৃত্ব জনগণের কল্যাণে নিবেদিত থাকে। কিন্তু বাস্তবতায় আমলা ও জনপ্রতিনিধিদের অনেকেই যেন জনগণের সেবক নয়, বরং প্রভুর ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। আমলাতন্ত্র হয়ে উঠেছে দুর্বলচিত্তের প্রতিধ্বনি, আর জনপ্রতিনিধিরা অনেক সময় দলীয় আনুগত্য ও ব্যক্তিস্বার্থে ব্যস্ত থেকে জনগণের কণ্ঠস্বর থেকে বিচ্যুত হচ্ছেন। এ অবস্থায় সাধারণ মানুষের ভোগান্তি বাড়ছে, গণতন্ত্র হারাচ্ছে প্রাণ, আর রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো হয়ে পড়ছে জনবিচ্ছিন্ন। তাই আমলা ও জনপ্রতিনিধিকে শুধরাতেই হবে-তাদের মানসিকতায় আনতে হবে আমূল পরিবর্তন, ফিরিয়ে আনতে হবে দায়িত্ববোধ, স্বচ্ছতা ও জবাবদিহিতা। গণতন্ত্র কেবল নির্বাচন নয়, এটি প্রতিদিনের শাসন ও সেবায় ন্যায়বিচার। এ ন্যায়ের পথে ফিরতে হলে প্রশাসন ও রাজনীতিকে মানবিকতা ও নৈতিকতার সঙ্গে পুনরায় প্রতিস্থাপন করতে হবে।

সাঈদ খান : সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষক; সাংগঠনিক সম্পাদক, ডিইউজে।

## ভালো গণতন্ত্রের জন্য কি আশাবাদী হওয়া যায়

১২ পৃষ্ঠার পর

গেলেই যথেষ্ট, গণতন্ত্র ইলাস্ট্রেটেড কারোর মাথাব্যথার কারণ নয়। রাজনৈতিক দলগুলো গণতন্ত্রের নামে 'খেল খেল' খেলছে। অনেকটা কচি শিশুদের পুতুলের বিয়ে দেওয়ার মতো। আসলে প্রকৃত গণতন্ত্র কারোর কাম্য কিনা সেটাই প্রশ্ন। সম্প্রতি 'রাষ্ট্রের গণতান্ত্রিক রূপান্তর যেভাবে হতে পারে' শিরোনামে একটি গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকটির আলোচনার সারসংক্ষেপ করতে গিয়ে প্রতিবেদক লিখেছেন, 'জুলাই গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে রাষ্ট্রের গণতান্ত্রিক রূপান্তর, কাঠামোগত পরিবর্তনের বিশাল আকাঙ্ক্ষা ও সম্ভাবনা তৈরি হয়েছিল। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে সে পরিবর্তনের সম্ভাবনা ক্রমেই কমে আসছে। তবু এখন প্রতিষ্ঠানগুলোকে সংস্কারের মাধ্যমে গণতান্ত্রিক রূপান্তরের পথে এগিয়ে যেতে হবে। গোলটেবিল বৈঠকে বক্তাদের কেউ কেউ বলেন, গণতন্ত্র মানেই নির্বাচনি গণতন্ত্র নয়। নাগরিক প্রতিনিধিত্ব নিশ্চিত না হলে গণতন্ত্রের টেকসই রূপান্তর হবে না। তাই প্রত্যক্ষ গণতন্ত্র ও নির্বাচনি গণতন্ত্রের সম্মিলন ঘটাতে হবে।

এ বক্তারা কি এথেনিয়ান ডেমোক্রেসি চাইছেন? এথেনিয়ান ডেমোক্রেসি হলো : Athenian democracy, a form of direct democracy, emerged in ancient Athens around the 5th century BC and was characterized by citizen participation in public affairs.

বাংলাদেশের মতো ১৮ কোটি মানুষের দেশে প্রত্যক্ষ গণতন্ত্র কীভাবে অর্জন করা যায়, তার কোনো রূপরেখা প্রবক্তাদের আলোচনা থেকে আসে না। তবে যদি জনগণের মধ্যে বিভিন্ন পেশা, শ্রেণি, ধর্ম, বয়স, লিঙ্গ, আর্থিক সচ্ছলতা এবং জাতিগোষ্ঠী অনুযায়ী বিভিন্ন স্বার্থে গ্রুপের প্ল্যাটফর্ম গড়ে ওঠে এবং বিভিন্ন ধরনের ক্ষমতাধরদের মধ্যে একটি কাউন্টার ভেইলিং শক্তি সৃষ্ট গড়ে ওঠে, তাহলে ক্ষমতার ভারসাম্য অর্জনে কিছু অগ্রগতি ঘটবে এবং সেই পরিমাণে প্রত্যক্ষ গণতন্ত্র অর্জিত হবে। তবে এখনো যারা ক্ষমতাহীন এবং দুর্বল, তাদের শক্তি অর্জনে শক্তিমানরা খুব সহজে সুযোগ করে দেবে এমনটি দুরাশা মাত্র। এর জন্য প্রয়োজন হতে পারে একটি দর্শনসংবলিত সুসংগঠিত গণবিপ্লব। গোলটেবিল বৈঠকটিতে অধ্যাপক আলী রীয়াজ তার ব্যক্তিগত মতামত প্রকাশ করে বলেছেন, এ মুহূর্তে গণতান্ত্রিক উত্তরণে ২টি করণীয় দেখছেন। তার ভাষায়, 'আসল কাজ হচ্ছে প্রতিষ্ঠানগুলোকে দাঁড় করানো, কার্যকর করা। দ্বিতীয় হচ্ছে দীর্ঘমেয়াদি গণতান্ত্রিক রূপান্তরের জন্য সম্মিলিত শক্তির একটা সমাবেশ ঘটানোর চেষ্টা করা। এটা এখনকার যেসব রাজনৈতিক শক্তি আছে, তাদের মাধ্যমে করার সম্ভাবনা আমি প্রায় দেখি না।' অধ্যাপক আলী রীয়াজের উপলব্ধির সঙ্গে আমার উপলব্ধির তেমন কোনো পার্থক্য দেখি না। ভঙ্গুর হয়ে যাওয়া রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো সুঠামভাবে উঠে দাঁড়াবে এমন সম্ভাবনা এখন দেখছি না। যে হিউম্যান ম্যাটেরিয়াল এখন অ্যাভেইলেবল আছে, তাদের দ্বারা সুষ্ঠু কিছু দাঁড়াবে এমনটি আশা করতে পারি না। কথায় বলে, খানদানে কি তক্তা হয়? তক্তা হয় এমন গাছ বড় হয়ে উঠতে ৩০-৪০ বছরের প্রয়োজন। সে সময় পর্যন্ত কি অপেক্ষা করার সুযোগ আছে? কারণ অর্থনীতিবিদ কিন্স বলেছেন, 'In the long run we are all dead'.

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশি যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনায় ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন সাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন জীবনীকার লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু আঁলা দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকটে এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি ভাষ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্‌র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহকেরাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)



# ইলিশ কেন খাবেন

আজকাল স্বাস্থ্য ডেস্ক



বিশেষজ্ঞরা বলছেন,শুধু স্বাদে ও গন্ধে নয় এই মাছটি গুণেও অনন্য। ইলিশ মাছ নানাভাবে রান্না করা যায়। বর্ষায় ইলিশ ভাজা, ইলিশের ভর্তা,শর্ষে ইলিশ,ভাপা ইলিশ,ইলিশ পাতুরি, দই ইলিশ,পান্তা ইলিশ,ইলিশের ডিম ছাড়া যেন বাঙালির রসনায় তৃপ্তি আসে না।

এ তো গেল স্বাদের কথা। বিশেষজ্ঞরা বলছেন, ইলিশ পুষ্টিগুণেও ভরপুর। ১০০ গ্রাম ইলিশে প্রায় ২১ দশমিক ৮ গ্রাম প্রোটিন থাকে। এছাড়া এতে প্রচুর পরিমাণে ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড, নায়াসিন, ট্রিপ্টোফ্যান, ভিটামিন, সোডিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, খনিজ এসব উপাদান থাকে।।

বিশেষজ্ঞরা আরও বলছেন, ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিডের কারণে রক্তে কোলেস্টেরলের মাত্রা কমাতে সাহায্য করে ইলিশ।

এছাড়া ইলিশ সামুদ্রিক মাছ। অন্যান্য সামুদ্রিক মাছের মতো ইলিশে সম্পৃক্ত চর্বি কম থাকে। এ কারণে হৃদরোগের জন্য এটি বেশ উপকারী। সেই সঙ্গে শরীরে রক্ত সঞ্চালনের জন্যও এটি কার্যকরী। ওমেগা ৩ ফ্যাটি এসিড থাকায় ইলিশ রক্ত জমাট বাঁধা বা থ্রম্বসিসে আক্রান্ত হওয়ার ঝুঁকিও কমায়। সাম্প্রতিক এক গবেষণায় দেখা গিয়েছে, বেশি পরিমাণ সামুদ্রিক খাবার খেলে বাতের ব্যথায় উপকার পাওয়া যায়। সেক্ষেত্রে ইলিশ বেশ উপকারী।

বিভিন্ন গবেষণায় দেখা গিয়েছে মাছ ফুসফুস ভালো রাখতে সাহায্য করে। আলসার, কোলাইটিসের হাত থেকে রক্ষা করে ইলিশে থাকা ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড।

এছাড়া ইলিশ খেলে চোখ ভাল থাকে। ত্বকে থাকে সজীব,তরতাজা। দাঁত এবং হাড়ের পুষ্টিতে ইলিশের জুড়ি মেলা ভার। শিশুদের হাঁপানি প্রতিরোধেও কার্যকরী ভূমিকা পালন করে ইলিশ।

গবেষণা বলছে,যারা বেশি পরিমাণে সামুদ্রিক খাবার খায় বয়সকালে তাদের ডিমেনশিয়া কিংবা স্মৃতিশক্তি লোপ পাওয়ার ঝুঁকি অন্যদের তুলনায় কম। এছাড়া ওমেগা ৩ সমৃদ্ধ খাবার শিশুদের মনোযোগ বাড়ায়, পড়াশোনার দক্ষতা বৃদ্ধি করে। বিশেষজ্ঞরা বলছেন, খুব বড় কিংবা ছোট নয় মাঝারি আকৃতির ইলিশই সবচেয়ে বেশি পুষ্টিকর।

*সূত্রঃ জি নিউজ, সানসামাইরেল*



# এই সময়ে শিশুদের সুস্থ রাখতে কী করবেন

আরজিনা মাহমুদা

পৃথিবী যত উষ্ণ হচ্ছে, বদলে যাচ্ছে জলবায়ুর চরিত্র । গরমের ভয়াবহতাও বাড়ছে পাল্লা দিয়ে। এদিকে দুই বছর পর আবারও শুরু হয়েছে শিশুদের স্কুল। এতদিন পর হঠাৎ করে স্কুলে যাতায়াত, তারপর টানা বসে ক্লাস করা,এতে অনেকেরই শরীর এবং মনের ওপর চাপ পড়ছে। এ সময় শিশুরা স্কুল থেকে বাড়িতে ফেরার পর কিছু জিনিস মাথায় রাখবেন। যেমন- ১. একদম গরম থেকে ঘরে এসেই এসি-তে ঢোকা কারওর জন্যই ঠিক নয়। তাই কয়েক মিনিট এমনি বসে থেকে এসি চালাতে পারলে ভাল হয়। তা না হলে ভালোভালো ঘাম মুছে ফ্যান ছেড়ে বসতে হবে।

২. পিএইচ ব্যালেন্স ঠিক রাখতে শিশুদের লবণ-চিনির পানি বা লেবুর শরবত অবশ্যই খাওয়ান। শিশুরা যেন ভালোভাবে গোসল করে সেদিকে খেয়াল রাখুন।

৩. এই সময় ক্লান্তি খুব বাড়ে। এ কারণে অবশ্যই শিশুদের পর্যাপ্ত বিশ্রাম নিতে হবে। যদি মনে হয় বেশি শরীর খারাপ লাগছে শিশুর, দেরি না করে বিশেষজ্ঞর পরামর্শ নিন। ৪. গরমে শিশুদের মনমেজাজও ভাল থাকতে না-ই পারে। এ কারণে অযথা বকাবকি বা খিটখিট করা এড়িয়ে চলুন। তাদের সঙ্গে গল্প করুন, একসঙ্গে সময় কাটান, সারাদিন কী হল শিশুদের সঙ্গে ভাগ করে নিন।

৫. শিশুর খাবারের তালিকায় বিশেষভাবে নজর দিন। গরমের ফল এবং সবজি যেগুলোতে পানির পরিমাণ বেশি থাকে সেসব খাওয়াতে হবে শিশুদের।

৬. স্কুলে তো বটেই, বাইরে বের হলেও শিশুরা যেন সঙ্গে পানি রাখে সেদিকে লক্ষ্য রাখুন। শিশুরা বাইরের খাবার, শরবত, ঠান্ডা পানীয় একদম যেন না খায় সেদিকে লক্ষ্য রাখুন। ৭. শিশুর স্কুলের সঙ্গে যোগাযোগ রাখুন। দীর্ঘ দু'বছর পর স্কুলে যাচ্ছে তারা। নানা রকম অসুবিধা হতেই পারে তাদের মানিয়ে নিতে, বিশেষ করে যারা নতুন-নতুন স্কুলে যাচ্ছে তাদের এ সমস্যা বেশি হয়।

# কনট্যাক্ট লেন্স কথন

ডা. মো. আরমান হোসেন রনি



সরাসরি চোখের কর্নিয়ার ওপর বসানো ছোট্ট লেন্সকে বলা হয় কনট্যাক্ট লেন্স। এটি সাধারণত পাতলা মেডিক্যাল গ্রেড প্লাস্টিকের তৈরি হয়ে থাকে। ব্যবহার অনুযায়ী সেটি হতে পারে স্বচ্ছ বা ঈষদচ্ছ। সব কনট্যাক্ট লেন্সে পাওয়ার দেওয়া হয় না। দৃষ্টিশক্তি ঠিক করার চশমার বিকল্প হিসেবে ব্যবহৃত লেন্সে পাওয়ার থাকে। ফ্যাশন বা অন্যান্য কাজের জন্য চোখের রং পরিবর্তনেও কনট্যাক্ট লেন্স ব্যবহার হয়ে থাকে। সে ক্ষেত্রে পাওয়ার না-ও দেওয়া হতে পারে।

ধরন : বাজারে দুই ধরনের কনট্যাক্ট লেন্স পাওয়া যায়-

সফট লেন্স : নরম প্লাস্টিকের তৈরি লেন্স। নমনীয় হওয়ায় এটি চোখের জন্য আরামদায়ক। এর জনপ্রিয়তাও বেশি। এ ধরনের লেন্সের স্থায়িত্ব কম, কিছু লেন্স মাত্র একবার ব্যবহারের পরই ফেলে দিতে হয়। এর ব্যবহারযোগ্যতা এক দিন থেকে এক মাস বা এক বছর পর্যন্ত হতে পারে।

রিজিড গ্যাস পারমিয়েবল (আরজিপি) লেন্স : এ ধরনের লেন্সগুলো নমনীয় নয়, বরং শক্ত। এই ঘরানার লেন্সের আছে দুটি ধরন-স্ক্লেরাল ও অর্থো-কে। শক্ত হওয়ায় এই লেন্সগুলো ব্যবহারে অস্বস্তি হওয়ার আশঙ্কাও বেশি থাকে। তবে এ ধরনের লেন্সের স্থায়িত্ব অনেক বেশিকিছু ক্ষেত্রে তিন বছর পর্যন্ত। যাঁদের অ্যাস্টিগম্যাটিজম আছে, স্পষ্ট দৃষ্টিশক্তির জন্য লেন্সে নিখুঁত পাওয়ার থাকা খুবই জরুরি, তাই এর চিকিৎসায় আরজিপি লেন্স ব্যবহার বেশি প্রচলিত।

ব্যবহার

দৃষ্টিশক্তি সংশোধনের জন্য : যাঁদের দূরে দেখতে সমস্যা হয়, অর্থাৎ মাইয়োপিয়া বা অ্যাস্টিগম্যাটিজম আছে, তাঁদের চিকিৎসায় অনেক সময় চশমার বদলে কনট্যাক্ট লেন্স ব্যবহারের প্রয়োজন হতে পারে। চশমা ব্যবহারে সমস্যা হতে পারে এমন কোনো কাজের ক্ষেত্রে বা শুধু ফ্যাশনের অংশ হিসেবেও অনেকে চশমার বদলে কনট্যাক্ট লেন্স বেছে নেন।

এরপর ২৪ পৃষ্ঠায়





# শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলে বুঝবেন কীভাবে?

ডা. তাহমিদা খাতুন

সুস্থ থাকার জন্য প্রতি দিনের ডায়েটে কার্বোহাইড্রেট, প্রোটিন,ফ্যাট থাকা যেমন জরুরি,তেমনই পর্যাপ্ত পরিমাণে ভিটামিন, খনিজও প্রয়োজনীয়। আর এই খনিজের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্যালসিয়াম। হাড়, দাঁত সুস্থ রাখতে সাহায্য করে ক্যালসিয়াম। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে শরীরে ক্যালসিয়ামের ঘাটতি দেখা যায়। শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলে কিছু কিছু লক্ষণ দেখা দেয়। যেমন-

১. শরীরে ক্যালশিয়ামের ঘাটতি হলে পেশি ব্যথা,ক্যাম্প এবং খিঁচুনি অনুভব করতে পারেন। হাঁটাহাঁটি বা নড়াচড়া করার সময় উরু ছাড়াও হাত,পা ও মুখের চারপাশে অসাড় ভাব অনুভব হতে পারে। এ ধরনের সমস্যা হলে চিকিৎসকের পরামর্শ নেওয়া ভালো।

২. ক্যালসিয়ামের অভাব হলে চরম ক্লান্তিভাব আসতে পারে। সব সময় আলস্য বোধ হতে পারে। এর প্রভাবে অনিদ্রার সমস্যাও দেখা দিতে পারে। এ ছাড়া হালকা মাথ ব্যথা, মাথা ঘোরা ইত্যাদি সমস্যা দেখা দেয়।

৩. শরীরে ক্যালশিয়ামের ঘাটতি হলে ত্বক শুষ্ক,নখ ভঙ্গুর, চুল মোটা,একজিমা,ত্বকের প্রদাহ,ত্বকের চুলকানি এবং সোরিয়াসিসের মতো সমস্যা হতে পারে।

৪. শরীরে ক্যালশিয়ামের সামগ্রিক মাত্রা কমে গেলে, শরীর হাড় থেকে ক্যালসিয়াম শুষে নেয়। এ কারণে হাড় ভঙ্গুর হয়ে ওঠে। অস্টিয়োপোরোসিস রোগ বাসা বাঁধে শরীরে। ক্যালসিয়াম এক ধরনের খনিজ। যা আমাদের দেহের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি শরীরের হাড়

এরপর ২৮ পৃষ্ঠায়



# ত্বকে মধু লাগানোর উপকারিতা

ডা. হাবিবুর রহমান

অনেকেই ত্বকে মধু লাগান। কেউ দইয়ের সঙ্গে মধু মিশিয়ে মাখেন। কেউ আবার অন্য কিছুর সঙ্গে মধু মেশান। মধু দিয়ে রূপচর্চায় ত্বকের নানা উপকার হয়। যেমন- ১. ত্বক পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখতে পারে মধু। এতে রয়েছে অ্যান্টি-ব্যাক্টেরিয়াল এবং অ্যান্টি-ফাঙ্গাল উপাদান। বহু ধরনের অ্যান্টি-অক্সিড্যান্টও উপাদানও আছে এতে। সব উপাদান মিলে ত্বক থেকে জীবাণু দূর করে। আবার ত্বক আর্দ্রও রাখে। ২. মধুতে উপস্থিত প্রোবায়োটিক ও অ্যান্টি-অক্সিড্যান্ট ত্বকে পুষ্টি জোগায়। এতে ত্বক মসৃণ ও টানটান থাকে। দাগছোপ কম পড়ে। ফলে ত্বকে বার্ধক্য আসে দেরিতে।

৩. ত্বক যত্নে রাখার জন্য নিয়মিত মৃত কোষ তুলে ফেলা দরকার। এ কাজ করতে মধু বেশ কার্যকরী। তাই মুখে কিছু ক্ষণ মধু মেখে রেখে তার পর ধুয়ে ফেললে ত্বকের উজ্জ্বলতা ফিরে আসে। একই কারণে মুখের কোনও মাস্ক তৈরি করলে অল্প মধু দিয়ে দেওয়া হয়। কম সময়ে উজ্জ্বলতা ফিরে পেতে অ্যাভোক্যাডো, লেবুর রস কিংবা অ্যাপেলইসডার ভিনেগারের সঙ্গে মধু মিশিয়ে নেওয়া যেতে পারে। এতে রয়েছে ভিটাইন বি, ক্যালসিয়াম, জিংক, পটাশিয়াম এবং লৌহ। উচ্চ

এরপর ২৪ পৃষ্ঠায়

হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন

এ. ভুঁইয়া

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## ইরান কীভাবে দেওয়ালহীন প্রাসাদে পরিণত হলো

১২ পৃষ্ঠার পর

শক্তিশালী প্রক্সি ফোর্স হিজবুল্লাহকে আসাদের পক্ষে যুদ্ধ করতে পাঠায়। অবশেষে আসাদ সরকারকে টিকিয়ে রাখতে সমর্থ হয় ইরান। অন্যদিকে ইয়েমেনে ইরান-সমর্থিত হুথিরা যখন ব্যাপকভাবে জয়ী হওয়া শুরু করে, তখন সৌদি বলয়ের আরব রাষ্ট্রগুলো চিন্তিত হয়ে পড়ে। সৌদি ও আরব আমিরাতের বিমানবাহিনী একদিকে ইয়েমেনের শিয়া নিয়ন্ত্রিত এলাকায় লাগাতার বোমা হামলা করে, অন্যদিকে হুথিবিরোধী গ্রুপগুলোকে অস্ত্র ও রসদ সরবরাহ করা হয়। ফলে ইয়েমেনে তার প্রভাব টিকিয়ে রাখতে ইরানও ব্যাপকভাবে হুথিদের পৃষ্ঠপোষকতা করতে থাকে।

এ দুই দেশে ইরানের যুদ্ধ বেশ কয়েক বছর ধরে চলে। পুরোটা সময়ই ইরান তার বেশির ভাগ সামরিক বাহিনী-সম্পদ-গোয়েন্দা সংস্থা ও মনোযোগ সেখানে ব্যয় করে। স্বাভাবিকভাবেই তার সবচেয়ে বড় শত্রু ইসরায়েলের প্রতি মনোযোগ ব্যাপকভাবে কমে যায়। আমার ধারণা, ইসরায়েল এ সুযোগেরই সদ্ব্যবহার করে। ইরানের সরে যাওয়া মনোযোগের সুযোগ নিয়ে মোসাদ উভয়ের (ইরান ও হিজবুল্লাহ) ভেতরেই ব্যাপকভাবে অনুপ্রবেশ করে। আর মনোযোগ অন্যদিকে থাকায় ইরানিরা পৃথিবীর সবচেয়ে চৌকশ গোয়েন্দা সংস্থার এই অনুপ্রবেশ যথাযথভাবে ধরতে পারেনি। আস্তে আস্তে মোসাদ গোয়েন্দারা বহু হাই সিকিউরিটি জায়গায় পৌঁছে যায়। ফলে আজ ইরান ও হিজবুল্লাহ গোয়েন্দা ক্ষেত্রে এরকম দুরাবস্থায় পড়েছে।

ইসরায়েল অনেক আগে থেকেই এসব জায়গায় কাজ করছে বলে আমার বিশ্বাস। তারা শুধু উপযুক্ত সময়ের অপেক্ষা করছিল। এমনটাও হতে পারে, মোসাদ এখনো তার খেল দেখানো শেষ করেনি। ইরানের সঙ্গে যদি ইসরায়েলের সত্যিকার যুদ্ধ লেগে যায়, তাহলে হয়তো এর চেয়েও ভয়াবহ ব্যর্থতা দেখা যেতে পারে ইরানের পক্ষ থেকে।

**ইশফাক ইলাহী নিয়াম : গবেষক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, জর্জটাউন ইউনিভার্সিটি**

## ত্বকে মধু লাগানোর উপকারিতা

২২ পৃষ্ঠার পর

অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ, ব্যাক্টেরিয়া প্রতিরোধক এবং রয়েছে কার্যকর নির্যাস যা ত্বকের উজ্জ্বলতা বাড়ায়। রূপচর্চা-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন থেকে ত্বক ভালো রাখতে মধুর নানান উপকারিতা সম্পর্কে জানানো হল। যে ধরনের মধু উপকারী: নিউ ইয়র্কের হেইডে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ ত্বক বিশেষজ্ঞ সিয়ানা কার্টিরোন জানান, মধুর সব চেয়ে ভালো দিক হল সব ধরনের মধুই উপকারী।

যে মধুর রং যত গাঢ় তাতে অ্যান্টিঅক্সিডেন্টের পরিমাণ তত বেশি। তাই অপ্রক্রিয়াজাত খাঁটি মধু ব্যবহারের পরামর্শ দেওয়া হয়। নানান রকমের মধু যেমন- ফুল ও ভৌগলিক ভিন্নতার জন্য অনেক রকমের মধু পাওয়া যায়। তাই সবসময় প্রাকৃতিক মধু গ্রহণ করা ভালো।

কার্টিরোনের মতে, বাজারে কিনতে পাওয়া যাওয়া মধু প্রক্রিয়াজাত ও পরিশোধিত। আঞ্চলিক মধু ঘন, খাঁটি ও তাজা হয়ে থাকে।

দা ইউনিক ম্যানোকা ফ্যাক্টর হানি অ্যাসোসিয়েশন (ইউএমএফ), ন্যাশনাল হানি বোর্ড এবং লোকাল হানি ফাইন্ডার, এই তিনটি আঞ্চলিক মধু পাওয়ার ভালো উৎস।

দৈনিক ত্বক পরিষ্কারক হিসেবে মধু: মধুর অ্যান্টিঅক্সিডেন্ট, অ্যান্টিসেপ্টিক এবং ব্যাক্টেরিয়ারোধী উপাদান ব্রণ দূর করতে সাহায্য করে। এটা লোমকূপ উন্মুক্ত করে এবং বিরক্তিকর ব্ল্যাকহেডস থেকে দূরে রাখার পাশাপাশি সারাদিন ত্বক আর্দ্র রাখতে সাহায্য করে।

মুখ কুসুম গরম পানি দিয়ে ভিজিয়ে আধ চা-চামচ মধু মুখে গোলাকারভাবে মালিশ করুন। ৩০ সেকেন্ড অপেক্ষা করে ধুয়ে ফেলুন এবং ত্বকের স্বাভাবিক যত্ন নিন।

প্রাকৃতিক এক্সফলিয়েটর: মধু খুব ভালো এক্সফলিয়েটর। এটা ব্যবহারে ত্বকের অস্বস্তিকর জ্বালাভাব দূর হয়। মধু মাস্ক হিসেবে ব্যবহার করতে পারেন অথবা এর সঙ্গে অ্যাভোকাডো, লেবু বা আপেল সাইডার মিশিয়ে ত্বকে লাগাতে পারেন।

প্রথমে ত্বক ভালো ভাবে পরিষ্কার করে নিন। এরপর ত্বকে পাতলা করে মধুর প্রলেপ লাগান এবং ৮ থেকে ১০ মিনিট অপেক্ষা করে কুসুম গরম পানি দিয়ে ধুয়ে ফেলুন এবং আলতো চাপ দিয়ে মুখের পানি মুছে নিন। সপ্তাহে দুএকবার ব্যবহারে ভালো ফলাফল পাওয়া যাবে।

ব্রণের জন্য উপকারী: মধু ত্বকের ব্রণ দূর করতে কার্যকর ভূমিকা পালন করে। এর প্রদাহরোধী উপাদান ত্বকের অতিরিক্ত তেল দূর করে এবং প্রতিদিন ব্যবহারে ত্বকের কোমলতা বজায় রাখে। এছাড়াও ত্বকের কড়া দাগ ও 'ব্রেক আউট' দূর করতে এমনকি ত্বকের খারাপ অবস্থা- একজিমা বা সিরোসিস উপশমেও মধু সহায়তা করে। মধুর আরামদায়ক ক্ষমতা দ্রুত ত্বকের ক্ষতি সারিয়ে নিতে পারে।

বয়সের ছাপ দূর করে: এর প্রোবায়োটিক, অ্যান্টিঅক্সিডেন্ট, পুষ্টি উপাদান এবং নির্যাস একসঙ্গে কাজ করে ত্বককে মসৃণ, টানটান ও সুন্দর রাখতে সাহায্য করে। মধু ত্বককে তৈলাক্ত না করেই ত্বকের আর্দ্রতা ধরে রাখে এবং জ্বালাপোড়া কমাতে সাহায্য করে। মধু সম্পূর্ণভাবে বলিরেখা কমাতে না পারলেও এর দৃশ্যতা কমাতে সহায়তা করে। অ্যান্টিঅক্সিডেন্ট ত্বকের ক্ষয় পূরণ করে। ফলে ত্বকে সহজে বয়সের ছাপ দেখা দেয় না।

মনে রাখা দরকার

- অ্যালার্জির সমস্যা থাকলে মধু ব্যবহার বেশ সমস্যা সৃষ্টি করতে পারে। তাই ব্যবহারের আগে বিশেষজ্ঞের পরামর্শ নিতে হবে।
- মধু ত্বকে ব্যবহারের পরে অবশ্যই তা ঠিক মতো ধুয়ে পরিষ্কার করতে হবে। কারণ লোমকূপে মধু আটকে থাকলে তা থেকে 'ব্রেইক আউট' বা ব্রণ দেখা দিতে পারে।

## কনট্যাক্ট লেন্স কথন

২২ পৃষ্ঠার পর

প্রসাধনমূলক বা ফ্যাশনের জন্য : এখন পোশাকের সঙ্গে সামঞ্জস্য রেখে ফ্যাশনের খাতিরে চোখের রং পরিবর্তন করেন অনেকেই। এ ক্ষেত্রে পাওয়ারহীন সফট লেন্স বেশি ব্যবহৃত হয়।

যা দেখে কিনবেন

কনট্যাক্ট লেন্স ভালো মানের হতে হবে। অনামধন্য প্রসিদ্ধ প্রতিষ্ঠান ও ব্র্যান্ডের বাইরে লেন্স কেনা একেবারেই অনুচিত। নির্ভরযোগ্য ব্র্যান্ডের মধ্যে আছে অ্যাকুভিউ, বাউশ অ্যান্ড লোম্ব, সিবা ভিশন, অ্যালকোন ও জনসন অ্যান্ড জনসন ভিশন। এ ছাড়া আরো কিছু ব্র্যান্ডের কনট্যাক্ট লেন্স দেশের বাজারে পাওয়া যায়, যে গুলোর মান যাচাই করা মুশকিল। তাই কনট্যাক্ট লেন্স কেনার আগে অবশ্যই একজন চক্ষু বিশেষজ্ঞের পরামর্শ নিন। কেনার সময় অবশ্যই লেন্সটি যে সলিউশনে ডুবিয়ে রাখতে হয়, তার মেয়াদ আছে কি না পরীক্ষা করে দেখুন।

ঝুঁকি

* পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় না রাখলে চোখে ব্যাকটেরিয়া, ভাইরাস বা ফাঙ্গাস সংক্রমণ হতে পারে। এর থেকে কর্নিয়ার সংক্রমণ ঘটাও সম্ভব।
* দীর্ঘ সময় কনট্যাক্ট লেন্স পরে থাকলে চোখে খচখচ ও জ্বালাপোড়া অনুভূত হতে পারে।
* চোখের কর্নিয়া পর্যন্ত অক্সিজেন পৌঁছাতে বাধা সৃষ্টি করতে পারে লেন্স, যা দীর্ঘ মেয়াদে কর্নিয়ার ক্ষতির কারণ হতে পারে।
* কিছু ক্ষেত্রে লেন্স বা লেন্সের সলিউশনের উপাদানে ব্যবহারকারীর অ্যালার্জি দেখা দিতে পারে।
* লেন্স সঠিকভাবে না পরলে চোখের কর্নিয়া বা স্ক্লেরায় আঁচড় বা ক্ষত হতে পারে।

সতর্কতা

* সব সময় পরিষ্কার বা সাবান দিয়ে ধোয়া হাতে লেন্স ব্যবহার করুন।
* লেন্স পরিষ্কারের জন্য শুধু নির্ধারিত সলিউশন ব্যবহার করুন।
* লেন্স পরে ঘুমানো উচিত নয়।
* নির্দিষ্ট সময় পর লেন্স বদলান। মেয়াদোত্তীর্ণ লেন্স ব্যবহার বিপজ্জনক।
* লেন্স পরার পর মেকআপ ব্যবহার করুন এবং মেকআপ তোলার আগে লেন্স খুলে ফেলুন।
* চোখে ব্যথা, লালচে ভাব, ঝাপসা দেখলে সঙ্গে সঙ্গে লেন্স খুলে ফেলুন এবং একজন চক্ষু বিশেষজ্ঞের পরামর্শ নিন।

লেখক : চক্ষু বিশেষজ্ঞ ও সার্জন, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল।

## ইরানে হামলা ইসরায়েলের জন্য কৌশলগত বিপর্যয় ডেকে আনবে

৬ পৃষ্ঠার পর

বর্তমান পরিস্থিতি, তাতে ইসরায়েল যদি আন্তর্জাতিক নিয়ম লঙ্ঘন করে পারমাণবিক অস্ত্র ব্যবহার না করে, তাহলে যুক্তরাষ্ট্রের সহায়তা ছাড়া ইরানে আর কোনো কৌশলগত অগ্রগতি অর্জন করা সম্ভব নয়।

নেতানিয়াহুর ঘোষিত দ্বিতীয় লক্ষ্য হচ্ছে ইরানের বর্তমান সরকারকে উৎখাত করা। সেটাও নাগালের বাইরে বলে মনে হচ্ছে।

ইরানের শীর্ষ সামরিক কমান্ডারদের লক্ষ্যবস্তু বানিয়ে হত্যা করেছে ইসরায়েল। ইরানি জনগণকে তারা খোলাখুলিভাবে ইরান সরকারের বিরুদ্ধে বিদ্রোহের আহ্বান জানিয়েছে। কিন্তু ইসরায়েলের একতরফা আগ্রাসন বেশ আগের প্রতি ইরানিদের ক্ষোভ বাড়াবে।

আঞ্চলিক অন্য দেশগুলো, যেখানে তেহরানের প্রভাব ক্রমে কমে যাচ্ছিল, সেখানে নেতানিয়াহুর এ পদক্ষেপ আবারও ইরানের পুরোনো জোটগুলোকে নতুন প্রাণ দান করার ঝুঁকি তৈরি করেছে।

তেহরানের রাজনৈতিক পরিবেশকে অস্থিতিশীল করতে ইসরায়েল যদি সফলও হয়, তাতেও মধ্যপ্রাচ্যে শান্তি আসবে না। ইরাকে সাদ্দাম হোসেনের পতনের পর যা ঘটেছিল, তা থেকেই শিক্ষা নিতে হবে। এ ঘটনার পর সেখানে চরমপন্থার ব্যাপক উত্থান ঘটে। এরই ধারাবাহিকতায় ২০১০-এর দশকে ইসলামিক স্টেটের (আইএসআইএল বা আইএসআইএস) উত্থান ঘটে, যারা গোটা অঞ্চলজুড়ে সন্ত্রাস চালায়।

তেহরানে একটি অনুগত সরকারকে মসৃণভাবে ক্ষমতায় আনার কোনো সুযোগ ইসরায়েলের সামনে নেই। দেশ দুটির মধ্যে সরাসরি সীমানা না থাকায় ইরান দখল করে সেই চেষ্টা করা একেবারেই অসম্ভব। ট্রাম্প প্রশাসনের আমলে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকেও এমন কোনো প্রচেষ্টাকে সমর্থন দেওয়া কল্পনা করাও কঠিন। কারণ, এতে যুক্তরাষ্ট্রের ওপর হামলার ঝুঁকি অনেক বেড়ে যাবে।

অন্যভাবে বলা যায়, নেতানিয়াহুর এই হামলাগুলো ইরানের পারমাণবিক কর্মসূচি বিলম্বিত করা ও যুক্তরাষ্ট্রের সঙ্গে দেশটির আলোচনার পথ রুদ্ধ করার মতো কিছু স্বল্প মেয়াদি কিছু কৌশলগত সাফল্য এনে দিতে পারে। কিন্তু দীর্ঘ মেয়াদে এটি ইসরায়েলের জন্য কৌশলগত বিপর্যয় ডেকে আনবে।

লেখক: ম্যাক্সিমিলিয়ান হেস ফরেন পলিসি রিসার্চ ইনস্টিটিউটের একজন ফেলো।
আল-জাজিরা থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# উত্তম আচরণে ইসলামি নীতিমালা

শাইখ ড. ফয়সাল বিন জামিল গাজাবি



হজরত আবু মুসা আশআরি (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, মহানবী (সা.) বলেছেন, আল্লাহতায়ালা আদমকে সৃষ্টি করেছেন এমন মাটি দিয়ে, যা তিনি নিয়েছেন পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে। তাই তাঁর বংশধররা বিভিন্ন ধরনের মাটির পরিমাণ অনুযায়ী গড়ে উঠেছে। তাদের কেউ হয়েছে লাল বর্ণের, কেউ সাদা, কেউ কালো আর কেউ এসবের মাঝামাঝি। স্বভাবের দিক দিয়ে তাদের মধ্যে রয়েছে সহজ-সরল, কেউ কঠিন হৃদয়ের, কেউ দুষ্ট প্রকৃতির, কেউ আবার এর মাঝামাঝি। যেহেতু মানুষ অন্যের সঙ্গে যোগাযোগ করা এবং চলাফেরা ছাড়া একা থাকতে পারে না, তাই সে সাধারণ মানুষের সঙ্গে কেমন আচরণ করবে, তা জানা দরকার। মানুষের সঙ্গে আচরণ ও চলাফেরার জন্য চিরন্তন কিছু নিয়মগুনীতি রয়েছে, যা একজন মানুষের অবশ্যই জানা উচিত।

**ব্যবহারের মূলনীতি :** হে আল্লাহর বান্দারা! যেহেতু মানুষের মধ্যে দুর্বলতা আছে, সেই কারণে সঠিকভাবে মানুষের সঙ্গে চলাফেরা করার জন্য কতগুলো নিয়মগুনীতি আপনাদের সামনে উপস্থাপন করছি। এই মূলনীতিগুলোর মধ্যে অন্যতম একটি মূলনীতি হচ্ছে মহান আল্লাহতায়ালার বাণী : তিনি বলেন, আর ক্ষমা করার অভ্যাস গড়ে তুলুন, সৎকাজের নির্দেশ দিন এবং মূর্খ জাহেলদের থেকে দূরে সরে থাকুন। (সুরা আলআরাফ : ১৯৯)। হজরত সা'দি (রহ.) বলেন, মানুষের সঙ্গে উত্তম চরিত্র বজায় রাখা এবং তাদের সঙ্গে চলাফেরার ক্ষেত্র সম্পর্কে এই আয়াতটি একটি ব্যাপক অর্থবোধক আয়াত। সুতরাং মানুষের সঙ্গে যে আচরণ করা উচিত তা হলো ক্ষমা করে দেয়ার মনোভাব লালন করা। মানুষের অন্তর যা অনুমোদন করে এবং তাদের স্বাভাবিক স্বভাব-চরিত্রের সঙ্গে যা খাপ খায়, তাদের জন্য যা সহজ হয় তা করা। তাদের স্বভাবের সঙ্গে যা সামঞ্জস্যপূর্ণ নয়, তা চাপিয়ে দেয়া যাবে না। বরং প্রত্যেকেই তার কথা, কাজ ও আচরণের দ্বারা প্রশংসার যোগ্য হবে। এক্ষেত্রে তাদের যে ভুলত্রুটি হবে তা পাশ কাটিয়ে যেতে হবে। তাদের ত্রুটি থেকে নিজের দৃষ্টি সংযত করতে হবে। বয়সে ছোট কারো সঙ্গে তার ছোট হওয়ার কারণে, কম বুদ্ধিওয়ালার সঙ্গে তার বুদ্ধির কমতির কারণে, দরিদ্রদের সঙ্গে তার দরিদ্রতার কারণে অহংকার করা যাবে না। বরং সবার সঙ্গে এমন আচরণ করবে যাতে তারা খুশি হয়ে যায়। আয়াতে বর্ণিত আপনি সঙ্গত বিষয়ের আদেশ করুন এর অর্থ হচ্ছে, তাদের সঙ্গে ভালো কথা এবং ভালো কাজ করতে হবে এবং সবার সঙ্গে উত্তম চরিত্র মাধুর্য প্রদর্শন করতে হবে। সুতরাং আপনার পক্ষ থেকে কোনো কথা এবং কাজ যাই হোক না কেন তা যেন হয় সুন্দর এবং তা যেন হয় ভালো, সবার জন্য অনুসরণীয়। অপরের অধিকার রক্ষা, পিতা-মাতার সঙ্গে সদাচরণ, অন্যকে সংশোধন, উপকারী পরামর্শ, সঠিক চিন্তা, সৎ ও পুণ্য কাজে পারস্পরিক সহযোগিতা প্রদান, অশ্লীলতা থেকে বারণ, দ্বীনি ও দুনিয়াবি কল্যাণের জন্য উপদেশ দান। আর মূর্খ ব্যক্তির থেকে যখন কোন কষ্টকর বিষয় আসবে তখন আল্লাহর আদেশ অনুসারে এই মূর্খ মানুষদের থেকে দূরে থাকতে হবে। তার মূর্খতার জবাব মূর্খতাপূর্ণ আচরণ দিয়ে না দেওয়ার জন্য আল্লাহতায়ালা নির্দেশ দিয়েছেন। সুতরাং আপনাকে কথায়-কাজে যে কষ্ট দিয়েছে, এরপর ৪০ পৃষ্ঠায়



# অপরাধ দেখে নীরব থাকার শাস্তি ভয়াবহ

মুফতি মুহাম্মদ মর্তুজা

শহরের বিভিন্ন এলাকায় দিনদুপুরে গাড়ির যন্ত্রাংশ হারিয়ে যাওয়া নিত্যদিনের ঘটনা। গণমাধ্যমের তথ্যমতে, রাজধানীতে এমন কিছু চক্র আছে, যাদের কাজই হচ্ছে গাড়ির লোগো, স্টিকার, লুকিং গ্লাস ইত্যাদি চুরি করে চোরাই বাজারে বিক্রি করে দেওয়া। পরে ভুক্তভোগীদেরই আবার সেই বাজার থেকে এসব যন্ত্রাংশ উচ্চ মূল্যে কিনে আনতে হয়। ক্ষেত্রবিশেষে কিছু যন্ত্রাংশের মূল্য লাখ টাকা পর্যন্ত হতে পারে।

কিন্তু এই কাজ করতে চোরচক্রের খুব বেশি সময় লাগে না, কয়েক সেকেন্ডেই তারা পার্ক করা গাড়ি কিংবা যানজটের কারণে ধীরগতিতে পরিচালিত হওয়া গাড়ি থেকে যন্ত্রাংশ চুরি করে দ্রুত সটকে পড়তে পারে। আশপাশের অনেকে দেখেও না দেখার ভান করে থাকে, সাধারণত তাদের প্রতিরোধ করার চেষ্টা কেউ করে না। ফলে এ ধরনের চোররা এরপর ৪০ পৃষ্ঠায়



# উমরের ইসলাম গ্রহণ

আমীরুল ইসলাম ফুআদ

সেদিন রাতে আকাশে রুপোর থালার মতো ভেসে বেড়াচ্ছিল গোল চাঁদ। আলো বিলি করে যাচ্ছিল নিজস্ব গতিতে। ঝকমক করে ওঠছিল সবুজ তরুলতা। চাঁদের আলোয় ফকফক করে ওঠছিল চরাচর। হজরত উমর শুয়ে এপাশ-ওপাশ করছেন। ছটফট করছেন। চোখে ঘুম নেই। জ্যোৎস্না ভাসা নৈঃশব্দ্য রাত কেটে যাচ্ছে তার নির্ঘুম। ভীষণ কাতরানিতে রাত গড়িয়ে যাচ্ছে সুবহে সাদিকের দিকে। হঠাৎ উমর একজন অপরিচিত মানুষের খটখট পদধ্বনি শুনতে পেলেন, যিনি জনমানবহীন শূন্য পথ ধরে এগিয়ে যাচ্ছে কাবা চত্বরের দিকে। মার্জিতভাব নিয়ে হেঁটে যাচ্ছেন বায়তুল্লাহর দিকে। একেবারে দৃঢ় গতিতে। কোনো তাড়াহুড়ো নেই। হজরত উমর কিছুটা চমকে ওঠেন। হজরত উমরের গভীর দৃষ্টি নিবদ্ধ অপরিচিত আগন্তুক লোকটির দিকে। চেনার জন্য বেশ কিছুসময় কুশেশ চালান। ভালোভাবে তাকাতেই মুহাম্মদ (সা.) এর ঝলমল বদনখানি তার নজরে পড়ে। তিনি অস্ফুট স্বরে বলে ওঠেন- সে তো আব্দুল্লাহর পুত্র মুহাম্মদ। সে সময় উমর রাসুল (সা.)-কে তার ঘোরতর শত্রু ভাবতেন। প্রায় বলতেন 'মক্কার সুশৃঙ্খল সমাজকে বিতর্কিত রূপ দিয়েছে এই মুহাম্মদ। মানুষকে নতুন ধর্মের দিকে ডেকে গোত্রে গোত্রে লাগিয়ে দিয়েছে গৃহযুদ্ধ। বাবা-ছেলের সম্পর্ক এরপর ২৮ পৃষ্ঠায়


# অপরাধ দেখে নীরব থাকার শাস্তি ভয়াবহ

মুফতি মুহাম্মদ মর্তুজা




শহরের বিভিন্ন এলাকায় দিনদুপুরে গাড়ির যন্ত্রাংশ হারিয়ে যাওয়া নিত্যদিনের ঘটনা। গণমাধ্যমের তথ্যমতে, রাজধানীতে এমন কিছু চক্র আছে, যাদের কাজই হচ্ছে গাড়ির লোগো, স্টিকার, লুকিং গ্লাস ইত্যাদি চুরি করে চোরাই বাজারে বিক্রি করে দেওয়া। পরে ভুক্তভোগীদেরই আবার সেই বাজার থেকে এসব যন্ত্রাংশ উচ্চ মূল্যে কিনে আনতে হয়। ক্ষেত্রবিশেষে কিছু যন্ত্রাংশের মূল্য লাখ টাকা পর্যন্ত হতে পারে। কিন্তু এই কাজ করতে চোরচক্রের খুব বেশি সময় লাগে না, কয়েক সেকেন্ডেই তারা পার্ক করা গাড়ি কিংবা যানজটের কারণে ধীরগতিতে পরিচালিত হওয়া গাড়ি থেকে যন্ত্রাংশ চুরি করে দ্রুত সটকে পড়তে পারে। আশপাশের অনেকে দেখেও না দেখার ভান করে থাকে, সাধারণত এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জুন ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২১ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৮ | ৪:৫৮ | ৮:৩১ | ১০:১১ |
| ২২ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৮ | ৪:৫৮ | ৮:৩১ | ১০:১১ |
| ২৩ | ৩:৪৬ | ৫:২৬ | ১২:৫৮ | ৪:৫৯ | ৮:৩১ | ১০:১১ |
| ২৪ | ৩:৪৬ | ৫:২৬ | ১২:৫৯ | ৪:৫৯ | ৮:৩১ | ১০:১১ |
| ২৫ | ৩:৪৬ | ৫:২৬ | ১২:৫৯ | ৪:৫৯ | ৮:৩১ | ১০:১১ |
| ২৬ | ৩:৪৭ | ৫:২৭ | ১২:৫৯ | ৪:৫৯ | ৮:৩১ | ১০:১১ |
| ২৭ | ৩:৪৭ | ৫:২৭ | ১২:৫৯ | ৪:৫৯ | ৮:৩১ | ১০:১১ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN



**আমাদের আছে ঃ**

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

## নিউসার্জিতে মঞ্চায়িত হলো 'ভুল থেকে ভুল'

৩ পৃষ্ঠার পর

জানা গেছে, এপিক আর্টিস্ট ওয়ার্কশপ ইউএসএ আয়োজিত 'সাউথ এশিয়ান থিয়েটার ফেস্টিভ্যাল'-এর ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বাংলাদেশের পক্ষে 'সূচনা থিয়েটার'র এই বিশেষ নিবেদন।

মঞ্চে থাকা শিল্পীদের জন্য আলোক পরিকল্পনা করেন বাবর খাদেমি ও আবু সুফিয়ান বিপ্লব, সংগীত পরিকল্পনায় কামরুজ্জামান রনি, মঞ্চসজ্জা ও প্রপস দেখেছেন টিপু আলম, পোশাক পরিকল্পনায় সাবিনা আহমেদ রুপা, কোরিওগ্রাফিতে ঝুমা খান, কোরিওগ্রাফি টিমে সোমা মুখার্জি, মালিহা জামান, শিউলি পাল শম্পা, সাবিনা আহমেদ রুপা ও প্রযুক্তা পাল চৌধুরী। বিলুপ্ত প্রায় যাত্রা শিল্পের একজন শিল্পীর একাকীত্বের আবরণে মোড়া জীবনে রহস্যময় কিছু আগন্তুকের আগমনে ঘটে যাওয়া নানা ঘটনা নিয়েই এই নাটকটি মঞ্চায়িত হয়েছে।

আয়োজকরা জানান, অভিনয় শৈলীতে প্রাধান্য দেয়া হয়েছে আমাদের চিরচেনা আবেগ প্রকাশে কিছুটা অতিরঞ্জন। আলো, মঞ্চ, সংগীত ও আবহসংগীত-এর সমন্বয়ে কালারফুল প্রযোজনা এটি। দর্শক ব্যঙ্গ রসাত্মক ভঙ্গিতে সমাজের অনেক অসংগতি খুঁজে পান। তবে নির্মল আনন্দই এর মূল উদ্দেশ্য। গল্পে ও উপস্থাপনে ফ্যান্টাসি ছিল, যা দর্শকদের আনন্দ দিতে সহযোগিতা করে বলে আমাদের বিশ্বাস।'

বিশেষ এই মঞ্চ নাটকটির নাম 'ভুল থেকে ভুল'। যার রচয়িতা, নির্দেশক, প্রধান অভিনেতা, মঞ্চ পরিকল্পক একজনই; নাম তার সাজু খাদেম।

## অভিবাসী বহিষ্কারের অভিযান জোরদারের নির্দেশ ট্রাম্পের

৩ পৃষ্ঠার পর

শহরকে লক্ষ্যবস্তু হিসেবে উল্লেখ করেন, যেগুলো অভিবাসন নীতিতে সেঞ্চুরিয়ান সিটি হিসেবে পরিচিত।

৬ জুন থেকে এলএ শহরে শুরু হওয়া অভিবাসনবিরোধী অভিযানের প্রতিবাদে বিভিন্ন সংগঠন ও সাধারণ মানুষ রাস্তায় নেমে আসেন। "নো কিংস" ব্যানারে আয়োজিত এসব বিক্ষোভ দ্রুত দেশজুড়ে ছড়িয়ে পড়ে। ওয়াশিংটন ডিসিতে ট্রাম্পের ৭৯তম জন্মদিনে আয়োজিত সামরিক প্যারেড চলাকালীনও বিক্ষোভ হয়। এ সময় ইউটাহের সল্ট লেক সিটিতে সংঘর্ষে একজন নিহত হন। ট্রাম্প বলেন, 'যারা যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ শান্তি বিনষ্ট করতে চায়, তাদের আমাদের দেশে থাকার কোনো অধিকার নেই।" তিনি ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশন (ডিইএ) এবং ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর প্রতি সমর্থন জানিয়ে বলেন, "আমার নিরঙ্কুশ সমর্থন রয়েছে তোমাদের সঙ্গে। এখন যাও, কাজ শেষ করো।'

তবে এ নির্দেশের পরপরই কঠোর সমালোচনার মুখে পড়েছেন ট্রাম্প। মানবাধিকার সংগঠনগুলো একে 'অমানবিক' এবং 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত' বলে আখ্যা দিয়েছে। বিভিন্ন সিটি প্রশাসন জানিয়েছে, তারা অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে সহিংস অভিযান ঠেকাতে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ নেবে।

যুক্তরাষ্ট্রজুড়ে নিরাপত্তা বাড়িয়ে দেওয়া এই ঘোষণা ট্রাম্পের পুরোনো নির্বাচনী প্রতিশ্রুতিরই অংশ, যার লক্ষ্য 'অপরাধীদের সবচেয়ে বড় বহিষ্কার কর্মসূচি' বাস্তবায়ন। ২০২৪ সালের নির্বাচনের সময় এ নিয়ে ব্যাপক জনসমর্থন থাকলেও, এখন দেখা যাচ্ছে ভিন্ন চিত্র। বহু মানুষ এই কর্মসূচিকে 'রাষ্ট্রীয় দমননীতির প্রতীক' বলে আখ্যা দিচ্ছেন।







## উন্নত বিশ্বের চাওয়া-পাওয়া পাল্টে গেছে

৭ পৃষ্ঠার পর

পশ্চাৎপদ জাতিকে আধুনিক করার জন্য কারও দায় নেই। নিজের স্বার্থে বিনিয়োগের কয়েক গুণ বেশি লাভ না করতে পারলে কোনো অনগ্রসর অঞ্চলে তারা টাকা ঢালবে না। তবে পশ্চিমা পরাশক্তিরা ১০০ বছর পর কী দরকার হবে, সেটা মাথায় নিয়ে সবকিছু পরিকল্পনা করে। রাশিয়া-ইউক্রেন যে যুদ্ধ বেধেছে, এর মূল উদ্দেশ্য ছিল ইউক্রেনকে
শক্তিধর রাষ্ট্রে পরিণত করে সেখানে পশ্চিমা শক্তি ভর করে কোনো এক সময় রাশিয়াকে ভেঙে দেওয়া, সাইবেরিয়া অঞ্চল আলাদা করা-আগেই উল্লেখ করেছি সেখানে আছে রেয়ার আর্থ মেটাল। হয়তো ৫০ বছর বা ১০০ বছর পরে, সেটা বিভিন্ন ছলেবলেকৌশলে পশ্চিমাদের চাই। অত্যাধুনিক দুষ্প্রাপ্য দামি যন্ত্রপাতি তৈরিতে অবশ্যই দরকার হবে সেই ধরনের মেটালের। অপেক্ষার দিন গুনছি, কবে আমাদের সম্পদ আমরাই ব্যবহার করব। সে জন্য হয়তো দরকার দক্ষ ও যোগ্য নেতৃত্বের।
লেখক: প্রকৌশলী।

## মামদানিকে হত্যার হুমকি

১ পৃষ্ঠার পর

বলে মামদানির প্রচারণা অফিস এবং পুলিশ জানিয়েছে।
এনওয়াইপিডি জানিয়েছে, পুলিশের হেট ক্রাইম ইউনিট উগান্ডায় জন্মগ্রহণকারী মার্কিন মুসলিম নাগরিক নিউইয়র্কের আগামী দিনের মেয়র প্রার্থী জোহরান মামদানির বিরুদ্ধে হুমকির তদন্ত শুরু করেছে। বুধবারের বার্তায় অজ্ঞাত ব্যক্তিটি বলেন, 'আপনি একটি সন্ত্রাসবাদী অংশ এবং আপনাকে নিউইয়র্ক বা আমেরিকায় স্বাগত জানানো হয় না। আপনার গাড়ি চালু করুন এবং দেখুন কী হয়। আমি আপনার বাড়ি এবং পরিবারের উপর নজর রাখব। কেউ এখানে আপনার সন্ত্রাসবাদী পথ চায় না'। মামদানির কুইন্স অফিস মার্চ থেকে চারটি ভয়েসমেল পেয়েছে যা মুসলিম বিরোধী হুমকি বলে পুলিশ জানিয়েছে। মামদানির প্রচারণার একজন মুখপাত্র বলেন, যদিও মামদানির কোন গাড়ি নেই। তবে বারবার ফোন করা ব্যক্তির হিংস্র ও নির্দিষ্ট ভাষা উদ্বেগজনক, এবং আমরা সমস্ত সতর্কতা অবলম্বন করছি। আমাদের রাজনীতিতে হিংসা ও বর্ণবাদের কোনও স্থান থাকা উচিত নয়'। মামদানি এখন নির্বাচনের মাঠে এন্ড্রু কুমোর অন্যতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে নিজেকে দাড় করিয়েছেন।
মামদানি বারবার বলেছেন, তিনি হিংসা ও ইহুদি বিদ্বেষকে প্রত্যাখ্যান করেন। বুধবার তিনি এবং তাঁর পরিবার যে ইসলামোফোবিক হত্যার হুমকি পেয়েছেন। তারপর মামদানি এ বিষয়ে চোখে অশ্রু নিয়ে আবেগপ্রবণ হয়ে কথা বলেছেন।

## অপরাধ দেখে নীরব থাকার শাস্তি ভয়াবহ

২৫ পৃষ্ঠার পর

তাদের প্রতিরোধ করার চেষ্টা কেউ করে না। ফলে এ ধরনের চোরেরা আরো ব্যাপকভাবে অপরাধ করার উৎসাহ পায়। এখানে একদিকে যেমন ছিনতাইয়ের মারাত্মক গুনাহ সংঘটিত হয়, তেমনি অন্যদিকে মুমিনের গুরুত্বপূর্ণ দায়িত্ব 'নাহি আনিল মুনকার' বা অসৎ কাজে বাধা প্রদানের দায়িত্ব লঙ্ঘিত হয়।
নিম্নে এ বিষয়ে সংক্ষেপে আলোচনা করার চেষ্টা করব ইনশাআল্লাহ।
চুরি বা ছিনতাই কত বড় অপরাধ : ইসলামের দৃষ্টিতে চুরি বা ছিনতাই এগুলো খুবই মারাত্মক অপরাধ। এতটাই মারাত্মক অপরাধ যে কোনো দেশে ইসলামী শাসনব্যবস্থা থাকলে এবং চোরের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ দলিল-প্রমাণের মাধ্যমে প্রমাণিত হলে তার হাত কেটে দেওয়ার বিধান রয়েছে। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'আর পুরুষ চোর ও নারী চোর তাদের উভয়ের হাত কেটে দাও তাদের অর্জনের প্রতিদান ও আল্লাহর পক্ষ থেকে শিক্ষণীয় আজাবস্বরূপ এবং আল্লাহ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।' (সুরা : মায়িদা, আয়াত : ৩৮)।
নবীজি (সা.) বলেছেন, যারা ছিনতাই করে, তারা আমার দলভুক্ত নয়। (আবু দাউদ, হাদিস : ৪৩৯০)।
চুরি বা ছিনতাইয়ের ব্যাপারে ইসলামে কঠোর শাস্তির বিধান থাকলেও ইসলামী শাসনব্যবস্থা না থাকায় এগুলোর প্রয়োগ এ অঞ্চলে নেই। তবে প্রচলিত আইনেও সঠিকভাবে এসব চোর/ছিনতাইকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যেত, তাহলেও হয়তো এসব ঘটনা অনেকটা কমে যেত। কিন্তু বাস্তবতা হলো, এসব চোরের বিরুদ্ধে অভিযোগ দায়েরের ঘটনা বা তাদের বিচারের আওতায় আনার ঘটনা একেবারেই কম। অনেকে এদের বিরুদ্ধে অভিযোগই করে না, আবার অভিযোগের ভিত্তিতে কিছুসংখ্যক অপরাধী ধরা পড়লেও কৌশলে উপযুক্ত শাস্তি না পেয়েই পার পেয়ে যাওয়ার সুযোগ আছে।

## নিউইয়র্কের বাইরে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা

৩ পৃষ্ঠার পর

আহমেদ, পার্সোনাল অফিসার আব্দুল আউয়াল, পার্সোনাল অফিসার মোঃ আসাদুজ্জামান, এস এম মফিজউদ্দীন, শফিকুল ইসলাম এই সেবা প্রদান করেন। ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার আওতায় আড়াই শতাধিক প্রবাসী বাংলাদেশি সহজেই মেশিন রিডেবল পাসপোর্ট গ্রহণ ও পাসপোর্ট নবায়নসহ বিভিন্ন সেবা গ্রহণের সুযোগ পান। এ ছাড়া যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারী বাংলাদেশিরা তাঁদের পাসপোর্টে নো ভিসা রিকোয়ার্ড সিলসহ অন্যান্য সেবা নেন।
বিএএসির সভাপতি শহীদ খান বাংলাদেশ কনস্যুলেটের কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও তাদের সহায়তা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি এই কার্যক্রম সফল করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। বিএএসির সাধারণ সম্পাদক সোহেল আহমেদ ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা প্রদান করার জন্য বাংলাদেশ কনস্যুলেটের কর্মকর্তাদের ধন্যবাদ জানান। নির্দিষ্ট সময়ের অনেক আগেই ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা গ্রহণের জন্য প্রবাসীরা কাউন্টি ভবনে সমবেত হতে থাকেন।
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির কর্মকর্তা আহসান হাবিব, আজিজুল ইসলাম কেরামৌল, ফরহাদ সিদ্দিক,জয়ন্ত সিংহ, কৃষ্ণ চৌধুরী প্রমুখের সাদর সম্ভাষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনায় প্রবাসী বাংলাদেশিরা কোনো ধরনের ঝক্কি-ঝামেলা ছাড়াই এই সেবা গ্রহণ করে যারপরনাই খুশি হন। প্রবাসী বাংলাদেশিরা বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির এই ধরনের আয়োজনের জন্য সংগঠনের কর্মকর্তাদের ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এই ধরনের সেবামূলক কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

## উমরের ইসলাম গ্রহণ

২৫ পৃষ্ঠার পর

পড়িয়েছে শত্রুতায়। স্বামী-স্ত্রীর পবিত্র সম্পর্ক বিচ্ছেদে রূপ নিয়েছে। আরো বলতেন শুধু এই মুহাম্মদের কারণেই মক্কার ব্যবসা-বাণিজ্য চরম হুমকির মুখে পড়েছে। তাছাড়া, আমাদের বহুদিনের প্রচেষ্টায় বানানো মূর্তি ও দেবদেবীকে সে তুমুল সমালোচনায় বিদ্ধ করছে। আমাদের বাপ-দাদার ধর্মকে চির বাতিল বলে ঘোষণা দিয়েছে। এবং সেগুলোকে অসার ও অকার্যকর বলে প্রমাণ করার চেষ্টায় রত।' হজরত উমর রাসুল (সা.)-কে দেখে প্রবল রাগে ক্ষিপ্ত হয়ে ওঠেন। যার কারণে মুসলমানরা বাপ-দাদার ধর্মকে প্রশ্নবিদ্ধ করছে। দিন দিন বিশৃঙ্খলার দিকে এগিয়ে যাচ্ছে। হাজার হাজার পরিবারে ফাটল ধরিয়েছে যে লোক; সেই-ই তো সব সমস্যার মূল। ওকে যেহেতু একা পেয়েছি রক্তাক্ত করে দেব আজ। কিছুতেই তাকে ছাড়ব না আজ। আমি হলাম মক্কার সবচেয়ে শক্তিশালী যুবক। আমাকে দমানোর সাধ্য কার! কথাগুলো হজরত উমর বলছেন মনে মনে। হজরত উমর রাসুলের পিছুপিছু ছুটলেন সে রাতে। রাসুল তো কাবায় ঢুকে বুকে ঈশকের জোয়ার তুলে মাথা অবনমিত করছেন আল্লাহর কুদরতি পায়। মুখে ইশকে ইলাহির জিকির তুলে সময় পার করছেন। কখনো আবার মহিমান্বিত কোরআন তেলাওয়াতে বিমুগ্ধতা ছড়াচ্ছেন, কোরআন তেলাওয়াত করে যাচ্ছেন মিহি সুরে।

## শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলে বুঝবেন কীভাবে?

২২ পৃষ্ঠার পর

ও দাঁতের স্বাস্থ্য রক্ষা করে। শরীরে ক্যালসিয়াম অন্যান্য কার্যক্রমেও সহায়তা করে। যেমন- পেশি, ধমনীর সংকোচন ও স্নায়ুতন্ত্রের বার্তা সরবরাহ করতে সাহায্য করে। হৃৎপিণ্ডের বিভিন্ন অঙ্গেও ক্যালসিয়ামের প্রয়োজন। শরীরে ক্যালসিয়াম ঘাটতি থাকলে বিভিন্ন রোগের ঝুঁকি বাড়ে। যার মধ্যে অন্যতম হলো অস্টিওপোরোসিস ও অস্টিওপেনিয়া। ক্যালসিয়ামের অভাবে শিশুদের রিকেট রোগ হয়। সাধারণত বাচ্চা ও বড়দের মধ্যে ক্যালসিয়ামের অভাব দেখা দেয়, যা একাধিক স্বাস্থ্য সমস্যার কারণ হয়ে দাঁড়ায়। ল্যাকটোজ ইনটলারেন্টদের ক্যালসিয়ামের চাহিদা পূরণ-ল্যাকটোজ ইনটলারেন্টদের ক্যালসিয়ামের চাহিদা পূরণ-ক্যালসিয়াম এমন একটি গুরুত্বপূর্ণ খনিজ যা সুস্থ হাড় ও দাঁতের জন্য জরুরি। স্নায়ু, পেশি ও হৃদযন্ত্রের সুষ্ঠু কার্যকারিতা বজায় রাখতেও এটা প্রয়োজনীয়। রক্তে ক্যালসিয়ামের পরিমাণ অত্যধিক হারে কমে যাওয়াকে হাইপোক্যালসেমিয়া বলা হয়। হাড়ের ক্ষয়ের অবক্ষয়ের মূল কারণ মূলত বার্ধক্য। শরীরে অন্য কোনও রোগ বাসা বাঁধলে আমরা যথেষ্ট সজাগ থাকি। তবে হাড়ের যত্নের ক্ষেত্রে অধিকাংশ মানুষই খুব উদাসীন। খাওয়া-দাওয়ায় অনিয়ম, শরীরচর্চা না করা, ভাজাপোড়া খাওয়ার অভ্যাসে হাড়ের স্বাস্থ্যের ক্ষতি হয়। বিশেষ করে যারা ধূমপান করেন, অল্প বয়সেই তাদের হাড়জনিত সমস্যা বাড়ে। হাড়ের সমস্যাগুলি শরীরে বাসা বাধার আগে কিছু উপসর্গ দেখা দেয়। সেগুলো নিয়ে সতর্ক হওয়া জরুরি। না হলে পরবর্তী সময়ে বড় সমস্যায় ভুগতে হতে পারে। হাড়ের ক্ষয় প্রতিরোধে প্রতিদিনের খাদ্যতালিকায় পর্যাপ্ত মাত্রায় ক্যালসিয়াম রাখা প্রয়োজন। শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলে হাড়ের নানা রকম অসুখ বাসা বাধে। শরীরে ক্যালসিয়ামের অভাব হলে শরীরই সে কথা জানান দেয়। এছাড়াও ক্যালসিয়ামের অভাবে দেখা দেয় বিভিন্ন লক্ষণ যেমন- পা ও হাত ঝিঁঝি ধরা, অবশ হওয়া, ব্যথা, ক্লান্তি, হতাশা, দাঁতের ক্ষয়, পেশি ব্যথা ইত্যাদি।
কম পরিমাণে ক্যালসিয়াম গ্রহণ করা বা উচ্চমাত্রায় ক্যালসিয়াম উপস্থিত এমন খাদ্যের প্রতি আকর্ষণহীনতা একটি নির্দিষ্ট সময়ের পর ক্যালসিয়ামের অভাবের কারণ হয়ে দাঁড়াতে পারে। এ ছাড়াও নারীদের মধ্যে হরমোনের পরিবর্তন বা কোনও জেনেটিক বিষয় ক্যালসিয়ামের স্তরকে প্রভাবিত করতে পারে। তাই বার বার দাঁতের সমস্যা, ক্লান্তি, শুষ্ক ত্বক, পেশি ব্যথা হলে এ বিষয়ে সতর্ক হতে হবে ও দ্রুত শরীরে ক্যালসিয়ামের মাত্রা বাড়াতে পারে এমন খাদ্য গ্রহণ করতে হবে। জেনে নিন, কোন কোন উপসর্গ দেখলে সতর্ক হবেন? হাত ও পায়ে অসাড়তা ক্যালসিয়ামের অভাবের দিকে ইঙ্গিত করে। ক্যালসিয়ামের স্তর কমলে দুর্বলতা দেখা দেয়। এর ফলে ব্যক্তি সবসময় ক্লান্ত বোধ করবে এবং সারাদিন কাজ করার সামর্থ্য অর্জন করতে ব্যর্থ হবে শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলেই পেশিতে ব্যথা, ক্র্যাম্প ও খিঁচুনি শুরু হয়। হাঁটাহাঁটি করার সময়ে হাঁটুতে ব্যথা হয়। এ ছাড়াও হাত, বাহু, পা ও মুখের চারপাশে অসাড়তাও অনুভব হতে পারে। আবার পেশি দুর্বলও হতে পারে। কারণ ক্যালসিয়ামের অভাবে পেশি স্বাভাবিক অবস্থায় থাকতে পারে না। এ ধরনের সমস্যা হলেই সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি। ক্যালসিয়ামের ঘাটতির ফলে হাড়ের ঘনত্ব কমে যেতে পারে। একে অস্টিওপোরোসিস বলা হয়। এর ফলে হাড় জীর্ণ হয়ে পড়ে ও ফ্র্যাকচারের সম্ভাবনা বৃদ্ধি পায়। ক্যালসিয়ামের স্তর কম হলে ত্বকে ময়েশ্চার ও স্বাস্থ্যকর পিএইচ বজায় রাখা যায় না। শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলে ত্বক শুষ্ক, নখ ভাঙা, চুল মোটা, একজিমা, ত্বকের প্রদাহ, ত্বকের চুলকানি ও সোরিয়াসিসের মতো সমস্যা হতে পারে। নখ ভেঙে যাওয়া শরীরে ক্যালসিয়ামের ঘাটতির বড় লক্ষণ।
উঁচিলে কমবে কোলেস্টেরল-শরীরে ক্যালসিয়ামের ঘাটতি হলেই পেশিতে ব্যথা, ক্র্যাম্প ও খিঁচুনি শুরু হয়। হাঁটাহাঁটি করার সময়ে হাঁটুতে ব্যথা হয়। এ ছাড়াও হাত, বাহু, পা ও মুখের চারপাশে অসাড়তাও অনুভব হতে পারে। এ ধরনের সমস্যা হলেই সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
Email: ajkalnews@gmail.com
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


GRAND SPONSOR:
Empire Care Agency
NURUL AZIM
Ph: 516-451-3748
GOLDEN AGE HOME CARE
PRESENTS
GOLD SPONSOR:
KR SHERA INC
MILES
Reloaded
LIVE IN NEW YORK
POWERED BY:
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
FRIDAY, JUNE 27, 2025, 7.30-11.00 PM
VENUE: QUEENS THEATRE
14 United Nations Ave S, Queens , NY 11368
SILVER:$35 GOLD:$50 VIP:$100 VVIP: $200
SCAN FOR TICKET
CO-SPONSOR
utshob.com
MASWALA
516-827-0407
Abdur Rashid Babu
Community Activist
THE GARAGE
COMPLETE AUTO CARE
KEY/MAX REALTY
naveena
MD. ALAM NOMI
718 300 6953
Halal Indo-Chinese & Indian Cuisine
(718) 725-0001
AFTAB SUPER MARKET
144-01 HILLSIDE AVE
(718) 301-8510
save the smile
Flixza
NURUL AMIN BABU
BUSINESSMAN NEW YORK CITY.
WHERE TASTE MATTER
ORGANIZE BY:
Galaxy media
For More Information: 929-538-7903
Media Partner:
Rtv
আজকাল
ইনকিলাব
Print Partner:
ihope print.com


শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
Online Partner
Magazine Partner
LOOK@ME

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

# PCA HOME CARE সেবা

আমাদের স

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE** সেবা
আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব **PCA ও HHA** ট্রেনি

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com



# গোল্ডেন এজ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশী সহ বিপুল সংখ্যক দর্শকের উপস্থিতিতে এদিন সন্ধ্যায় টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র সভাপতি দুলাল মিয়া (এনাম) এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক খায়রুল ইসলাম খোকনের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, ট্রাস্টি মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল খান, বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র প্রতিষ্ঠাতা সভাপতি মনজুর আহমেদ চৌধুরী, জুনেদ আহমেদ চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক রশিদ রানা, বিশিষ্ট ব্যবসায়ী সাহেদ আবেদীন, বিয়ানী বাজার সমিতির সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, বাংলাদেশ সোসাইটির সাংস্কৃতিক সম্পাদক আনিক রাজ, সাবেক খেলোয়ার মখন মিয়া প্রমুখ।

বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র সভাপতি দুলাল মিয়া (এনাম) জানান, প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টটির







আনুষ্ঠানিক উদ্বোধন করার কথা ছিল শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট অ্যান্ড সিইও শাহ নেওয়াজের। তিনি অনুস্থতাজনিত কারণে অনুপস্থিত থাকায় বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান আনুষ্ঠানের উদ্বোধন করেন সংগঠনের সভাপতি দুলাল মিয়া (এনাম) জানান, ওই দিন নিউইয়র্ক সিটির রুযাভাল আইল্যান্ড স্টেডিয়ামে ফ্লাড লাইটে এ ফুটবল টুর্নামেন্টে ৪টি দল অংশ নেয়। প্রথম খেলায় বর্তমান ইউনাইটেড বনাম আইসাব ম্যাচের ফলাফল ড্র হয়। ২-২ গোলে ড্র হওয়ায় উভয় দলের মাঝে পয়েন্ট ভাগাভাগি হয়। উত্তেজনাপূর্ণ এই খেলায় বর্তমান ইউনাইটেড ১ পয়েন্ট এবং আইসাব ১ পয়েন্ট সংগ্রহ করে। দিনের দ্বিতীয় খেলায় গার্ডেন স্টেট এফসি'র সাথে যুব সংঘ মুখোমুখি হয়। আক্রমণ পাল্টা আক্রমনের মধ্য দিয়ে অনুষ্ঠিত উত্তেজনাপূর্ণ এ খেলায় যুব সংঘকে ১-৩ গোলে পরাজিত করে গার্ডেন স্টেট এফসি পূর্ণ ৩ পয়েন্ট অর্জন করে। দুলাল মিয়া (এনাম) জানান, এবারের গোল্ডেন এজ ফুটবল টুর্নামেন্টে মোট ৮টি দল অংশ নেবে। দলগুলো হলোঃ বর্তমান ইউনাইটেড, আইসাব, যুব সংঘ, গার্ডেন স্টেট এফসি, ফাইটারস ক্লাব, সন্দীপ ইউনাইটেড, নোয়াখালী টাইগারস এবং স্পোর্টিং ক্লাব। কর্মকর্তারা জানান, গোল্ডেন এজ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান ও রানার্স আপ দলকে ব্যাপক আয়োজনের মাধ্যমে পুরস্কৃত করা হবে। এ প্রতিযোগিতা নিয়ে ব্যাপক সাড়া পড়েছে প্রবাসে।









# ঐক্যবদ্ধ ফোবানা সম্মেলন নায়াগ্রা ফলসে

১ পৃষ্ঠার পর









অনুষ্ঠিত হবে নিউইয়র্কের পর্যটন শহর নায়াগ্রাতে। এবারের সম্মেলনের শ্লোগান 'প্রবাসী নতুন প্রজন্মই হোক আগামী ফোবানার শক্তি'। গত ১৬ জুন জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। শাহনেওয়াজ এবং গিয়াস আহমেদের নেতৃত্বাধীন ফোবানা এক হওয়া উপলক্ষ্যে আয়োজিত যৌথভাবে সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফোবানার স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান শাহনেওয়াজ, ফোবানার স্টিয়ারিং কমিটির সদস্য গিয়াস আহমেদ, এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী শাখাওয়াত হোসেন আজম, মেম্বার সেক্রেটারি মঈনুল হক চৌধুরী হেলাল, ফোবানার কমিটির সদস্য মোহাম্মদ হোসেন খান, আলী ইমাম শিকদার, হাসানুজ্জামান, আবু দারা জুবায়ের, খন্দকার ফরহাদ, রহিম নিশান, ফাহাদ সোলায়মান, সাংবাদিক সাহাবুদ্দিন সাগর, ওয়াহেদ কাজী এলিন। ফোবানার স্টিয়ারিং কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি কাজী আজম সংবাদ সম্মেলনে সঞ্চালনা করেন। সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে শাহনেওয়াজ বলেন, আমাদের মধ্যকার কিছু ভুল বোঝাবুঝির কারণে পৃথকভাবে সম্মেলন আয়োজন করেছি। আয়োজন পৃথক হলেও মন এবং মননে দু'পক্ষই এক ছিল। আমাদের মধ্যে ভুল বোঝাবুঝির অবসান হয়েছে। তাই ৩৯তম ফোবানা সম্মেলনটি ঐক্যবদ্ধ ভাবে নিউইয়র্কের আলোকিত ও পর্যটক আকৃষ্ট শহর নায়াগ্রাতে আয়োজন করা হবে। আগামী ২৯, ৩০, ৩১ আগস্ট নায়াগ্রার হোটেল এরপর ৪৪ পৃষ্ঠায়


WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**
রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760
Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@gmail.com

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net




## জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির কমিটি পূনর্গঠন

৩ পৃষ্ঠার পর

বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন এবং ভবিষ্যত পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও সভায় সংগঠনটিকে ভবিষ্যতে আরো শক্তিশালী, গতিশীল এবং কার্যকর করতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় বিশেষ দোয়া এবং নতুন উপদেষ্টা ও কার্যকরী পরিষদের নতুন কর্মকর্তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। উপদেষ্টা পরিষদঃ প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি। উপদেষ্টা যথাক্রমে ডা. ওয়াজেদ এ খান, হারুন নূর, রেজাউল করীম চৌধুরী, হাজী শামসুল ইসলাম, মনজুর আহমেদ চৌধুরী, সালেহ আহমেদ, অধ্যাপিকা হুসনে আরা বেগম, এমডি কামরুজ্জামান, ডা. টমাস দুলু রায়, এবিএম সালাহউদ্দিন আহমেদ, প্রফেসর শাহাদত হাসান, মোহাম্মদ সাদেক, শাহ জে চৌধুরী, ওমর খসরু, মোহাম্মদ মনির হোসেন, সৈয়দ আতিকুর রহমান, জুলফার হায়দার, আপন এইচ ইমাম, মোহাম্মদ কাদের ভূঁইয়া শিশির, মওলানা শহীদুল্লাহ, বদির সরকার ও মিলি ভূঁইয়া।

কার্যকরী কমিটিঃ সভাপতি- মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, সিনিয়র সহ সভাপতি এএফ মিসবাহউজ্জামান, সহ সভাপতি মোহাম্মদ কামরুল ইসলাম সনি ও রাসেক মালিক, সাধারণ সম্পাদক মোহাম্মদ এনায়েত হোসেন মুন্সী, সহ সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন স্বপন, কোষাধ্যক্ষ আখতার বাবুল, সাংগঠনিক সম্পাদক রাশেদুজ্জামান মিন্টু, প্রচার ও জনসংযোগ সম্পাদক সাইফুল ইসলাম রিয়াদ, ক্রীড়া সম্পাদক সুমন খান, সমাজকল্যাণ সম্পাদক ইকবাল আহমেদ, সাহিত্য সম্পাদক ইফফাত ইয়াসমীন, সাংস্কৃতিক সম্পাদক লিপা জামান, পরিবি এন্ড এডভোকেসী সম্পাদক জিল্লুর রহিম, কমিউনিটি আউটরীচ সম্পাদক শরীফ হোসেন, স্কুল ও শিশু বিষয়ক সম্পাদক তামান্না আইরিন এবং তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মহিউদ্দিন পাটোয়ারী।

কার্যকরী সদস্যঃ বিলাল আহমেদ চৌধুরী, সাইফুল ইসলাম, মোহাম্মদ সেবুল মিয়া, ইফজাল আহমেদ চৌধুরী, মোয়াল্লেন জে মোল্লা সানী, মিন্টু মোহাম্মদ, লিটন আহমেদ, মোহাম্মদ আনোয়ার হোসেন, রেজাউল আলম অপু, নওশাদ হায়দার, এস এম সোলায়মান, আলম সরকার, হুমায়ুন আহমেদ, সাইফ আলম, নেহার ভূঁইয়া রাসেল ও আব্দুল সাত্তার।



## নিউইয়র্কে লুকিয়ে থাকা প্রেস মিনিস্টারকে নিয়ে কাজ নেই

৩ পৃষ্ঠার পর

করলেই আমরা তা করে দিচ্ছি।

দিল্লীতে বিগত সরকারের সময় নিযুক্ত প্রেস মিনিস্টার শাবান মাহমুদের দিকে ইঙ্গিত করে ওয়াশিংটনে নিযুক্ত বর্তমান সরকারের নতুন প্রেস মিনিস্টার গোলাম মোর্তোজার কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, বিগত সরকারের একজন প্রেস মিনিস্টার নিউইয়র্কে লুকিয়ে চলাফেরা করেন এমন বিষয়টি নিয়ে আমাদের কোন কাজ নেই। দূতাবাসে আমার কাজ হচ্ছে আমি প্রেস ব্রিফিং তৈরি করি। মূলধারার মিডিয়ার সঙ্গে যোগাযোগ রক্ষা করি। বাংলাদেশ বিষয়ক কোন সংবাদ প্রকাশিত হলে তা নিয়ে কথা বলি। বাংলাদেশ সরকার এবং যুক্তরাষ্ট্র সরকারের সবকয়টি আলোচনা পর্বে আমি উপস্থিত থাকি। আমি এই পদে যোগদান করে সাংবাদিকতার দৃষ্টিতে দেখেছে চলে গেলাম কিনা জানি না। অনুষ্ঠানে গোলাম মোর্তোজা বলেন, বাংলাদেশে ছাত্র জনতার রক্ত দেয়ার ঘটনা অভূতপূর্ব একটি ব্যাপার। যা লিখে, বলে বা ডকুমেন্টারি তৈরি করে বুঝানো যাবে না। নির্বাচন কবে হবে তার পরিষ্কার একটা চিত্র এখন আমাদের সামনে আছে। নবনিযুক্ত কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক তার বক্তব্যে বলেন, আমি তিনজনের বিশ্লেষণ শুনতাম তারা হচ্ছেন আমার দেশ সম্পাদক মাহমুদুর রহমান, নিউএজ সম্পাদক নুরুল কবীর এবং গোলাম মোর্তোজা।

তাঁর এই বক্তব্যের পর প্রেস মিনিস্টার গোলাম মোর্তোজা স্মিত পোষণ করে বলেন, কারো নাম উল্লেখ করে বললে অসুবিধা হয়। কারো নাম উল্লেখ করা যাবে না। গণঅভ্যুত্থান একা একা হয় না। পেছনে ছাত্ররা ছিল। কেন্দ্রিটরা একা ছিল। এক কোরাটি দেশের গুলিতে হত্যার পর তাদের রক্তের ওপর দাঁড়িয়ে এই সরকার গঠিত হয়েছে। আমরা ওয়াশিংটনে আল জাজিরার এক সাংবাদিককে ১ ঘণ্টার মধ্যে ভিসা দিয়েছি। এটিই প্রথম নয় আরও অনেক অনেক মানুষকে দিনেদিনে ভিসা দেয়া হচ্ছে। আইএমএফ-এর কিছু পলিসি বা শর্ত থাকে। বাংলাদেশ এখন স্বাধীনভাবে মতামত জানিয়ে সক্ষমতার পরিচয় দিয়েছে। যা মিডিয়ায় প্রকাশ করা যায়নি।

অনুষ্ঠানে নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সম্পাদক ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

## ইরান-ইসরাইল ভয়াবহ যুদ্ধ পরিস্থিতি

১ পৃষ্ঠার পর

চীন, তুরস্ক, পাকিস্তান, উত্তর কোরিয়ার মতো দেশ ইরানের পক্ষে অবস্থান করছে বলে আভাস মিলেছে। ইরানের আশপাশের মুসলিম দেশে যুক্তরাষ্ট্রের বিভিন্ন সেনাঘাটিতে ৪০ হাজারের বেশি সৈন্য রণসাজে সজ্জিত অবস্থায় আছে। যারা ইরানের ক্ষেপণাস্ত্রের টার্গেটের মধ্যে আছে বলে সংবাদমাধ্যমগুলো জানিয়েছে। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন 'দ্য ডেইলি শো'-তে প্রেসিডেন্ট ট্রাম্পকে ইসরায়েল ও ইরানের মধ্যে বর্তমান দ্বন্দ্ব 'প্রশমিত' করার আহ্বান জানিয়েছেন। এখনও পর্যন্ত, যুক্তরাষ্ট্র এই সংঘাতে সরাসরি পদক্ষেপের বাইরে রয়েছে। তবে এটি ইসরায়েলকে তেহরান থেকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করতে সহায়তা করেছে। তবে কিছু ইঙ্গিত রয়েছে যে, ট্রাম্প প্রশাসন এই দ্বন্দ্বে আরও সরাসরি জড়িত হওয়ার জন্য পদক্ষেপ নিতে পারে। বিল ক্লিনটন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং মধ্যপ্রাচ্যে শান্তি নিয়ে ট্রাম্পের অভিপ্রায় সম্পর্কে সন্দেহ প্রকাশ করলেও তিনি বর্তমান অস্ত্রান্তর-ইন-চিফকে পরিস্থিতি শান্ত করতে এবং 'বেসামরিক নাগরিকদের সরাসরি হত্যা' বন্ধ করার আহ্বান জানিয়েছেন। তিনি আরও বলেন, ট্রাম্প নেতানিয়াহুর সাথে একমত যে তিনি বিশ্বাস করেন ফিলিস্তিনিদের 'একটি রাষ্ট্র থাকা উচিত নয়'। প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন যে, তিনি এপ্রিল মাসে ইরানকে ৬০ দিনের সময় দিয়ে সেই চুক্তিটি ফিরিয়ে আনতে বলেছিলেন, কিন্তু তারা তা প্রত্যাখ্যান করেছে। যার ফলে ইসরায়েল মূল পারমাণবিক স্থানগুলিতে হামলা চালায় এবং ইরানের শীর্ষ সামরিক কর্মকর্তাদের হত্যা করেছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ইরানের ইউরেনিয়ামের ভান্ডার নির্মূল করতে মার্কিন সেনাবাহিনীকে জড়িত করতে বলেছেন। কিন্তু আবার পাবলিক ব্রডকাস্টার কান নিউজকে নেতানিয়াহু বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প যোগ দিতে চান কি-না সেটা সম্পূর্ণ তাঁর সিদ্ধান্ত। ইসরায়েলের প্রধানমন্ত্রী আরও প্রকাশ করেছেন যে, 'প্রয়োজনে মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়াই দুটি অবশিষ্ট পারমাণবিক স্থাপনা দখল করার সক্ষমতা আইডিএফ-এর রয়েছে। আমরা আমাদের সব লক্ষ্য অর্জন করব এবং তাদের সব পারমাণবিক স্থাপনায় আঘাত হানব।' এদিকে ইসরাইলের গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি হাসপাতালে ইরানের কয়েক ডজন ক্ষেপণাস্ত্র সরাসরি আঘাত হেনেছে বলে গতকাল বিকেলে তথ্য দিয়েছে নিউইয়র্কের প্রভাবশালী মিডিয়াগুলো। তাতে ব্যাপক ক্ষতি হয়েছে। এর আগে ইসরাইল ইরানের হাসপাতালে হামলা চালিয়েছিল।

ইরান-ইসরাইল যুদ্ধে যুক্তরাষ্ট্র সরাসরি জড়াবে কি-না তা দুই সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছে হোয়াইট হাউজের মুখপাত্র। আল জাজিরার সিনিয়র এনালিস্ট মারওয়ান বিশারা মনে করেন, ট্রাম্প দুই সপ্তাহের সময়সীমার মধ্যেও ইরানে হামলা চালাতে পারেন। তার মতে এটা স্মোকস্ক্রিন, এমনকি কালও ইরানে আক্রমণ হতে পারে। ইউরোপীয় নেতারা ইরানের সাথে যে আলোচনা করতে চাইছেন তাদের মুখরক্ষার জন্য অল্প কিছু সময় নিতে পারেন। মারওয়ান বিশারার এই বিশ্লেষণ সঠিক মনে হচ্ছে। কারণ হোয়াইট হাউজের মুখপাত্র আবার বলেছেন, তাদের কাছে তথ্য আছে ইরান দু'সপ্তাহের মধ্যে পারমাণবিক বোমা বানাতে পারে। এসব থেকে বোঝা যায় ইরানের ওপর যুক্তরাষ্ট্রের হামলা অনেকটা নিশ্চিত।

অপরদিকে যুক্তরাষ্ট্রের হামলা হবে তা ধরে নিয়ে ইরান যুদ্ধ পরিকল্পনা সাজিয়েছে। ইরান ধীরে ধীরে শক্তিশালী মিসাইলগুলো সামনে আনছে। ইসরাইলের ক্ষয়ক্ষতির পরিমাণ বাড়ছে। যদিও ইসরাইলের ক্ষয়ক্ষতির প্রকৃত চিত্র পাওয়া যাচ্ছে না। তবে হামলার ধরণ দেখে এটা বোঝা যাচ্ছে ইরান সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে হামলাগুলো করছে বলে মনে হচ্ছে। ইরানের একটি হাসপাতালে হামলার পর ইসরাইলের একটি হাসপাতালে হামলা হয়েছে। এছাড়া ইসরাইলের অনেকগুলো সামরিক স্থাপনায় হামলা হয়েছে। ইসরাইল যখন বলছে ইরানের আকাশ তাদের নিয়ন্ত্রণে, এরপর ইরান বলছে ইসরাইলের আকাশ তাদের নিয়ন্ত্রণে। সত্যিই তারা ইসরাইলের আকাশে একের পর এক মিসাইল ছুঁড়ে ক্ষয়ক্ষতি করেছে। ফলে ইসরাইলের প্রতিটি হামলার জবাব দেয়ার চেষ্টা করছে ইরান।

যুদ্ধে সরাসরি যুক্তরাষ্ট্র জড়িয়ে পড়লে ইরানের প্রতিক্রিয়া কেমন হবে? ১. মধ্যপ্রাচ্যের আটটি দেশ ইরাক, কুয়েত, সৌদি আরব, কাতার, জর্ডান, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত ও সিরিয়ার সামরিক ঘাটিতে ৪০ হাজার আমেরিকান সেনা বর্তমানে অবস্থান করছে। এসব সামরিক ঘাটি ইরানের স্বল্পপাল্লার মিসাইলের আওতায় আছে। এছাড়া এসব ঘাটি ইসরাইলের মতো এতো সুদৃঢ় আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাও নেই। ইরানের প্রক্সি সংগঠনগুলোর নিশানা হতে পারে।

২. এছাড়া ইরান হরমুজ প্রণালী ও হুথিরা বাব আল মান্দেব প্রণালী বন্ধ করে দিতে পারে। ফলে এই যুদ্ধ শুধু মধ্যপ্রাচ্যে ছড়িয়ে পড়বে না, এই যুদ্ধের প্রভাবে চীন ও ইউরোপের দেশগুলো অভাবনীয় জ্বালানি সংকটে পড়বে।

এমন পরিস্থিতি তৈরি হলে অন্য দেশগুলো কে কিভাবে এই যুদ্ধে জড়িয়ে পড়বে তা বলা মুস্কিল। তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ান যুদ্ধের জন্য প্রস্তুত থাকার কথা বলছেন, পাকিস্তানের সেনা প্রধানকে ওয়াশিংটনে আমন্ত্রণ জানিয়ে ট্রাম্প ব্যাপক আপ্যায়ন করিয়েছেন। সর্বশেষ এক খবরে দেখা যায়, চীনের একটি বিশেষ প্রযুক্তি সম্পন্ন জাহাজ পারস্য উপসাগরে পৌঁছেছে। পুতিন বলেছেন, ইরানের পারমাণবিক প্রকল্পে ৬০০ রুশ বিজ্ঞানী ও কর্মী কাজ করছে। এখনই তাদের সরিয়ে নেয়ার কোন পরিকল্পনা নেই। এসব বক্তব্য বড় ধরনের যুদ্ধের প্রস্তুতির ইঙ্গিত দিচ্ছে বলে মনে করা হচ্ছে।

## বাংলাদেশি ছাত্রছাত্রীরা আগ্রহ হারাচ্ছেন

১ পৃষ্ঠার পর

নির্দেশনায় বলা হয়েছে, ভিসাপ্রার্থী বিদেশি শিক্ষার্থীদের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট খুলে দিতে হবে। কোনোক্রমেই তাদের অ্যাকাউন্ট-প্রোফাইল লক করে রাখা যাবে না।

মার্কিন পররাষ্ট্র দপ্তর বলছে, তারা বিদেশিদের জন্য স্টুডেন্ট ভিসার আবেদন প্রক্রিয়া পুনরায় শুরু করছে। তবে কর্মকর্তাদের পর্যালোচনার জন্য সকল আবেদনকারীর সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট 'পাবলিক' হিসেবে সেট করতে হবে।

বিভাগ বলছে, কনস্যুলার অফিসাররা নাগরিক, সংস্কৃতি, সরকার, প্রতিষ্ঠান বা যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠাতা নীতির প্রতি আবেদনকারীর কোনো বৈরিতার ইঙ্গিত দেখাবে কার্যকলাপ, পোস্ট এবং বার্তাগুলো খতিয়ে দেখবেন।

আন্তর্জাতিক শিক্ষার্থীদের ওপর ট্রাম্প প্রশাসনের কঠোর ব্যবস্থার সর্বশেষ পদক্ষেপ এই ঘোষণা। যুক্তরাষ্ট্র বলছে, আবেদনকারীরা যারা অ্যাকাউন্ট পাবলিক করতে অস্বীকৃতি জানাবেন তাদের আবেদন বাতিল করা হতে পারে।

এদিকে গত ৩ বছর প্রচুর সংখ্যক বাংলাদেশি শিক্ষার্থী যুক্তরাষ্ট্রের বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। গড়ে প্রতিবছর ১০ বাংলাদেশি শিক্ষার্থী ২০২২-২০২৪ সালে এসেছে। কিন্তু ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে শপথ নেবার পর বাংলাদেশি শিক্ষার্থীদের মধ্যে যুক্তরাষ্ট্রে আসার আগ্রহের ঘাটতি দেখা দিয়েছে। বিশেষ করে ট্রাম্পের ইমিগ্রেশন বিরোধী আগ্রাসী ভূমিকায় বাংলাদেশি ছাত্রছাত্রীরা যুক্তরাষ্ট্রে আসার আগ্রহ হারিয়ে ফেলছেন। ঢাকায় একাধিক স্টুডেন্ট কনসালটেন্সি ফার্ম আজকাল প্রতিনিধিকে বলেন, বাংলাদেশি ছাত্রছাত্রীরা আর আগের মতো আমেরিকায় যাবার আগ্রহ দেখাচ্ছে না। এ হার ২০২৪ সালের চেয়ে অর্ধেকে নেমে এসেছে।

## ইরান প্রবাসিদের জন্য দেশে আহাজারি

১ পৃষ্ঠার পর

বাংলাদেশে থাকা তাদের আত্মীয় পরিজন সরকারী বিভিন্ন দপ্তরে ছুটাছুটি করছেন বিপদের কথা ভেবে। বিভিন্ন টেলিভিশন চ্যানেলে ইসরাইলের বর্বর হামলার ঘটনা দেখছেন আর কান্নাকাটি, আহাজারি করছেন। পরিবারের সদস্যদের জন্য এই কান্না দেখার মতো কেউ নেই। গত কয়েকদিন ধরে ঢাকা শহরে প্রবাসি কল্যাণ মন্ত্রণালয়ে এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের গেইটে প্রবাসির স্বজনদের ভিড় দেখা গেছে। অনেকে হাতে পরিজনের ছবি নিয়ে এসে তাদেরকে দেশে ফিরিয়ে আনা যায় কিনা তা নিয়ে আকুতি জানাচ্ছেন। ইরানে থাকা প্রবাসিরা কবে ফিরতে পারবেন সেই তথ্যই তারা জানতে চাচ্ছেন।

ইরানের তেহরানে বসবাসরত বাংলাদেশী সাংবাদিক শেখ আব্দুর রশিদকে ফেসবুক ম্যাসেঞ্জারে পাওয়া গেলে তিনি জানান, 'সম্প্রচার ভবনে মাটির নীচে আছেন। হঠাৎ করেও ইসরাইলি ড্রোন এসে তাদের ভবনে আঘাত হানলে তারা মাটির নীচে আশ্রয় নিয়েছেন। তেহরান বেতারের বাংলা সার্ভিসে সাংবাদিক শেখ আব্দুর রশিদের মতো প্রায় ১০ জন বাংলাদেশী কর্মরত আছেন। শেখ আব্দুর রশিদ জানান, ইরানে বাংলাদেশীদের সংখ্যা ১০ থেকে ১৫ হাজার। তবে রাজধানী তেহরানেই থাকেন তিন হাজারের মতো বাংলাদেশী। তারা বিভিন্ন পেশায় কর্মরত। বাংলাদেশে তাদের পরিবারের মধ্যে অন্তহীন দুশ্চিন্তা দেখা দিয়েছে। বাংলাদেশ সরকার বলছে, বাংলাদেশীদের ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। তেহরানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসও অন্যত্র সরিয়ে নেবার চেষ্টা করা হচ্ছে। তবে পরিস্থিতি অত্যাধিক রকমের খারাপ। ফলে সরানো রীতিমত ঝুঁকিপূর্ণ। তেহরানে বাংলাদেশ দূতাবাসে কূটনীতিক ও কর্মচারীসহ মোট লোকবল আছে ৪২ জন। তাদেরকে ইরানের মধ্যে তেহরানের বাইরে তুলনামূলক নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। নিষেধাজ্ঞা থাকার কারণে সেখানে অর্থ পাঠানো কঠিন। ফলে একদিকে আর্থিক সংকট; অন্যদিকে, নিরাপত্তাজনিত কারণে অন্যত্র সরিয়ে নেওয়া রীতিমত কঠিন এক কাজ। সাধারণ বাংলাদেশীরাও যারা দেশে ফিরতে আগ্রহী তাদের দেশে আনার উদ্যোগ নেওয়া হয়েছে।

তেহরানে বাংলাদেশ দূতাবাস জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্য হটলাইন চালু করেছে। হটলাইনে ১০০ জন বাংলাদেশে ফিরতে আগ্রহ প্রকাশ করেছেন। তাদেরকে পাকিস্তানের ওপর দিয়ে বাংলাদেশে ফিরিয়ে আনা হচ্ছে। এরিমধ্যে পাকিস্তান সরকার এ ব্যাপারে বাংলাদেশকে সহায়তা করতে আগ্রহ প্রকাশ করেছে।

ইরান-ইসরায়েল যুদ্ধ পরিস্থিতি এবং প্রবাসী বাংলাদেশিদের নিরাপত্তা বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ভারপ্রাপ্ত পররাষ্ট্রসচিব রুহুল আলম সিদ্দিকী জানান, ইরান থেকে তাদের ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হয়েছে।

রাজধানী তেহরানের প্রায় তিন হাজার বাংলাদেশির মধ্যে প্রায় ১০০ প্রবাসী বাংলাদেশ দূতাবাসের সঙ্গে যোগাযোগ করেছেন দেশে ফেরার জন্য। ভারপ্রাপ্ত পররাষ্ট্রসচিব বলেন, আমরা তাদের নিয়ে উদ্বিগ্ন, যারা তেহরানে আছে। তারা হামলায় ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কার মধ্যে আছেন। তাদের এবং আমাদের দূতাবাসে যারা কাজ করছেন, তাদের জন্য এখন কাজ করছি, যাতে তারা নিরাপদে থাকতে পারেন।

গত শুক্রবার স্থানীয় সময় ভোররাত ৪টার পর ইরানের বিভিন্ন সামরিক স্থাপনা এবং সামরিক কমান্ডারদের লক্ষ্য করে ইসরাইলের হামলা শুরু হয়। ইসরাইলের সঙ্গে যুদ্ধের মধ্যে ইরানে বসবাসরত সকল বাংলাদেশি নাগরিক এবং তাদের স্বজনদের জরুরি যোগাযোগের জন্য হটলাইন (+৮৮৯৯০৮৫৭৭৭৩৬৮, +৮৮৯১২২০৬৫৭৪৫) চালু করেছে বাংলাদেশ সরকার।




- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**

*LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.*
*Barrister-At-Law, London.*
*Attorney-At-Law, NY.*

**Address:**
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
*in a Partnership with*

إثراء الخير
ITHRAA ALKHAIR

### এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA · QATAR AIRWAYS القطرية · Emirates · TURKISH AIRLINES

**ঢাকা অফিস**
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

**নিউইয়র্ক অফিস**
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## মেসির চমৎকার গোলে ইন্টার মায়ামির জয়োল্লাস

৫২ পৃষ্ঠার পর

বিরতির আগে অবশ্য সমতায় ফেরে ব্যবধান দ্বিগুণ করতে পারতো পোর্তো; কিন্তু বক্সের বাইরে থেকে আলান ভারেলার শট পোস্টে বাধা পায়। প্রতিপক্ষের ডি-বক্সে প্রথমার্ধে মাত্র ছয়বার বলে স্পর্শ করতে পারা মায়ামি বিরতির পর খেলা শুরু হতেই গোল পেয়ে যায়। ৪৭তম মিনিটে পেনাল্টি স্পটের কাছ থেকে প্রথম ছোঁয়ায় জোরাল শটে বল জালে পাঠান সেগোভিয়া।
৫৪তম মেসির জাদুকরী নৈপুণ্যে এগিয়ে যায় মায়ামি। ডি-বক্সের একটু বাইরে তাকে ফাউল করেন পর্তুগিজ মিডফিল্ডার রদ্রিগো মোরা। দুর্দান্ত ফ্রি কিকে ডানদিকের ওপরের কোণা দিয়ে বল ঠিকানায় পাঠান আর্জেন্টাইন তারকা।
সময় গড়ানোর সঙ্গে মরিয়া হয়ে উঠতে থাকে পোর্তো। টানা কয়েকটি ভালো আক্রমণও করে তারা; কিন্তু শেষটা সুখকর হলো না দলটির। দুই ম্যাচে একটি করে জয় ও ড্রয়ে ৪ পয়েন্ট নিয়ে গ্রুপের দ্বিতীয় স্থানে মায়ামি। সমান পয়েন্ট নিয়ে গোল ব্যবধানে এগিয়ে শীর্ষে পালমেইরাস। সমান ১ করে পয়েন্ট নিয়ে পোর্তো তিনে ও আল আহলি চারে আছে।
গ্রুপে শেষ ম্যাচে বাংলাদেশ সময় আগামী মঙ্গলবার সকালে পালমেইরাসের বিপক্ষে খেলবে ইন্টার মায়ামি। একই সময়ে আরেক ম্যাচে মুখোমুখি হবে পোর্তো ও আল আহলি।

## ৪৯৫ রানে থামল টাইগাররা

৫২ পৃষ্ঠার পর

পড়েছিল বাংলাদেশ দল। তবে সেখান থেকে অধিনায়ক শান্ত এবং মুশফিকের দৃঢ়তায় ভালোভাবেই ঘুরে দাঁড়িয়েছিল তারা। প্রথম দিন শেষে ৯০ ওভারে তিন উইকেটে ২৯২ রান তুলেছে বাংলাদেশ।বাংলাদেশী পোশাক
দ্বিতীয় দিনের শুরুটাও ছিল আগের দিনের ধারাবাহিকতায়। ২৭৯ বলে ১৪৮ রানের অনবদ্য এক ইনিংস খেলে ফিরে যান নাজমুল হোসেন শান্ত। এরপর মুশফিক-লিটনের দৃঢ়তায় এগোতে থাকে বাংলাদেশ। ১৬৩ রানের দারুণ ইনিংস খেলেছেন মুশফিকুর রহিম। লিটন দাস করেন ৯০ রান করে। এরপরেই খেই হারিয়ে ফেলেন টাইগাররা। পরপর ৫ উইকেট হারানোয় দৃশ্যপট পুরো বদলে যায়। দ্বিতীয় দিন শেষে বাংলাদেশের সংগ্রহ দাঁড়ায় ৯ উইকেটে ৪৮৪ রান। সেখান থেকেই আজ ৪৯৫ অর্থাৎ ৫০০'র আগেই অলআউট হয়ে যায় টাইগাররা। শ্রীলঙ্কার পক্ষে ৮৬ রানে ৪ উইকেট নেন পেসার ফার্নান্ডো। ৩টি করে উইকেট মিলান রত্নায়েকে ও থারিন্দু রত্নায়েকের।

## ৩ দেশের ৩৭ হলে "উৎসব"

৪৬ পৃষ্ঠার পর

শান ফ্রান্সিসকো দে এরিয়া। 'উৎসব' ছবিতে প্রধান চরিত্রে আছেন জাহিদ হাসান, চঞ্চল চৌধুরী, জয়া আহসান, অপি করিম,সাদিয়া আয়মান, সৌম্য,বিশেষ চরিত্রে আফসানা মিমি, আজাদ আবুল কালাম, ইন্তেখাব দিনার, সুনেরাহ প্রমুখ। সিনেমাটির আন্তর্জাতিক পরিবেশক স্বপ্ন স্কেয়ারক্রো।
ঈদে কমেডি ঘরানার নতুন বিপ্লব : ঈদুল আজহার ছুটিতে মুক্তি পাওয়া 'উৎসব' এখন দেশীয় সিনেমাপ্রেমীদের মুখে মুখে। চেনা ছকের বাইরে গিয়ে নির্মিত এই চলচ্চিত্রটি যেন ঢালিউডের ট্রাডিশনাল বাজারে এক ঝড় তুলে দিয়েছে। মাত্র ৭টি হলে মুক্তি পেয়েও ৯ দিনের মাথায় এক কোটি টাকার বেশি টিকিট বিক্রির নজির গড়েছে সিনেমাটি।

## জ্যামাইকা বিষাক্ত হয়ে উঠেছে

১ পৃষ্ঠার পর

পান দোকানে গাঁজার ভাগবাটোয়ারা নিয়ে সংঘর্ষ হয়। এই ঘটনা পরে পুলিশ পর্যন্ত গড়িয়েছে বলে জানা গেছে। এই দোকান থেকে মাত্র ৩০ ফুট দূরের 'গাছতলা' নিয়মিত মাদক লেনদেনের আলোচিত স্পট বলে জানিয়েছেন ভুক্তভোগিরা। গতকাল বৃহস্পতিবার সকালে হিলসাইডের ধানসিঁড়ি রেস্টুরেন্টের পেছনের গ্যারেজ থেকে গাড়ির চাকা চুরির মুহূর্তে বাধা দিতে গেলে এক মাদকাসক্ত ব্যক্তি গাড়িতে হামলার হুমকি দিতে থাকে। নিরুপায় হয়ে ভুক্তভোগি ব্যক্তি পুলিশকে কল দেন। তবে পুলিশের ভূমিকা ছিল অত্যন্ত দীর্ঘসূত্রিতা। এসব অভিযোগ করে ভুক্তভোগি বলেন, গত কিছুদিন আগে এই স্থান থেকেই আমার গাড়ির চাকা চুরি হয়েছে। এর আগে গত বছর ১৬৮ স্ট্রিটের অদূরে মান্নান গ্রোসারির কাছে এক মাদকাসক্তের ছুরিতে একজন বাংলাদেশি নিহত হয়েছেন। মাদক, ছিনতাই, চুরি থেকে হত্যাকান্ডের ঘটনায় পুরো এলাকায় বিষাক্ত পরিবেশ বিরাজ করছে। বাঙালি অধ্যুষিত এই এলাকায় অপরাধের প্রবণতা বেড়ে যাবার পেছনে কিছু 'অপরাধপ্রবণ বাংলাদেশি' জড়িত বলে অনেকে অভিযোগ করেছেন।
সূত্রে জানা গেছে, সাটফিন থেকে শুরু করে ১৮৮ স্ট্রিট পর্যন্ত এলাকা এখন আর স্বাভাবিক থাকে না সন্ধ্যার পর। খুব ভোরে এই এলাকায় মাদক চোরাচালান হয় এবং সন্ধ্যার পর আবার মাদকের বেচাকেনা বেড়ে যায়। পার্কিং করা গাড়ির ভেতর থেকেই মাদক বেচাকেনা চলছে। এমন পরিস্থিতিতে এলাকায় নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন রয়েছেন সাধারণ মানুষ ও তাদের পরিবার।
এব্যাপারে স্টুডেন্টস এন্ড এলামনাই কমিউনিটির এডভাইজার সৈয়দ আল আমিন রাসেল-এর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'জ্যামাইকার পরিবেশ এখন বিষাক্ত হয়ে উঠেছে। মাদকের চালান প্রকাশ্যেই লেনদেন হচ্ছে বলে জানা যায়। দূর দূরান্ত থেকেও অনেকে এখানে মাদক কেনার জন্য আসেন। হিলসাইডের আশপাশের পার্কিং করা গাড়িতে এবং বিভিন্ন ছদ্মবেশে মাদক বেচাকেনা চলছে। গত কয়েক বছরের মধ্যে বর্তমান অবস্থা সবচেয়ে মারাত্মক'। ভুক্তভোগিরা জানান, জ্যামাইকা হিলসাইডে মাদক চোরাচালান এবং বেচাকেনার দৌরাত্ম্য বন্ধ করতে হলে স্থানীয় ব্যক্তিদের সম্পৃক্ত করে প্রশাসনিক উদ্যোগ নেওয়া জরুরী।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL





37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড স্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place
from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।





বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২





# নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বনভোজন অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

মিলন মেলা। সকাল থেকে ঠান্ডা, বৃষ্টি আর বাতাসের সমন্বিত বৈরী পরিবেশ হওয়ার পরও দুপুরের দিকে প্রবাসের বিপুল সংখ্যক সাংবাদিক ও তাদের পরিবারের সদস্যসহ আমন্ত্রিত অতিথিদের পদচারণায় জমে উঠে ব্রুকসের গ্রেন আইল্যান্ড পার্কের প্যাভিলিয়ান টু। অনুষ্ঠানে নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে সাংবাদিক, শিল্প উদ্যোক্তা, ব্যবসায়ী ও পেশাজীবীরাও আমন্ত্রিত হয়ে যোগ দেন। বনভোজনে আগত অতিথিদের স্বাগত জানান সভাপতি মনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মমিন মজুমদার সহ কার্যকরী পরিষদের কর্মকর্তারা।

সকালের নাস্তার পর দুপুরে বনভোজনের মূল অনুষ্ঠান শুরু হয়। প্রেসক্লাবের সদস্যদের পরিচিতি সহ আমন্ত্রিত অতিথিদের সাথে নিয়ে বনভোজনের 'স্মরণ' শীর্ষক স্যুভেনিরের উন্মোচন করেন ক্লাবের অন্যতম উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ-এর উপদেষ্টা সম্পাদক আনোয়ার হোসাইন মঞ্জু। এরপর একগুচ্ছ বেলুন উড়িয়ে যৌথভাবে বনভোজনের উদ্বোধনী করেন ক্লাবের সাবেক সভাপতি ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান এবং ক্লাবের সাবেক সভাপতি, সাপ্তাহিক বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের। অনুষ্ঠান পরিচালনা করেন ক্লাবের সহ সভাপতি শেখ সিরাজুল ইসলাম। অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে আমন্ত্রিত সম্পাদক ও সাংবাদিক এবং মিডিয়া ব্যক্তিত্বদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের অধ্যাপক ড. এসএম শামীম রেজা, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সিনিয়র সাংবাদিক শওকত ওসমান রচি, সাপ্তাহিক প্রথম আলো'র নির্বাহী সম্পাদক মঞ্জুরুল হক, টিবিএন২৪-এর বিশেষ প্রতিনিধি শামীম আহমেদ, জুবেদ আহসান, সাপ্তাহিক জেমিনি সম্পাদক কেরাল আহমেদ, বাংলা সম্পাদক হাকিকুল ইসলাম খোকন, সাপ্তাহিক সানাকালো'র নির্বাহী সম্পাদক মোহাম্মদ কাশেম, সাপ্তাহিক আজকাল-এর জেনারেল ম্যানেজার আবু বকর সিদ্দিক, তুষার পিজ, ইউএসএনিউজঅনলাইন.কম সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম।

ক্লাব কর্মকর্তা ও সদস্যদের মধ্যে বক্তব্য রাখেন উপদেষ্টা ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, মাহমুদ খান তাসের ও এবিএম সালেহউদ্দিন, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, সিনিয়র সাংবাদিক ও নিরাপত্তা বিশ্লেষক ড. ইমরান আনসারী, হাসানুজ্জামান সাকী, কুলসুমা রহমান, মেহেরুন্নেসা জেসাহানা ও জামিল আনসারী। এছাড়াও ক্লাবের সাধারণ সদস্যদের মধ্যে বক্তব্য রাখেন ফাহমিদা শিনা, শেখ শফিকুর রহমান ও শরিফুল ইসলাম।

আমন্ত্রিত অতিথি হিসেবে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল রহিম হাওলাদার, ট্রাস্টি বোর্ড সদস্য এবং জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, সোসাইটির ট্রাস্টি বোর্ড সদস্য আনোয়ারুল আলম, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, সাহিত্য সম্পাদক হাসান জিলানী, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক আলহাজ সোলায়মান ভূঁইয়া, কমিউনিটি নেতা আব্দুল শহীদ, এম এ ইসলাম মামুন, মুনা সোস্যাল সার্ভিস-এর চেয়ারম্যান আব্দুল্লাহ আল আরিফ, বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপ (বাগ)-এর সভাপতি জয়নাল আবেদীন, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাধারণ রোকন হাকিম, নিউইয়র্ক বাংলাদেশী লায়ন ক্লাবের সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার, পার্কচেস্টার রিয়েলটির কর্ণধার সালেহউদ্দিন লাল, কুমিল্লা সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি খবির উদ্দিন, এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেল-এর কর্ণধার নজরুল ইসলাম, থ্রী মেকানিক্যাল ইঙ্ক্‌কর্প-এর কর্ণধার মোকাম্মেল চৌধুরী লিটন, জাকির চৌধুরী সিপিএ, খলিল গ্রুপের কর্ণধার শেখ খলিলুর রহমান, রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান, বগুড়া সমিতি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ আকন্দ, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আব্দুল সবুর, পাবনা জেলা সমিতির সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, আমীন মেহেদী, আহসান হাবীব, আব্দুল সবুর, পারভেজ সাজ্জাদ, আহমেদ সোহেল, রাশেক মালিক, বদরুন্নেসা সাগর, আব্দুর রশীদ বাবু, খবির উদ্দীন, রবিউজ্জামান, নুরুল আলম মিন্টু, আহমেদ সোহেল, রাশেক মালিক, শিপন এবং নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে প্রার্থী স্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানীর ক্যাম্পেইন প্রতিনিধি ফাহিমা আক্তার।

দুপুরে ছিলো মজিদ রেস্টুরেন্টের দেশীয় খাবারে মধ্যাহ্ন ভোজ। বিকেলে ছিলো প্রবাসের জনপ্রিয় শিল্পীদের পরিবেশনায় সঙ্গীতানুষ্ঠান আর ক্রীড়া প্রতিযোগিতা সহ র‍্যাফেল ড্র। সঙ্গীত পরিবেশন করেন কৃষ্ণা তিথি, মরিয়ম মারিয়া ও লিপা জামান। ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনা করেন ক্লাবের সাবেক সাংগঠনিক সম্পাদক চৌধুরী মোহাম্মদ কাজল। পুরস্কার বিতরণীর মধ্যদিয়ে দিনব্যাপী বনভোজনে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। র‍্যাফেল ড্র পুরস্কারের প্রধান স্পন্সর ছিলেন কমিউনিটি একটিভিস্ট এটর্নি মঈন চৌধুরী, রাজনীতিক গিয়াস আহমেদ,থি মেকানিক্স এর মোকাম্মেল চৌধুরী ও পার্কচেস্টার রিয়েলিটির সালেহ আহমেদ লাল।

ক্লাবের সাবেক সহ সভাপতি হাবিব রহমান ও সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ সহ বনভোজন অনুষ্ঠানে অন্যান্য সদস্যদের মধ্যে ড. কনক সরোয়ার, সাদিয়া খন্দকার, উর্মিলা সেফারতিতি দিমা, এমদাদ চৌধুরী দিপু, দিদার চৌধুরী, মোহাম্মদ আব্দুল আহাদ, শেলী জামান খান, সানাউল হক, আহমেদ রশীদ, ইকবাল মাহমুদ, মোহাম্মদ সায়েম, আক্তার হোসেন, হুমায়ুন কবীর, আকতারুজ্জামান ইসলাম, সৈয়দ জহির আহমেদ আক্কাস ও রাশিদা আক্তার যোগ দেন।

অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলেন অর্থ সম্পাদক রশীদ আহমেদ, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, প্রচার ও দপ্তর সম্পাদক মাহাথীর ফারুকী, কার্যকরী সদস্য রশিদুল হক, এস এম জাহিদুর রহমান ও মুজাহিদুর রহমান।






























# এবিসিএইচ গ্রুপের বর্ণিল বনভোজন

৬২ পৃষ্ঠার পর

পরিবেশনা ও র‍্যাফেল ড্র। কেন্দ্রীক ভিত্তিক সংগঠনটির এই আয়োজনে ছিলো হরেক রকমের স্টল। যেখানে স্থান পায় বিভিন্ন কাপড়সহ বিভিন্ন সামগ্রী। এতে বক্তারা বলেন, এবিসিএইচএর গ্রুপ দীর্ঘদিন ধরে কমিউনিটির মানুষের কর্মসংস্থানে



কাজ করে যাচ্ছে। সেই সাথে কমিউনিটির কল্যাণে সর্বদা নিয়োজিত আছে। বিগত ৭ বছরে সংগঠনটি বিভিন্নভাবে মানুষের সেবা দিয়ে আসছে। বনভোজনে উপস্থিত ছিলেন সংগঠনটির প্রতিষ্ঠাতা তরিকুল ইসলাম মিন্টু, এটর্নী মঈন চৌধুরী, কেয়ার ক্রেডিটের সিইও আবুল কাশেমসহ কমিউনিটির বিশিষ্টজনেরা।

# মেয়র পদপ্রার্থী ব্র্যাড ল্যান্ডার ইমিগ্রেশন কোর্টে গ্রেফতার

৩ পৃষ্ঠার পর

আলাদা করার চেষ্টা করছিলেন। পরে জোরপূর্বক তাদের আলাদা করে ল্যান্ডারকে হ্যান্ডকাফ পরানো হয়। পরে তাকে ছেড়ে দেয়া হয় বলে জানা যায়।

গ্রেফতারের সময় ল্যান্ডার বলেন, আমি কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করছি না, আমি শুধু করিডোরে দাঁড়িয়ে আছি। এক এজেন্ট তখন তাকে বলেন, আপনি অফিসারদের কাজে বাধা দিচ্ছেন। ল্যান্ডার আরও বলেন, আপনাদের কাছে যদি বিচারকের আদেশ না থাকে, তবে একজন আমেরিকান নাগরিককে গ্রেফতারের কোনো অধিকার নেই।

পরে ল্যান্ডারের স্ত্রী মেগ বারনেট এক সংবাদ সম্মেলনে বলেন, আমরা যখন কোর্ট বিল্ডিং থেকে বের হচ্ছিলাম, তখন হঠাৎ করে বহু ফেডারেল এজেন্ট আমাদের ঘিরে ধরে। আমার চোখের সামনে যা ঘটেছে, তা ছিল আইনবহির্ভূত ও সম্পূর্ণ অগ্রহণযোগ্য। নিউ ইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস, মেয়র প্রার্থী জোহরান মামদানি এবং সিটি কাউন্সিল সদস্য আলেক্সা আভিলেসও ল্যান্ডারের স্ত্রীর ডাকা ঐ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন। হোমল্যান্ড সিকিউরিটির অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি ট্রিসিয়া ম্যাকলাফলিন এক বিবৃতিতে বলেন, ল্যান্ডারকে একজন ফেডারেল অফিসারের ওপর আক্রমণ এবং বাধা দেওয়ার অভিযোগে গ্রেফতার করা হয়েছে। কেউই আইনের ঊর্ধ্বে নয়।

ল্যান্ডারের এই গ্রেফতার এমন এক সময়ে ঘটল যখন যুক্তরাষ্ট্রজুড়ে ইমিগ্রেশন কোর্টগুলোতে ব্যাপকভাবে অভিবাসীদের ধরপাকড় চলছে। বিশেষত, যেসব অভিবাসীর মামলা সরকার প্রত্যাহার করে নিচ্ছে, তাদের দ্রুত বহিষ্কারের উদ্দেশ্যে এসব অভিযান পরিচালিত হচ্ছে। এটি ছিল চলতি জুন মাসে ল্যান্ডারের তৃতীয়বারের মতো ইমিগ্রেশন কোর্টে অভিবাসীদের সহচর হিসেবে উপস্থিত থাকা। এর আগে, তিনি নিউ জার্সির নিউয়ার্কে একটি ডিটেনশন সেন্টারে মেয়র রাস বারাকার গ্রেফতারের প্রতিবাদে অংশ নিয়েছিলেন।

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের প্রেসিডেন্ট মুরাদ আওয়াদেহ বলেন, নিউ ইয়র্ক সিটির কম্পট্রোলারকে গ্রেফতার করা ফেডারেল ক্ষমতার এক চরম অপপ্রয়োগ এবং বিচার ব্যবস্থায় গুরুতর হস্তক্ষেপ। এটি শুধু একজন নির্বাচিত জনপ্রতিনিধির ওপর নয়, বরং সমস্ত নিউ ইয়র্কবাসীর ওপর আঘাত- বিশেষ করে তাদের ওপর, যারা ন্যায়বিচার ও অভিবাসী সম্প্রদায়ের মৌলিক অধিকার রক্ষায় বিশ্বাসী।

একজন অভিবাসী নিউ ইয়র্কবাসীকে আদালত থেকে বের হওয়ার সময় সঙ্গ দেওয়ার কারণে একজন নির্বাচিত কর্মকর্তাকে জোরপূর্বক গ্রেফতার ও আটক করা কোনো আইনি পদক্ষেপ নয়, এটি একটি পরিকল্পিত ভয়ভীতি প্রদর্শনের চেষ্টা। যারা অভিবাসী প্রতিবেশীদের পাশে দাঁড়ায়, তাদের দমন ও অপরাধী হিসেবে চিহ্নিত করতেই এই অপচেষ্টা। এই মুহূর্তে, যখন দিনের আলোয় আমাদের কমিউনিটি থেকে অভিবাসী পরিবারদের তুলে নিয়ে যাওয়া হচ্ছে, তখন এ ধরনের হয়রানি শুধু আতঙ্ক ও অনিশ্চয়তা আরও বাড়িয়ে তুলছে। আমরা ফেডারেল সরকারের কাছ থেকে অবিলম্বে এই ঘটনার পূর্ণ ব্যাখ্যা ও দায়িত্ব গ্রহণ দাবি করছি। নিউ ইয়র্ক সিটি অভিবাসীদের জন্য একটি নিরাপদ আশ্রয়স্থল, আশার প্রতীক এবং ন্যায়ের পক্ষে অবিচল শহর হিসেবেই থাকবে।

এ ঘটনাটির রাজনৈতিক প্রভাব দ্রুত ছড়িয়ে পড়েছে। নির্বাচনের মাত্র এক সপ্তাহ আগে এই গ্রেফতার অনেক বিশ্লেষকের মতে ল্যান্ডারের পক্ষে জনসমর্থন বাড়াতে পারে। কারণ নিউ ইয়র্ক শহরে ট্রাম্প প্রশাসনের ইমিগ্রেশন নীতির বিরুদ্ধে ব্যাপক জনমত রয়েছে। ডেমোক্রেটিক সোশ্যালিস্ট প্রার্থী জোহরান মামদানি বলেন, আইস-এর কোনো আইন বা শৃঙ্খলার প্রতি শ্রদ্ধা নেই। তারা শুধু আমেরিকার জনগণকে আতঙ্কিত করতে চায়।

# অপরাধ দেখে নীরব থাকার শাস্তি ভয়াবহ

২৫ পৃষ্ঠার পর

আরো ব্যাপকভাবে অপরাধ করার উৎসাহ পায়। এখানে একদিকে যেমন ছিনতাইয়ের মারাত্মক গুনাহ সংঘটিত হয়, তেমনি অন্যদিকে মুমিনের গুরুত্বপূর্ণ দায়িত্ব 'নাহি আনিল মুনকার' বা অসৎ কাজে বাধা প্রদানের দায়িত্ব লঙ্ঘিত হয়।

নিম্নে এ বিষয়ে সংক্ষেপে আলোচনা করার চেষ্টা করব ইনশাআল্লাহ। চুরি বা ছিনতাই কত বড় অপরাধ : ইসলামের দৃষ্টিতে চুরি বা ছিনতাই এগুলো খুবই মারাত্মক অপরাধ। এতটাই মারাত্মক অপরাধ যে কোনো দেশে ইসলামী শাসনব্যবস্থা থাকলে এবং চোরের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ দলিল-প্রমাণের মাধ্যমে প্রমাণিত হলে তার হাত কেটে দেওয়ার বিধান রয়েছে। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'আর পুরুষ চোর ও নারী চোর তাদের উভয়ের হাত কেটে দাও তাদের অর্জনের প্রতিদান ও আল্লাহর পক্ষ থেকে শিক্ষণীয় আজাবস্বরূপ এবং আল্লাহ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।' (সুরা : মায়িদা, আয়াত : ৩৮)। নবীজি (সা.) বলেছেন, যারা ছিনতাই করে, তারা আমার দলভুক্ত নয়। (আবু দাউদ, হাদিস : ৪৩৯০)।

চুরি বা ছিনতাইয়ের ব্যাপারে ইসলামে কঠোর শাস্তির বিধান থাকলেও ইসলামী শাসনব্যবস্থা না থাকায় এগুলোর প্রয়োগ এ অঞ্চলে নেই। তবে প্রচলিত আইনেও সঠিকভাবে এসব চোর/ছিনতাইকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা গেলে, তাহলেও হয়তো এসব ঘটনা অনেকটা কমে যেত। কিন্তু বাস্তবতা হলো, এসব চোরের বিরুদ্ধে অভিযোগ দায়েরের ঘটনা বা তাদের বিচারের আওতায় আনার ঘটনা একেবারেই কম। অনেকে এদের বিরুদ্ধে অভিযোগই করে না, আবার অভিযোগের ভিত্তিতে কিছুসংখ্যক অপরাধী ধরা পড়লেও কৌশলে উপযুক্ত শাস্তি না পেয়েই পার পেয়ে যাওয়ার সুযোগ আছে।

অথচ কোনো রাষ্ট্র যদি ইসলামের আইন অনুযায়ী এদের বিচারের আওতায় আনত তাহলে কোনো চোরই এই অপরাধ করার সাহস পেত না। সামাজিক প্রতিরোধ না করার ক্ষতি : ইসলামের দৃষ্টিতে সামাজিক শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে যেমন সৎ কাজে আদেশ দেওয়া জরুরি, তেমনি কোথাও কোনো অপরাধ সংঘটিত হলে, সাধ্যমতো তা প্রতিহত করাও জরুরি। নইলে অপরাধীরা অপ্রতিরোধ্য হয়ে ওঠে।

পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'আর যেন তোমাদের মধ্য থেকে এমন একটি দল হয়, যারা কল্যাণের প্রতি আহ্বান করবে, ভালো কাজের আদেশ দেবে এবং মন্দ কাজ থেকে নিষেধ করবে। আর তারাই সফলকাম।' (সুরা : আলে ইমরান, আয়াত : ১০৪)। তাই আমাদের উচিত সামাজিক সংঘটিত সব ধরনের অপরাধের বিরুদ্ধে সামাজিক সচেতনতা গড়ে তোলা। কোথাও অপরাধ হতে দেখলে সম্মিলিতভাবে তা প্রতিরোধ করার মানসিকতা তৈরি করা। অবশ্যই স্থান, কাল, পাত্র ও নিজের সক্ষমতা বিবেচনা করে নিজের সর্বোচ্চ দিয়ে অপরাধ দমনের চেষ্টা করতে হবে। কেননা হাদিস শরিফে এসেছে, রাসুল (সা.) ইরশাদ করেছেন, তোমাদের কেউ গর্হিত কাজ হতে দেখলে সে যেন হাতে (শক্তি প্রয়োগে) পরিবর্তন করে দেয়, যদি তার সে ক্ষমতা না থাকে, তবে মুখ (বাক্য) দ্বারা এর পরিবর্তন করবে। আর যদি সে সাধ্যও না থাকে, তখন অন্তর দ্বারা করবে, তবে এটা ঈমানের দুর্বলতম পরিচায়ক। (মুসলিম, হাদিস : ৪৯)।

কিন্তু সবাই যদি এসব পাপ দেখেও না দেখার ভান করে বসে থাকে, তবে সবাইকে আল্লাহর আজাবের সম্মুখীন হতে হবে। আমরা রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, লোকেরা মন্দ কাজ করতে দেখে তা পরিবর্তনের চেষ্টা না করলে অচিরেই আল্লাহ তাদের ওপর ব্যাপকভাবে শাস্তি পাঠান। (ইবনে মাজাহ, হাদিস : ৪০০৫)। মহান আল্লাহ সবাইকে সচেতন হওয়ার তাওফিক দান করুন। আমিন।

# উত্তম আচরণে ইসলামি নীতিমালা

২৫ পৃষ্ঠার পর

তাকে আপনি কষ্ট দেবেন না। যে আপনাকে বঞ্চিত করেছে, তাকে আপনি বঞ্চিত করবেন না। আপনার সঙ্গে যে সম্পর্ক ছিন্ন করেছে, তার সঙ্গে আপনি সম্পর্ক অটুট রাখুন। যে আপনার ওপর জুলুম করেছে, তার সঙ্গে আপনি ন্যায় বিচার করুন। হে আল্লাহর বান্দারা! মানুষের সঙ্গে চলাফেরার ক্ষেত্রে আরেকটি মূলনীতি হচ্ছে মহান আল্লাহতায়ালার বাণী; তিনি বলেন, আমার বান্দাদের বলে দিন, তারা যেন যা উত্তম এমন কথাই বলে। শয়তান তাদের মধ্যে সংঘর্ষ বাধায়। নিশ্চয় শয়তান মানুষের প্রকাশ্য শত্রু। (সুরা আল ইসরা : ৫৩)। আল্লাহ আমাদের আলোচনা ও কথাবার্তায় সুন্দর শব্দ ও সর্বোত্তম বাক্য ব্যবহারের নির্দেশ দিয়েছেন। যদি আমরা তা না করি, তাহলে শয়তান আমাদের মাঝে শত্রুতা সৃষ্টি করবে, আমাদের খারাপ কথার দ্বারা শয়তান আমাদেরকে অকল্যাণ, ঝগড়া ও লড়াইয়ের দিকে টেনে নেবে।

জীবনের নানান ধাপ : আল্লাহর বান্দারা! মানুষ জীবনে বিভিন্ন ধরনের পরিস্থিতি মোকাবিলা করে। বয়স্কতা, দুর্বলতা, ভুলে যাওয়া, অসুস্থতা এবং বার্ধক্যের মতো অনেক কঠিন পরিস্থিতি মানুষের মাঝে বিরাজ করতে পারে; যেগুলো কখনো কখনো তাদের চালচলন ও আচরণে প্রভাব বিস্তার করতে পারে। সুতরাং তাদের প্রতি সুধারণা পোষণ করুন। নিশ্চিত না হয়ে তাদের বক্তব্যের ব্যাপারে সিদ্ধান্ত দেওয়া থেকে বিরত থাকুন। বিশেষত শয়তান যেখানে মানুষে মানুষে শত্রুতা ও বিদ্বেষ ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে তৎপর থাকে, শয়তান আপনার এবং আপনার ভাইয়ের মাঝে কোনো শত্রুতার জন্ম দিয়ে দেবে, মনে ঢুকিয়ে দেবে বিদ্বেষ এবং এ কারণে আপনি হয়তো তার ব্যাপারে কোনো ধরনের খারাপ ধারণা পোষণ করবেন, যেমন : আপনার কোন দাবি-দাওয়ার ক্ষেত্রে সে হয়তো সুপারিশ করল না, আপনার চাওয়া-পাওয়ার ব্যাপারে সে হয়তো গুরুত্ব দিল না, আপনার ডাকে হয়তো সে সাড়া দিল না অথবা আপনার অসুস্থতার সময় সে আপনার খোঁজখবর নেয়নি অথবা আপনার কোন কথা বা মেসেজের উত্তর সে দিল না অথবা আপনাকে হয়তো সে তার কোনো বিবাহের অনুষ্ঠানে দাওয়াত দেয়নি অথবা আপনার কোনো এচিভমেন্টে সে শুভেচ্ছা জানায়নি অথবা আপনার সঙ্গে দেখা হওয়ার পর আপনাকে সে সালাম জানায়নি অথবা আপনাকে দেওয়া কোনো প্রতিশ্রুতি সে রক্ষা করেনি অথবা কোনো মজলিসে আপনার প্রতি চোখ পড়া সত্ত্বেও ভালো করে তাকায়নি অথবা আপনার সঙ্গে এমনভাবে কথা বলেছে যাতে আপনি বিরক্ত হয়েছেন এভাবে আরো নানাভাবে আপনি হয়তো তার প্রতি বিরক্ত বা কষ্ট পেয়েছেন।

মিথ্যা ধারণা বর্জনীয় : ইনসাফ ও দায়মুক্তির ক্ষেত্রে আপনি কখনোই কারো প্রতি মিথ্যা ধারণা পোষণ করবেন না। আর এভাবে খারাপ ধারণার বশবর্তী হয়ে আপনি যদি আপনার কোনো বন্ধু-বান্ধবের সঙ্গে রাগ করেন অথবা দূরত্ব সৃষ্টি করেন তার বাহ্যিক ওই আচরণের কারণে, তাহলে সেটা হবে আপনার জন্য ন্যায়ের পরিপন্থি কাজ, যা আপনার জন্য ক্ষতিকর। তাই আপনি তার সঙ্গে সরাসরি কথা বলুন অথবা সে যা করেছে তার ব্যাপারে আপনি ব্যাখ্যা জানতে চান, তাহলে আপনার কাছে তার ওজর স্পষ্ট হবে, উদ্দেশ্য প্রকাশিত হবে, পরিষ্কার হবে এবং আপনার মন প্রশান্ত হবে।

ভালো আচরণে শত্রুও বন্ধু হয় : হে আল্লাহর বান্দারা! মানুষের সঙ্গে উত্তম আচরণের ক্ষেত্রে আরেকটি সুন্দর ও গুরুত্বপূর্ণ মূলনীতি হলো, আল্লাহতায়ালার বাণী; আল্লাহ বলেন, 'সমান নয় ভালো ও মন্দ। জবাবে তাই বলুন যা উৎকৃষ্ট। তখন দেখবেন আপনার সঙ্গে যে ব্যক্তির শত্রুতা রয়েছে, সে যেন অন্তরঙ্গ বন্ধু।' (সুরা ফুসসিলাত : ৩৪)। আপনার সহনশীলতার কারণে আপনার সঙ্গে যারা অজ্ঞতাপূর্ণ আচরণ করে, তাদের প্রতিহত করুন। তাদের এই মন্দ আচরণ প্রতিহত করুন ক্ষমা দ্বারা এবং উত্তম আচরণ দ্বারা। অপছন্দনীয় বিষয়গুলোর ওপরে ধৈর্য ধারণ করে আপনার সঙ্গে শত্রুতাপূর্ণ আচরণকারীদের প্রতিহত করুন। কারণ আপনি যদি তাদের মন্দ আচরণে উদারতা দিয়ে তাদের অসদাচরণকে ভালো আচরণ দিয়ে মোকাবিলা করেন, তাহলে তারা তাদের এই মন্দ আচরণ ত্যাগ করে ঘনিষ্ঠ বন্ধু হয়ে যাবে।

রাগ নিয়ন্ত্রণ করা : হে আল্লাহর বান্দারা! এ নিয়মগুলোর মধ্যে একটি নিয়ম হলো, রাগান্বিত ব্যক্তির সঙ্গে আচরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা। কারণ সে অধিক রাগ হওয়ার কারণে নিজের ওপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং নিজের বিদ্যা-বুদ্ধি ও বিবেককে হেফাজত করতে পারে না। সে এমন কথা বলে, যা সে অনুধাবন করতে পারে না। ইমাম ইবনুল জাওজি রাহিমাহুল্লাহ বলেন, যখন তুমি দেখবে যে তোমার সাথি রাগান্বিত, তখন তার সবকিছুর হিসাব রাখা এবং এর ওপর ভিত্তি করে তাকে পাকড়াও করা উচিত নয়। কারণ তার অবস্থা একজন মাতালের মতো, সে জানে না কী ঘটছে। বরং তার এই অবস্থায় তুমি ধৈর্য ধারণ কর এবং তার এই আচরণকে অত গুরুত্ব দিও না। কারণ শয়তান তার ওপর বিজয়ী হয়েছে, তার মেজাজ উত্তেজিত হয়েছে, তার আকল-বুদ্ধি লোপ পেয়েছে। আর তুমি যখন তার এই ভুল আচরণকে গুরুত্বের সঙ্গে মনে ধারণ করবে, তখন তুমি হবে ওই লোকের মতো যে পাগলের মোকাবিলা করে, ওই চেতনাবান ব্যক্তির মতো যে অজ্ঞান ব্যক্তিকে তিরস্কার করে। তখন দোষটা তোমারই হবে। তার প্রতি কৃপার দৃষ্টিতে তাকাও এবং জেনে রাখো যে, সে যখন স্বাভাবিক পর্যায়ে চলে আসবে, চেতনা ফিরে পাবে, যা ঘটেছে তার জন্য সে লজ্জিত হবে এবং তোমার ধৈর্যের স্বীকৃতি দেবে। আর এ অবস্থা থেকে আমাদের প্রত্যেকেরই শেখা উচিত, জানা উচিত যে, বাবার রাগের সময় থেকে সন্তান শিক্ষা নেবে, বন্ধুর রাগের অবস্থায় বন্ধু তার অবস্থা থেকে শিক্ষা নেবে, স্বামীর রাগের অবস্থায় স্ত্রী সেখান থেকে শিক্ষা গ্রহণ করবে। অতএব তুমি তাদের এই অবস্থায় ছেড়ে দাও। তুমি যদি এ অবস্থায় ধৈর্য ধারণ না করে উল্টো কিছু করে বসো, তাহলে সে বিপদ তোমার ঘাড়েই ফিরে আসবে।

*(১৯ মে ২০২৩ তারিখে মক্কার মসজিদে হারামে প্রদত্ত খুতবার সংক্ষেপিত অনুবাদ করেছেন ড. মো. শহীদুল হক)*

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services
Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
184-02 Hillside Ave, 1st Fl, Jamaica, NY 11432
Jackson Heights Office
37-18 74th St, Suit 203, Jackson Heights, NY 11372

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

## বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

## Starling Car Service LLC

*Best Choice for your trip*

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange **Base Letter & Base Affiliate**

# BOUTIQUE STORE FOR SALE

## বুটিক স্টোর বিক্রি হবে!!

জ্যাকসন হাইটস এর প্রান কেন্দ্র ১০০% ব্যবসায়িক ও অভিজাত এলাকা ৭৪ স্ট্রিটের উপর সম্পুর্ণ চালু অবস্থায় বুটিক শপ মালিকের ব্যক্তিগত অসুবিধা ও অপারগতার কারনে বিক্রি করা হবে আগ্রহী ক্রেতারা যোগাযোগ করুন



Store-1



Store-2

মোট ২ টি স্টোরের যে কোন একটি ক্রেতার পছন্দ অনুযায়ি বিক্রি করা হবে ২ টি স্টোরই অত্যন্ত লাভজনক প্রতিষ্ঠান।

বিস্তারিত জানতে কল করুন

# Cell: 646-250-5204

## কয়েক হাজার বৃটিশ নাগরিক ইসরাইলে আটকা পড়েছে

৩ পৃষ্ঠার পর

উদ্ধারে বৃটেনের সরকারকে আরও দ্রুত পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়েছেন। ক্রেমন পেশায় একজন স্কুল শিক্ষিকা। যুদ্ধের কারণে ৮১ বছর বয়সী বৃদ্ধ মা'কে নিয়ে ইসরাইলে আটকা পড়েছেন। বলেছেন, বৃহস্পতিবার সন্ধ্যায় বিয়ের অনুষ্ঠান শেষ করার পর আমরা সাইরেনের আওয়াজ শুনতে পাই। এরপর পরই আমাদেরকে আশ্রয়কেন্দ্রে আশ্রয় নিতে বলা হয়। আরও বলেছেন, প্রায় প্রতি রাতের সাইরেনের শব্দে তার ঘুম ভেঙে যায় এবং তাৎক্ষণিক আশ্রয়কেন্দ্রের উদ্দেশে ছুটে যেতে হয়েছে। বলেছেন, যদিও তিনি যে হোটেলে আছেন সেখানে আশ্রয় নেয়ার ব্যবস্থা থাকলেও বেশিরভাগ মানুষই আতঙ্কিত। ক্রেমন বলেছেন, আমি ইতিবাচক মনোভাব রাখার চেষ্টা করছি কারণ আমার সঙ্গে আমার মা আছেন। তবে আমি আর এখানে থাকতে চাই না। রাতে একাধিকবার সাইরেনের শব্দ শুনে আশ্রয়কেন্দ্রের উদ্দেশে দৌড়াতে চাইনা। আমি আমার দেশে ফিরতে চাই। আমার বাচ্চাদের কাছে।

## হানি ট্র্যাপ: প্রেম, ক্ষমতা ও প্রতারণার রাজনীতি

১ পৃষ্ঠার পর

ছাত্র আন্দোলন চলাকালে তার শাণিত লেখাগুলো ফ্যাসিবাদ বিরোধী চেতনাকে উৎসাহিত করেছে। এখনও বাংলাদেশের রাজনীতি, সংস্কার ও ভবিষ্যৎ বাংলাদেশ নিয়ে লিখছেন। একাধারে কবি, চিকিৎসক, লেখক ও বিশ্লেষক। তার একাধিক বইও প্রকাশিত হয়েছে। রাজনীতিতে হানি ট্র্যাপের ব্যবহার ও তার ইতিবৃত্ত নিয়ে তিনি আজকালের এ সংখ্যায় লিখেছেন। পাঠকের জন্য তা তুলে ধরা হলো। হানি ট্র্যাপ একটি কৌশল, এক ধরনের মনস্তাত্ত্বিক ও রাজনৈতিক অস্ত্র, যার ব্যবহার আজ আর শুধুমাত্র গোয়েন্দা কল্পকাহিনীতে সীমাবদ্ধ নয়। বিশ্ব রাজনীতি, কূটনীতি, সংবাদমাধ্যম, এমনকি আমাদের দক্ষিণ এশিয়ার বাস্তব রাজনীতিতে এখন এটি একটি পরিচিত ও চিন্তাশীল শব্দ। একে আর নিছক ষড়যন্ত্র নয়, বরং ক্ষমতার কাঠামোকে নাড়িয়ে দেওয়ার এক নীরব হাতিয়ার হিসেবেই বিবেচনা করা হচ্ছে।

হানি ট্র্যাপ: একটি সংজ্ঞা- হানি ট্র্যাপ মূলত এমন একটি কৌশল, যেখানে প্রেম বা যৌন সম্পর্ককে প্রলুব্ধির হাতিয়ার হিসেবে ব্যবহার করে কাউকে ব্ল্যাকমেইল, তথ্য আদায়, বা সামাজিকভাবে হেয় করার প্রয়াস চালানো হয়। এই কৌশলটির শিকার হন সাধারণত রাজনৈতিক নেতা, কূটনীতিক, সামরিক কর্মকর্তা বা সমাজে প্রভাবশালী ব্যক্তিরা।

বিশ্ব রাজনীতিতে হানি ট্র্যাপের ব্যবহার- রাশিয়া: কোমপ্রোমাট সংস্কৃতি ও তথ্য যুদ্ধ রাশিয়ার গোয়েন্দা সংস্থা এফএসবি (পূর্বতন কেজিবি) কম্প্রোমেট নামক একটি নীতির চর্চা করে থাকে-এর অর্থ, কাউকে হেয় করার জন্য লজ্জাজনক তথ্য ব্যবহার করে ব্ল্যাকমেইল করা। ২০১৬ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনকে কেন্দ্র করে ট্রাম্প-রাশিয়া যোগসূত্র এবং 'স্টিল ডসিয়ার' বিষয়টি এই কৌশলের একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত।

পূর্ব জার্মানি: স্টাসির 'রোমিও ও রাভেন' কৌশল- মারকুস উলফ-এর অধীনে স্টাসি নারী ও পুরুষ গুপ্তচরের মাধ্যমে প্রেমের ফাঁদ পেতে তথ্য আদায় করত। এটি ছিল একটি 'রাষ্ট্রীয়ভাবে অনুমোদিত' সম্পর্ক-ভিত্তিক গুপ্তচরবৃত্তি।

চীন: আধুনিক হোটেল ফাঁদ ও কূটনৈতিক টার্গেটিং- চীনের 'এমএসএস' বিদেশি কূটনীতিকদের সঙ্গে ঘনিষ্ঠতা গড়ে তুলে, তা রেকর্ড করে ব্ল্যাকমেইলের হাতিয়ার বানানোর অভিযোগে বহুবার আলোচনায় এসেছে। পাঁচতারকা হোটেলকে কেন্দ্র করে তথ্য সংগ্রহের অপারেশন বিশেষভাবে আলোচিত।

ভারত: সোশ্যাল মিডিয়ায় প্রলোভনের ফাঁদ- ভারতের নিরাপত্তা সংস্থাগুলো দাবি করে, পাকিস্তানের গুপ্ত দীর্ঘদিন ধরে আইএসআই দীর্ঘদিন ধরে হোয়াটস অ্যাপ ও ইনস্টাগ্রাম এর মতো প্ল্যাটফর্ম ব্যবহার করে সেনা ও পুলিশ কর্মকর্তাদের টার্গেট করছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় এখন সাইবার আচরণবিধি কঠোরভাবে প্রয়োগ করছে।

পাকিস্তান: বিচারপতি ভিডিও কেলেঙ্কারি- ২০১৯ সালে বিচারপতি আরশাদ মালিক স্বীকার করেন, তার ব্যক্তিগত ভিডিও ব্যবহার করে একটি পক্ষ নির্দিষ্ট রায় দেওয়ার জন্য চাপ দিয়েছিল। পাকিস্তানে হানি ট্র্যাপ আজ রাজনৈতিক ব্ল্যাকমেইলের অন্যতম কৌশল।

বাংলাদেশের প্রেক্ষাপটে: অডিও লিক ও চরিত্র হননের হাতিয়ার- বাংলাদেশে সাম্প্রতিক সময়গুলোতে একাধিক বিরোধী নেতা ও বিশিষ্ট ব্যক্তির ব্যক্তিগত অডিও ফাঁস করে তাদের রাজনৈতিক অবস্থান দুর্বল করার চেষ্টা লক্ষ্য করা গেছে। ২০২৩ সালে একাধিক সাংবাদিক ও রাজনৈতিক নেতার বিরুদ্ধে ছড়িয়ে পড়া অডিও ও ভিডিও ক্লিপগুলো যাচাই ছাড়াই সামাজিক মাধ্যমে ভাইরাল হয়, যা রাজনৈতিক ব্ল্যাকমেইলের একটি আশঙ্কাজনক সংস্কৃতি গড়ে তুলছে। বিশেষজ্ঞদের মতে, বাংলাদেশে "নৈতিকতার মুখোশে লজ্জা ও সামাজিক নিগ্রহ" একটি কার্যকর কৌশলে পরিণত হয়েছে-বিশেষত এমন সমাজে, যেখানে নারীর সম্মান ও পারিবারিক মূল্যবোধ গভীরভাবে গেঁথে আছে।

হানি ট্র্যাপের পর্দায় প্রতিফলন: বলিউড- চলচ্চিত্র যেমন এটমিক ব্লন্ড (২০১৭) বা জেমস বন্ড সিরিজে হানি ট্র্যাপ শুধু উত্তেজনার অনুষঙ্গ নয়, বরং জাতীয় নিরাপত্তা ও মানসিক দুর্বলতার বিপজ্জনক মিশেল হিসেবে উঠে এসেছে। ক্যাসিনো রয়েল -এ ভেস্পার লিন্ড ও জেমস বন্ডের সম্পর্ক এই কৌশলের একটি আবেগঘন ও রাজনৈতিক উদাহরণ।

মনস্তত্ত্ব ও নৈতিক জবাবদিহি- হানি ট্র্যাপের ক্ষেত্রে নারী চরিত্রকে প্রায়শই 'বিপজ্জনক প্রলোভনকারী' হিসেবে চিহ্নিত করা হয়, যা নারীর সম্মানহানিকর এবং লিঙ্গবৈষম্যমূলক। অনেক সময় সম্মতির মুখোশে ঘটে প্রতারণা, যেখানে ভিডিও বা চ্যাট স্ক্রিনশট সামাজিকভাবে কাউকে ধ্বংস করে দিতে পারে। ফ্রয়েডীয় বিশ্লেষণে বলা হয়, মানুষ সর্বদা তাৎক্ষণিক সুখ বা আকাঙ্ক্ষার দিকে ঝুঁকে থাকে। তাই যারা নিজের অবস্থান ও দায়িত্ব ভুলে আকর্ষণের কাছে আত্মসমর্পণ করেন, তাদের দায় এড়ানো যায় না।

ষড়যন্ত্র না আত্মবিচ্যুতি: একটি দ্বিমুখী বিশ্লেষণ- হানি ট্র্যাপ সংক্রান্ত প্রতিটি ঘটনায় একটি প্রশ্ন গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়-শুধু কি এটি ষড়যন্ত্র, নাকি ব্যক্তিগত নৈতিক বিচ্যুতির ফল? প্রতিটি ঘটনাই রাজনৈতিক বাস্তবতার দিক থেকে বিচার্য হলেও, ব্যক্তি হিসেবে নিজেকে সংযত রাখতে না পারাও একটি বড় ব্যর্থতা। সমাজ, রাষ্ট্র ও গণতন্ত্রের ওপর এর পরোক্ষ প্রভাব অত্যন্ত গভীর হতে পারে। হানি ট্র্যাপ আজ আর গল্প নয়-এটি তথ্যযুদ্ধের বাস্তব কৌশল। ডিজিটাল যুগে এর ব্যাপ্তি আরও গভীর ও ভয়াবহ। দক্ষিণ এশিয়ার সমাজব্যবস্থায়, যেখানে সম্মান ও 'লজ্জা'র ধারণা ব্যক্তির পরিচয় নির্ধারণ করে, সেখানে হানি ট্র্যাপ হয়ে উঠেছে সবচেয়ে বিপজ্জনক রাজনৈতিক অস্ত্র।

## নিউইয়র্কে নায়িকা মাহিয়া মাহি

৪৬ পৃষ্ঠার পর

তুলে মাহি বলেন, 'ভিসা পাওয়ার পর আর আসা হয়নি যুক্তরাষ্ট্রে। সময় বের করে আজ এলাম।' দেশ ছেড়ে চলে গেলেন কি না জানতে চাইলে তিনি বলেন, 'আমার বাচ্চা দেশে আছে। নিউইয়র্ক ও আশপাশে ঘুরে দেশে ফিরে যাব।' কেন্দুকে ধন্যবাদ দিয়ে বিদায় জানানোর কারণ জানতে চাইলে কেবলই হেসেছেন মাহি।

'ভালোবাসার রঙ' সিনেমা দিয়ে ঢালিউডে অভিষেক হয় মাহিয়া মাহির। অভিনয় দক্ষতা তাকে এগিয়ে দেয় অনেক দূর। সিনেমাপ্রেমীদের মনে জায়গা করে নেন তিনি। একপর্যায়ে তার জীবনে নেমে আসে বিপর্যয়।

২০১৬ সালে সিলেটের ব্যবসায়ী পারভেজ মাহমুদ অপুকে বিয়ে করেন মাহি। ২০২১ সালে বিচ্ছেদের ঘোষণা দেন তিনি। ২০২১ সালের ১৩ সেপ্টেম্বর রকিব সরকার নামের এক স্থানীয় রাজনীতিককে বিয়ে করেন মাহি। তাদের সংসারে জন্ম নেয় ছেলে ফারিশ। বিয়ের আড়াই বছরের মাথায় ভাঙে সেই সংসারও। মাহিকে সর্বশেষ অতিথি চরিত্রে দেখা যায় 'রাজকুমার' সিনেমায়। সেখানে শাকিব খানের মায়ের ভূমিকায় অভিনয় করেন তিনি।

## ১৬৯ কোটি টাকা ক্ষতির মুখে আমির খান

৪৬ পৃষ্ঠার পর

কথা। একাধিক কারণে বিতর্কের শিরোনামে আমির খান।

'সিতারে জামিন পার' সিনেমাটি আগামীকাল (২০ জুন) মুক্তি পাওয়ার কথা। যদিও বলিউড সূত্রে জানা গেছে, সিনেমার স্বত্ব নাকি আমাজন প্রাইম কিনতে চেয়েছিল। তার বিনিময়ে ১২০ কোটি রুপি দিতে চেয়েছিল সেই প্রতিষ্ঠানটি। তবে তাতে নাকি রাজি হননি আমির। আবারও চাঙা হবে বলিউড, এই আশায় প্রেক্ষাগৃহে মুক্তি চান অভিনেতা। 'সিতারে জামিন পার' সবার মন জয় করতে পারে কিনা সেটাই এখন দেখার।

## মামদানি-কুমো লড়াই বুধবার

১ পৃষ্ঠার পর

ব্যবধান বেশ খানিকটা কমিয়ে এনেছেন তরুণ জনপ্রিয় প্রার্থী জোহরান মামদানি।

জরিপে কুমো এগিয়ে থাকলেও, মামদানি বেশ জোরালো ভাবেই নিজের অবস্থান শক্ত করছেন। এবারের ভোটে তারুণ্যের জোয়ার মামদানির পক্ষে। তার অগ্রগতি ভোটারদের মধ্যে নতুন উত্তেজনা ছড়াচ্ছে। বিশেষ করে অভিবাসী ও তরুণরাই মামদানির অন্যতম সমর্থক। ৩৩ বছর বয়সী ডেমোক্রেটিক সোশ্যালিস্ট মামদানি অর্থনৈতিক সমতা ও জনগণের পক্ষে অবস্থানের বার্তা দিয়ে প্রগতিশীল ও লাতিনো ভোটারদের সমর্থন আদায়ে নানা প্রতিশ্রুতি দিচ্ছেন।

এদিকে এ প্রাইমারী নির্বাচনের আগাম ভোট দান শুরু হয়েছে গত ১৪ জুন। আগামী ২৪ জুন ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। শেষ মুহূর্তে ভোটারদের মনোভাবের ওপর নির্ভর করবে কে হবেন ডেমোক্রাটদের নতুন প্রার্থী? তরুণ মামদানি নাকি পোড়খাওয়া রাজনীতিবিদ কুমো। কে হাসবেন শেষ হাসি তা দেখার পালা।

আগামী ২৪ জুন অনুষ্ঠেয় ডেমোক্রেটিক প্রাইমারিতে যিনি জয়ী হবেন, এবছরের নভেম্বর মাসের ৪ তারিখে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে তিনিই সিটির মেয়র নির্বাচিত হবেন। নিউইয়র্ক মূলত একটি ডেমোক্রেট সিটি এবং রিপাবলিকান পার্টি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করলেও তাদের প্রার্থীর জেতার কোনো সম্ভাবনা কম। ডেমোক্রেটিক প্রাইমারির দিন যত ঘনিয়ে এগিয়ে আসছে, ডেমোক্রেট প্রার্থীদের প্রতিযোগিতা তত কঠিন হচ্ছে বলে মনে করছেন ডেমোক্র্যাটিক ভোটাররা। প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে ভোটাররা রাজনৈতিক পরিবার থেকে আসা নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমো ও তরুণ অভিবাসী নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য জোহরান মামদানিকে এগিয়ে রেখেছেন। তরুণ ভোটারদের কাছে তরুণ ডেমোক্রেট জোহরান মামদানির গ্রহণযোগ্যতা বাড়ছে। ইতোমধ্যে বিভিন্ন জরিপ সংস্থা ও মিডিয়ার জরিপে এই দুই প্রার্থীর মধ্যে তীব্র প্রতিযোগিতার আভাস পাওয়া গেছে। মূলত এই দুই প্রার্থীকে ঘিরেই জমে উঠেছে ডেমোক্র্যাটিক প্রাইমারি। সব হিসেব-নিকেশ হচ্ছে এই দুই প্রার্থীকে ঘিরেই। নতুন মেয়র যিনি হবেন, তাঁকে অনেক সমস্যা ও জরুরি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। এর মধ্যে আছে আবাসন, জীবনযাত্রার ব্যয়, বাসস্থট ও গণপরিবহন।

যুক্তরাষ্ট্রে যত বাংলাদেশির রয়েছেন, এর বেশির ভাগই নিউইয়র্ক সিটিতে বসবাস করেন। বাংলাদেশি আমেরিকানদের ভোট নির্বাচনে বড় ভূমিকা না রাখলে মুসলিম ভোট হিসাবে যথেষ্ট গুরুত্বপূর্ণ। বাংলাদেশিরা চান এই শহরে একজন 'ভালো' মেয়র আসুক, যিনি অভিবাসী সমাজের স্বার্থকে বড় করে দেখবেন। বাংলাদেশিদের বড় একটি অংশ মামদানিকে প্রকাশ্যে সমর্থন দিচ্ছেন। অন্যদিকে একটি অংশ অভিজ্ঞ হিসাবে কুমোর পক্ষে কাজ করছেন। ডেমোক্রেটদের প্রাথমিক বাছাইপর্বে প্রধান দুই প্রতিদ্বন্দ্বীর বয়সের ব্যবধান অনেক। অ্যান্ড্রু কুমোর বয়স ৬৭ বছর। জোহরান মামদানি ৩৩।

নিউইয়র্ক স্টেটের সাবেক গভর্নরের সন্তান এবং নিজেও গভর্নর হওয়া কুমোর কর্মজীবন বিস্তৃত। ২০১১ সালে নিউইয়র্কের গভর্নর হওয়ার আগে তিনি যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়নমন্ত্রী এবং নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল হিসেবে কাজ করেছেন। অভিজ্ঞতাকে পুঁজি করে তিনি মেয়র হওয়ার দৌড়ে এগিয়ে রয়েছেন। অন্যদিকে তরুণ জোহরান মামদানির শক্তি তারুণ্য। মুসলিম হিসাবেও তিনি অগ্রভাগে রয়েছেন।

২০২১ সালে যৌন কেলেঙ্কারির ঘটনাকে কেন্দ্র করে কুমো পদত্যাগ করেন। কুমো তাঁর নির্বাচনী প্রচারের ক্ষেত্রে যেসব বিষয়ের ওপর জোর দিচ্ছেন, তার মধ্যে আছে- শহরের ব্যবস্থাপনা উন্নত করা, মানসিক স্বাস্থ্য সমস্যার সমাধান করা এবং ইহুদিবিদ্বেষের বিরুদ্ধে লড়াই চালানো। এমনকী নির্বাচিত হলে নিউইয়র্ক সিটির ন্যূনতম মজুরি ২০ ডলার করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। নিউ ইয়র্ক সিটির মেয়র পদে মুসলিম প্রার্থী জোহরান মামদানিকে সমর্থন করলেন বার্নি স্যান্ডার্স। এর আগে তাকে সমর্থন জানিয়েছেন সিনেটর ওকাসিও-কর্টেজ। স্যান্ডার্সের মতো ডেমোক্র্যাটিক সোশ্যালিস্ট মামদানি মেয়র পদে নিউ ইয়র্কের সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোর অন্যতম প্রতিদ্বন্দ্বী।







KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## প্রীতম-প্রতীকের কনসার্টে বাঁধভাঙা উচ্ছ্বাস

৬২ পৃষ্ঠার পর

সাবেক সংসদ সদস্য এম এম শাহীন ও ঠিকানা টিভির প্রধান সম্পাদক খালেদ মুহিউদ্দীন বলেন, বিদেশের মাটিতে বাংলাদেশি কমিউনিটি বিনির্মাণে কাজ করছে ঠিকানা। একইসঙ্গে বাংলা সংস্কৃতি বিশ্বব্যাপী ছড়িয়ে ঠিকানার সঙ্গে থাকার আহ্বান জানান তারা।
জনপ্রিয় অভিনেত্রী ও মডেল নোভার অনবদ্য উপস্থাপনায় মঞ্চে আসেন প্রতীক হাসান। তার গানে উপস্থিত দর্শকদের মাঝে উচ্ছ্বাস ছড়িয়ে পড়ে। তিনি তার প্রয়াত বাবা খালিদ হাসান মিলুর জনপ্রিয় কিছু গান গেয়ে শোনান। দিনটি ছিল বাবা দিবস। এ কারণে নিজের একক গান শেষে একমাত্র কন্যাকে মঞ্চে আনেন প্রতীক। সঙ্গে ছিলেন তার স্ত্রী। পরে কন্যাকে কোলে নিয়ে মঞ্চ ছাড়েন তিনি।
বড় ভাইয়ের পর মঞ্চে আসেন ছোট ভাই প্রীতম হাসান। বাংলাদেশের তরুণ প্রজন্মের ক্রেজ প্রীতম হাসান মঞ্চে আসার সঙ্গে সঙ্গে দর্শকেরা ব্যাপক করতালি দিয়ে তাকে স্বাগত জানান। দর্শকদের বাঁধভাঙা জোয়ারে নিজেকে বিলিয়ে দেন তিনি। দর্শকরা নেচে গেয়ে প্রীতম হাসানকে বরণ করে নিতে দেখা যায়।
অনুষ্ঠানে অন্যতম আকর্ষণ ছিলো জনপ্রিয় ব্যান্ড ব্ল্যাক-এর মূল ভোকাল জন কবির। তিনি একটিমাত্র গান পরিবেশন করেন। দর্শকদের ব্যাপক অনুরোধ থাকলেও তিনি তা রাখতে পারেনি।
অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক বহির্বিশ্বে সর্বাধিক জনপ্রিয় ও প্রাচীন পত্রিকা 'ঠিকানা'। অনুষ্ঠানে ঠিকানাকে সম্মাননা প্রদান করা হয়। ঠিকানা গ্রুপের ভাইস চেয়ারম্যান ও সিওও মুশরাত শাহীন অনুতার হাতে সম্মাননা স্মারক তুলে দেন প্রীতম হাসান। ডায়মন্ড স্পন্সর ছিল যুক্তরাষ্ট্রে রুহিন হোসেনের প্রতিষ্ঠান বাংলাদেশি মালিকানাধীন মোবাইল টেলিকম ও মানি ট্রান্সফার কোম্পানি 'রিভার'। অনুষ্ঠানে তার প্রতিষ্ঠানকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়। রিভার-এর আরেক কো-ফাউন্ডার ইয়াসিন আরাফাতকে সঙ্গে নিয়ে সম্মাননা গ্রহণ করেন তিনি।
এর আগে শুভেচ্ছা বক্তব্য দেন অনুষ্ঠানের আয়োজক দেশি মিউজিক এন্টারটেইনমেন্টের কর্ণধার জামান মনির, ঠিকানা গ্রুপের ভাইস চেয়ারম্যান ও সিওও মুশরাত শাহীন অনুতা এবং রিভার-এর কো-ফাউন্ডার ও সিইও রুহিন হোসেন।
এদিকে কনসার্টে বিশেষ পর্বে প্রীতম ও প্রতীকের সঙ্গে মঞ্চে সঙ্গীত পরিবেশন করে দর্শকদের তাক লাগিয়ে দেন রিভার-এর সিইও রুহিন হোসেন। জমকালো আয়োজনে বড় একটি কনসার্টে গান পরিবেশন করতে পেরে উচ্ছ্বসিত রুহিন হোসেন বলেন, হঠাৎ এভাবে মঞ্চে প্রীতম হাসান তাকে গান গাইতে ডাকবেন, ভাবিনি। বেশ ভালোই লেগেছে। আমি নিজেই সারপ্রাইজ হয়েছি। আরো ভালো লেগেছে দুজন জনপ্রিয় শিল্পীর সঙ্গে গাইতে পেরে। প্রীতম-প্রতীকের কনসার্টের স্পন্সর হিসাবে থাকতে পেরে 'রিভার' গর্বিত, বলেন রুহিন।
প্রীতম ও প্রতীকের কনসার্টের টিকেট অনেক আগেই শেষ হয়ে যায়। এ কারণে এলপিএনি মিলনায়তন ছিল কানায় কানায় পূর্ণ। অনুষ্ঠান শুরু হয় রাত সাড়ে ৮টায়। তার বেশ ঘন্টা আগেই দীর্ঘ লাইন পড়ে যায় মিলনায়তনের সামনে। ভিড় সামলাতে পুলিশসহ নিরাপত্তা কর্মী আগেই প্রস্তুত ছিলেন। কিন্তু তার প্রয়োজন হয়নি। দর্শকেরা সুশৃঙ্খলভাবে মিলনায়তনে প্রবেশ করেছেন। অনুষ্ঠান শেষে সবাই একবাক্যে স্বীকার করেছেন, নিউইয়র্কে এত গোছালো কনসার্ট অতীতে কখনো হয়নি। এজন্য তারা আয়োজক প্রতিষ্ঠান দেশি মিউজিক এন্টারটেইনমেন্টকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

## দেশ নিয়ে ক্ষোভ জানালেন অভিনেত্রী শবনম ফারিয়া

৪৬ পৃষ্ঠার পর

দুনিয়ার 'সব মানুষের' কাছে টাকাই 'সব' না। কিন্তু মানুষ নিজস্বতায় বিশ্বাস করে! স্রোতের বিপরীতেও যায়! রিস্ক নেয়!"
এরপর তিনি লিখেছেন, 'জুন মাসে যখন আন্দোলন শুরু, ইন্টারনেট চলে যাওয়ার পরপর যেমন সেলিব্রেটিদের কাছে মেট্রোরেল বা বিটিভিতে আগুন দেওয়ার প্রতিবাদ করার জন্য ভিডিও বানাতে বলা হয়, আমিও তাদের মধ্যে একজন। আমি প্রথমে সময় চাই, বলি ভেবে জানাবো! স্বাভাবিক, সে সময় ভাইরেক্ট না করার মতো সাহস যোগাড় করতে পারিনি! তারাও বলে, সময় নেন। যেহেতু হোয়াটসঅ্যাপ বন্ধ, তাও নিয়াম কে ডাইরেক্ট মেসেজ দেই এটা লিখে যে, সে কোনও কোন পেয়েছে কিনা উক্ত ব্যক্তির কাছ থেকে। ও রিপ্লাই করে, পেয়েছে এবং না করে দিয়েছে। তখন সাহস পাই এবং আমিও তখন না বলি। এইসব কথা অযথা বলে বেড়ানোর কোন ইচ্ছা আমার ছিল না! সেসময় এইটাই করার কথা, না বলেছি বলে আমি বিশেষ কোন ক্রেডিট নিতে চাইনি। যেহেতু আমি ব্যক্তিগতভাবে রাজনীতির সাথে প্রত্যক্ষ কিংবা পরোক্ষ, কোনও ভাবেই জড়িত না। অদূর ভবিষ্যতেও কোন ইচ্ছা কিংবা পরিকল্পনা নেই। তাও যখন দেখি কেউ লেখে 'এরা তো ডলার খাইছে' মার্কা কাল্পনিক গল্প। হাসা ছাড়া কিছু করার থাকে না।'
এরপর এই অভিনেত্রী লিখেছেন, 'তাই আমি এমন অনেক মানুষকে চিনি যারা মন থেকে আওয়ামীলীগ ভালোবাসে কিন্তু জুলাইতে লাল ডিপি দিয়েছিলো। হয়তো জুলাইকে আমাদের সাধারণ মানুষের কাছে যেভাবে সেলস পেচ্ছে করা হইছে এখন বিষয়টা তেমন নাই, কিন্তু সেসময় আপনি যদি মানুষ হয়ে থাকেন, অমানুষ না হন, তাহলে আপনি কোনও মানুষকে হত্যা করার প্রতিবাদ না করে থাকতে পারবেন না। আপনার রাজনৈতিক পরিচয় কিংবা মতাদর্শ যাই হোক!'
শেষে ফারিয়া লিখেছেন, 'এই পোস্টের মধ্য দিয়ে বাংলাদেশের পলিটিক্স নিয়ে পোস্ট দেওয়া বন্ধ করলাম। কারণ, ফাইনালি আমি বুঝে গেছি, জাতি হিসাবে আমরা অত্যন্ত বেহায়া এবং নির্লজ্জ। আমরা কখনও ভাল হবো না। যত আন্দোলন হোক, সরকার পরিবর্তন হোক, যতই শান্তিতে নোবেল পাওয়া মানুষ আসুক, আমাদের কেউ দুর্নীতি এবং চুরি করা থেকে আটকাতে পারবে না! শিশু, কিশোর, বৃদ্ধ যেই ক্ষমতা পাবে সেই তার অপব্যবহার করবে। আমি আর আমার নিজ দেশের কাছে আর কোন এক্সপেক্টেশন রাখি না! পরিশেষে বলতে চাই, সত্যি সত্যি ডলার পেলে আসলে ভালই লাগতো! শ্রীলঙ্কা যাওয়ার আগে ২৫৩০০ টাকা দিয়ে ২০০ ডলার পাসপোর্টে এন্ডোর্স করতে খুবই কষ্ট হয়েছে!'


ESTD 2017

Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.


## আয়ে এগিয়ে কোনটি

৪৬ পৃষ্ঠার পর

সিনেমা কত টাকা আয় করলো।
তাণ্ডব: ঈদে মাল্টিপ্লেক্সে ২৮টি শো দিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে এটির প্রদর্শনীর সংখ্যা ৪৫। এছাড়া শতাধিক সিঙ্গেল স্ক্রিনে মুক্তি পায় 'তাণ্ডব'। সিনেমাটির আয় প্রসঙ্গে প্রযোজক শাহরিয়ার শাকিল বলেন, 'প্রথম পাঁচ দিনের হিসাব অনুযায়ী আমাদের গ্রস সেল পাঁচ কোটির বেশি। এই আয় আরও বাড়বে। মাঝখানে কিছুটা দর্শক কমলেও এখন আবার আগের মতো দর্শক দেখছেন।' এদিকে, সিনেমার প্রযোজনা-সংশ্লিষ্ট আরেকটি সূত্র জানিয়েছে, সিনেমাটির পরবর্তী পাঁচ দিনের আয় আরও চার কোটি টাকার বেশি। বলা প্রয়োজন, ছবিটিতে শাকিব খানের সঙ্গে প্রথমবারের মতো জুটি বেঁধেছেন সাবিলা নূর। অভিনয়ে আরও আছেন রোজী সিদ্দিকী, ফা. এজাজ, এফ এস নাঈম, ফজলুর রহমান বাবু, গাজী রাকায়েত প্রমুখ। অতিথি চরিত্রে দেখা গেছে আফরান নিশো ও সিয়াম আহমেদকে।
উৎসব: মুক্তির আগেই 'উৎসব' সিনেমাটি নিয়ে দর্শকদের আগ্রহ বেশ চোখে পড়ছিল। মাল্টিপ্লেক্সে ৯টি প্রদর্শনী দিয়ে এই সিনেমার যাত্রা। তবে দর্শক চাহিদা বিবেচনা করে বর্তমানে শো বাড়িয়ে করা হয়েছে ১৫টি। অন্যদিকে, আয়েও এগিয়ে রয়েছে 'উৎসব'। এই সিনেমার নির্মাতা তানিম নূর জানিয়েছেন, মুক্তির প্রথম ৯ দিনে 'উৎসব' আয় করেছে এক কোটির বেশি টাকা। এ হিসাব গত সোমবার (১৬ জুন) পর্যন্ত। গত দুই দিনে আরও ২০ লাখ টাকার বেশি আয় হয়েছে।
বলা প্রয়োজন, 'উৎসব' সিনেমায় অভিনয় করেছেন জাহিদ হাসান, জয়া আহসান, অপি করিম, চঞ্চল চৌধুরী, আফসানা মিমি, তারিক আনাম খান, আজাদ আবুল কালাম, ইন্তেখাব দিনার, সুনেরাহ বিনতে কামাল, সাদিয়া আয়মান, সৌম্য জ্যোতি প্রমুখ। এক সিনেমায় এতজন তারকার উপস্থিতি দেশীয় চলচ্চিত্রে বিরল। এক সিনেমায় এতজন জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাওয়া অভিনয়শিল্পীর কাজ করার ঘটনা নেই বললেই চলে।

## ঐক্যবদ্ধ ফোবানা সম্মেলন নায়াগ্রা ফলসে

৩৪ পৃষ্ঠার পর

শেরাটনের নান্দনিক ভেন্যুতে এ সম্মেলনে যুক্তরাষ্ট্র ও কানাডার বাংলাদেশি প্রবাসীরা যোগ দেবেন।
উল্লেখ্য, ফোবানা উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশি প্রবাসীদের বৃহত্তম সংগঠন। এটি মূলত: যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্য ও কানাডা থেকে পরিচালিত বাংলাদেশি সংগঠনগুলোর একটি সম্মিলিত প্লাটফর্ম। ১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসিতে প্রথম সম্মেলন আয়োজনের মধ্য দিয়ে ফোবানার যাত্রা শুরু হয়। বর্তমানে ফোবানা তিন ভাগে বিভক্ত।
পরে সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন গিয়াস আহমেদসহ অন্যরা। গিয়াস আহমেদ, কমিউনিটির ঐক্য প্রক্রিয়ায় সবার সহায়তা প্রত্যাশা এবং প্রবাস প্রজন্মকে বাঙালি সংস্কৃতির সাথে জড়িয়ে রাখার পাশাপাশি মাতৃভূমির কল্যাণে নিবেদিত থাকার সংকল্প ব্যক্ত করেন। কানাডা এবং আমেরিকার মূলধারার রাজনীতিতে যুক্ত, প্রশাসনের উচ্চ পর্যায়ে থাকা, বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ের শিক্ষক, এমনকি এদেশের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদান রাখা নতুন প্রজন্মকে আমন্ত্রণ জানানো হচ্ছে বলে জানান আয়োজকরা। ফোবানা অন্য অংশের আলাদা সম্মেলনের বিষয়ে এক প্রশ্নের জবাবে আয়োজকরা জানান, ফোবানার আরো দুটি গ্রুপ রয়েছে, যারা জর্জিয়ার আটলান্টা এবং কানাডার মন্ট্রিয়লে একইসময়ে সম্মেলনের ঘোষণা দিয়েছেন। তাদের সাথেও যোগাযোগ হচ্ছে। ঐক্যের প্রক্রিয়া এবার ফলপ্রসূ না হলেও ভবিষ্যতে সব পক্ষ এক হওয়ার ব্যাপারে আশাবাদী।
আয়োজকরা আরও জানান, এবারের সম্মেলনে সাংস্কৃতিক অনুষ্ঠান, সেমিনার, সিম্পোজিয়াম এবং অন্যান্য কার্যক্রমের পাশাপাশি যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতি, সংস্কৃতির সঙ্গে বাংলাদেশের সাংস্কৃতিক সেতুবন্ধন রচনার জোর প্রদান থাকবে।
আমরা মনে করি এবারের ফোবানা সম্মেলন উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশিদের জন্য একটি মিলনমেলা এবং নিজেদের সংস্কৃতি ও ঐতিহ্যকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার ক্ষেত্রে নতুন ইতিহাসের জন্ম দেবে। বাংলাদেশের কৃষ্টি, কালচার, সাহিত্য-সংস্কৃতিকে সৃজনশীলতাকেও এবারের সম্মেলনে প্রাধান্য দেয়া হবে। আমরা প্রবাসীদের নিয়ে বিজনেস নেটওয়ার্ক তৈরি ও অভিজ্ঞতা বিনিময়, বিজনেস লাঞ্চ, বাংলাদেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টি, ঐতিহ্য তুলে ধরে বিভিন্ন আসর, ইয়ুথ গ্রুপের সংগঠনের বৃদ্ধিসহ নানা বিষয়ের ওপর আলোচিত হবে। এবারেও ফোবানার কনভেনশন নিয়ে প্রকাশ করা হবে একটি ম্যাগাজিন বা স্মরণিকা। এবারের সম্মেলন দল-মতের উর্ধ্বে থেকে বাংলাদেশ ও উত্তর আমেরিকার জাতীয় স্বার্থকে প্রাধান্য দিয়ে ঐক্যের শক্তিকে জোরালো করবে। আর এবারের সম্মেলনে প্রবাসীরা যাতে ফেলে আসা বাংলাদেশকে খুঁজে পায় সে চেষ্টা থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন ফোবানা নেতৃবৃন্দ।
সংবাদ সম্মেলনে জানানো হয়, এবারের কনভেনশনে সাংস্কৃতিক অনুষ্ঠান, সেমিনার, সিম্পোজিয়াম এবং অন্যান্য কার্যক্রমের পাশাপাশি যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতি, সংস্কৃতির সঙ্গে বাংলাদেশের সাংস্কৃতিক সেতুবন্ধন রচনার জোর প্রদান থাকবে। যা উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশিদের জন্য একটি মিলনমেলা এবং নিজেদের সংস্কৃতি ও ঐতিহ্যকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার ক্ষেত্রে নতুন ইতিহাসের জন্ম দেবে। সম্মেলনের মূলপ্রতিপাদ্যকে প্রাধান্য দিয়ে প্রবাসের নতুন প্রজন্মকে কিভাবে ফোবানার সঙ্গে নিবিড় সম্পর্ক তৈরি ও দায়িত্ব দেয়া যায় সে বিষয়ে প্রাধান্য থাকবে।

## বড় দুঃসংবাদ বিসিসিআইয়ের : ক্ষতিপূরণ দিতে হবে ৫৩৯ কোটি

৫২ পৃষ্ঠার পর

এবার বোম্বে হাইকোর্টের রায়ে বলা হয়েছে, কোচি ক্রিকেট প্রাইভেট লিমিটেডকে ৩৮৫ কোটি ৫০ লাখ রুপি এবং রেন্ডেভু স্পোর্টস ওয়ার্ল্ডকে ১৫৩ কোটি ৫৪ লাখ রুপি পরিশোধ করতে হবে বিসিসিআইকে। কোচি টাস্কার্স কেরালার মালিকানা ছিল এই দুই প্রতিষ্ঠানের হাতে। বোম্বে হাইকোর্টের সর্বশেষ রায়ের বিরুদ্ধে বিসিসিআই চাইলে আপিল করতে পারে।

## স্বৈরাচার হাসিনার পলায়ন ইতিহাসের স্বর্ণালী দিন

৬২ পৃষ্ঠার পর

এমন কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত সাবেক মার্কিন রাষ্ট্রদূত ড্যান মজিনা ও সাবেক রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট। ইউএস-বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিল'র সমন্বয়কারী, কবি, লেখক ও সংগঠক সামছুদ্দীন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কপিন স্টেট ইউনিভার্সিটির ভিন প্রফেসর জামাল উদ্দিন। আলোচনায় অংশগ্রহণ করেন মেজর (অব.) মনজুরুল হক, ডা. মাকসুদুল হাকিম, ডা. আহমেদ নেওয়াজ খান সেলাল, মুশফিকুর রহমান, শামারুখ মহিউদ্দিন, খুরশিদ নাজির, ন্যাম মিয়া, হাসান চৌধুরী, রফিকুল হক, শামীমা সেলিমুদ্দীন, নওশের আলী প্রমুখ।
অনুষ্ঠানটি পরিচালনা করেন মেজর (অব.) সাফায়াত আহমেদ ও রাইশা ফারিন। অনুষ্ঠানে তরুণদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন শামায়লা নাসরিন ইরশিয়া এবং ইংরেজী ও বাংলা গান পরিবেশন করেন কনিকা খান।
অনুষ্ঠানে একাডেমিকে শামায়লা নাসরিন ইরশিয়া ও মিউজিকে কনিকা খানকে এক্সিলেন্সি এওয়ার্ড প্রদান করা হয়।
প্রধান অতিথির বক্তব্যে মুশফিকুল ফজল আনসারী বলেন, ভোটাধিকার, মুক্তমত এবং মানবিক মর্যাদার মতো সাধারণ মৌলিক দাবির কারণে এই পতিত স্বৈরাচারের খুনের শিকার হয়েছেন নিরীহ মানুষ, হাজার-হাজার বিরোধী রাজনৈতিক দলের কর্মী, সাংবাদিক এবং সাধারণ মানুষ। আরও মর্মান্তিক হলো জুলাইয়ে তরুণ শিক্ষার্থীদের ওপর পতিত সরকারের নির্যাতন। অধিকার আদায়ের দাবিতে রাজপথে নামায় তাদের অনেককে গুলি করে হত্যা করা হয়েছে। তাদের এই আত্মত্যাগ ভুলার নয়। তারা আমাদের সময়ের নৈতিক জোরের উদাহরণ।
তিনি বলেন, স্বৈরশাসক শেখ হাসিনার পতন বাংলাদেশের বিপ্লবের এক নতুন ইতিহাস তৈরি করেছে। ৫ আগস্ট এক ভিন্ন ধরনের বিপ্লব ঘটেছে বাংলাদেশে। আন্তর্জাতিকভাবে সমাদৃত শান্তিতে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে শান্তিপূর্ণ এবং গণতান্ত্রিক পথে বাংলাদেশের উত্তরণ ঘটবে। তার নেতৃত্বে সাংবিধানিক পথ, প্রাতিষ্ঠানিক গণতন্ত্র এবং সকল নাগরিকের ভোটাধিকার প্রতিষ্ঠিত হবে। ইতিমধ্যে ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার দেশকে তার সঠিক রাস্তায় ফিরিয়ে আনতে কাজ শুরু করেছে। জনগণ এবং রাজনৈতিক দলগুলোর উচিত গণতান্ত্রিক উত্তরণ এবং সুষ্ঠু নির্বাচন আয়োজনে ড. মুহাম্মদ ইউনূসকে সহযোগিতা করা। তিনি বলেন, 'নির্বাচনের এই সম্ভাব্য তারিখ শুধুমাত্র ক্যালেন্ডারের পাতার একটি হিসাব নয় বরং এটি দেশের জনগণকে দেওয়া প্রতিশ্রুতির পথে যাত্রা। তাদের ভোট আর চুরি হবেনা, কণ্ঠকে চেপে ধরা হবেনা, বাংলাদেশের ভবিষ্যত ভয়, মিথ্যা আর নির্যাতনের ওপর তৈরি হবেনা বরং তার ভীত তৈরি হবে সত্য, স্বচ্ছতা এবং অংশগ্রহণের ভিত্তিতে।' বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত ড্যান মোজেনা বলেন, কয়েক বছর হাসিনার শাসন দেখেছি। কিন্তু স্বপ্নেও ভাবিনি খুব সহজে এই সরকারের পতন ঘটবে। তরুণরা কীনা জুলাইয়ে এটা করে দেখিয়েছে। ৫ আগস্টকে কখনো ভুলে যাবেনা। হেলিকপ্টার উড়ে যাচ্ছিলো (হাসিনার পালানোর জন্য)। এই বিপ্লব ছিলো ভিন্ন ধরনের একটি বিপ্লব। বিপ্লবের পর কোনো ধরনের বিপর্যয় ঘটেনি বরং স্থিতিশীল গণতন্ত্রের দিকে যাত্রা শুরু হয়েছে। আমি যখন ৫ আগস্টের দিকে তাকাই তখন হেলিকপ্টার দিয়ে পালিয়ে যাবার দৃশ্য দেখি তখন মনে হয় এটা বাংলাদেশের ইতিহাসের বিস্ময়কর ঘটনা। রাষ্ট্রদূত মোজেনা বলেন, বাংলাদেশের রাজনৈতিক দলগুলো আবার তাদের পুরনো ভুলে ফিরে যাক এটা আমি যুক্তিযুক্ত মনে করিনা। জাতীয় ঐক্যমত্য কমিশনের কাজ হবে অনেককে নৈতিক আচরণের বিষয়ে প্রশিক্ষিত করা। জনগণ এবং রাজনৈতিক দলগুলোর উচিত গ্রহণযোগ্য রাজনৈতিক প্রক্রিয়া নির্মাণে অন্তর্বর্তী সরকারকে চাপ না দিয়ে সহযোগিতা করা। বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের সাবেক রাষ্ট্রদূত মার্শা ব্লুম বার্নিকাট বলেন, বাংলাদেশ কৃষি এবং বনায়নের উন্নয়নে অংশীদারদের সঙ্গে যেসব পদক্ষেপ গ্রহণ তা প্রশংসনীয়। বাংলাদেশের কৃষক এবং বিজ্ঞানীরা নতুন নতুন উদ্ভাবনের মাধ্যমে নিজেরা উপকৃত হচ্ছে এবং উদ্ভাবনী সুবিধাগুলো বিদেশে ছড়িয়ে দিচ্ছে। যার মধ্যে রয়েছে বন্যা সহনশীল শস্য। বঙ্গোপসাগরে রয়েছে অপার সম্ভাবনা, এছাড়া বাংলাদেশে প্রচুর মৎস্য খামার রয়েছে। তবে বাংলাদেশের সবচাইতে বড় সম্পদ হচ্ছে দেশটির জনগণ। এদেশের তরুণরা ডাইনামিক। ২০১৮ সালে তরুণরা বাস দুর্ঘটনায় শিক্ষার্থী নিহতের প্রতিবাদে তারা রাস্তায় নেমে আসে। সত্যি অসাধারণ! ট্রাফিক পুলিশের দায়িত্ব সেটা তারা পালন করে দেখিয়েছে। বাংলাদেশি তরুণদের এই অদম্য স্পৃহাকে আমি পছন্দ করি। যুক্তরাষ্ট্রে গণতন্ত্র উত্তরণে আধুনিক সময়ের নজিরবিহীন চ্যালেঞ্জের মুখে পড়েছে। আজকের দিনে আমেরিকাজুড়ে ১,৮০০ এর বেশী বিক্ষোভ হচ্ছে। ক্ষমতায়ন শুধু সরকার এবং অবকাঠামোর বিষয় নয় বরং এটি জনগণের মধ্যে প্রতিষ্ঠার বিষয়।'
রাষ্ট্রদূত বার্নিকাট বলেন, 'অভিবাসী যুক্তরাষ্ট্রের জন্য গুরুত্বপূর্ণ। তারা এ দেশের উন্নয়ন এবং সাফল্যে ভূমিকা রাখছে। প্রেসিডেন্ট জর্জ এইচ ডাব্লিউ বুশ বলেছেন, অভিবাসী শুধু দেশের অতীত ইতিহাসে ভূমিকা রাখে বিষয়টি এমন নয় বরং তারা ভবিষ্যত উন্নয়নে ভূমিকা রাখে। যুক্তরাষ্ট্রের গণতন্ত্রায়নে অভিবাসীরা যেমন ভূমিকা রাখছে ঠিক তেমনিভাবে বাংলাদেশের গণতন্ত্রায়ন এবং বিনিয়োগে তারা ভূমিকা রাখবে বলে আমি আশা রাখি।'
ড. জামাল উদ্দীন বলেন, বাংলাদেশ আজ পিছিয়ে নেই। তিনি তার বিশ্ববিদ্যালয়ে ন্যানোটেকনোলজিতে বাংলাদেশীদের বিশেষ অবদান এর কথা উল্লেখ করেন। তিনি বর্তমান সরকারকে যে কোন সহযোগিতা করতে ইউএস-বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিল কাজ করবে বলে আশা করেন। মেজর(অব.) মনজুরুল হক বলেন, ভারতীয় আধিপত্যবাদ রুখতে হবে, গনতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে আবারো পুনরুজ্জীবিত করতে হবে। এসবের জন্য সংস্কার প্রয়োজন। ড. ইউনূসকে সময় দিতে হবে। তার কাজে সহযোগিতা করতে হবে। ডা. মাকসুদুল হাকিম বলেন, বাংলাদেশের স্বাস্থ্য খাতে ব্যাপক সংস্কার প্রয়োজন। এজন্য আমলাতান্ত্রিক জটিলতা কমাতে হবে। ভারতীয় নির্ভর চিকিৎসা কমাতে হবে। জন্য সাম্প্রতিক সময়ে ড. ইউনূসের চীন সফর এবং বাংলাদেশে স্বাস্থ্য খাতে চীনের বিনিয়োগ আশাব্যঞ্জক বলে তিনি উল্লেখ করেন। ডা. আহমেদ খান সেলাল বলেন, বাংলাদেশের বিচার ব্যবস্থার সংস্কার করতে হবে। বিচারকরা যাতে স্বাধীন ভাবে কাজ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। সামারুখ মহিউদ্দিন বলেন, বাংলাদেশের বর্তমান উন্নয়ন যেকোন সময়ের চেয়ে ভাল অবস্থানে আছে। হাসিনার পতনে বাংলাদেশ এক নব দিগন্তের সূচনা হয়। খুরশিদ নাজির বলেন, সাইবার সিকিউরিটি বর্তমানে বিশাল খাত। সরকার চাইলে ইউএস-বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিল এ বিষয়ে সহায়তা করতে পারে। সভাপতির বক্তব্যে সামছুদ্দীন মাহমুদ, ইউএস-বাংলাদেশ অ্যাডভোকেসি কাউন্সিল(ইউবেক) এর মিশন ও ভিশন নিয়ে বিস্তারিত আলোচনা করেন।



## ‘বিশ্বায়নে পোর্টাল জার্নালিজমের ভূমিকা’ শীর্ষক সেমিনার

৬৪ পৃষ্ঠার পর

হয়। সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন এর সভাপতিত্বে ও সংগঠনটির সাধারণ সম্পাদক সাংবাদিক আরিফুর রহমান আরিফ এর সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন নিউইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি ও সাপ্তাহিক আজকালের কন্ট্রিবিউটিং এডিটর মনোয়ারুল ইসলাম, গ্রেটার জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মইনুল হক চৌধুরী হেলাল, সোশ্যাল মিডিয়া ও পোর্টাল জার্নালিস্ট কবি ও প্রাবন্ধিক এবিএম সালেহ উদ্দিন, আইটিভি'র পরিচালক ও সোশ্যাল মিডিয়া এবং পোর্টাল জার্নালিস্ট সাংবাদিক রিমন ইসলাম, নিউইয়র্ক কাগজ ডটকম এর সম্পাদক আফরোজা ইসলাম, প্রবাসমেলা- ডটকম এর নির্বাহী সম্পাদক, সোশ্যাল মিডিয়া ও পোর্টাল জার্নালিস্ট শহীদ রাজু, কালের সংবাদ ডটকম এর সম্পাদক সোহেল চৌধুরীবাক'র উপদেষ্টা ও এনপিজেএ'র কন্ট্রিবিউটর জুনেদ এ খান, বাক'র সভাপতি ও এনপিজেএ'র কন্টিবিউটর নুরুল আলম খান, বাক'র সাধারণ সম্পাদক ও এনপিজেএ'র কন্ট্রিবিউটর হুমায়ুন আহমেদ চৌধুরী এবং সমাজসেবক ও এনপিজেএ'র কন্ট্রিবিউটর বসির আহমেদ খান। সেমিনারে এ বিষয়ের উপর আলোচনা করেন এনপিজেএ এর সহ-সভাপতি ও মুক্তকণ্ঠ নিউজের সম্পাদক হেলাল মাহমুদ, আইবিএন নিউজ২৪.কম এর সম্পাদক আয়েশা আক্তার রুবি।

সভায় সমাজ সেবায় বিশেষ অবদানের জন্য রতন তালুকদার, মনোয়ারুল ইসলাম, মইনুল হক চৌধুরী হেলাল, রিমন ইসলাম, আফরোজা ইসলাম, এবিএম সালেহ উদ্দিন, শহীদ রাজু, হেলাল মাহমুদ, সোহেল চৌধুরী, শিউলী তালুকদার, আয়েশা আক্তার রুমি, জুনেদ এ খান, হুমায়ন আহমেদ চৌধুরী, বসির আহমেদ খান, নুরুল আলম খান, আতাউর রহমান চৌধুরী, মমতাজ খানম, মোস্তাসির, এমএ সালাম, আরিফুর রহমান আরিফ এবং হাকিকুল ইসলাম খোকনকে সাইটেশন অ্যাওয়ার্ড প্রদান করা হয়।



## জোহরান মামদানীর সমর্থনে জ্যামাইকায় বিশাল সমাবেশ

৬২ পৃষ্ঠার পর

সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে মেয়র পদপ্রার্থী ও স্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী বলেন, নিউইয়র্ক সিটি সম্ভবত এবার একজন মুসলিম মেয়র পেতে যাচ্ছে। এটা সম্ভব হয়েছে নিউইয়র্কের ৩৬ হাজার স্বেচ্ছাসেবী ক্যাম্পেইনারের জন্য। এন্ড্রু কুওমো ও তার রিপাবলিকান সমর্থকরা আমার ক্যাম্পেইন ও সম্ভাব্য জয়কে বাধাগ্রস্থ করতে মিলিয়ন মিলিয়ন ডলার খরচ করছেন।

তিনি বলেন, নিউইয়র্ক সৌহার্দ-সম্প্রীতির সিটি। নিউইয়র্কের বাসিন্দারা শান্তি, নিরাপত্তা চায়। আমি মেয়র হলে এই সিটিতে সাশ্রয়ী আবাসন, ন্যায্যমূল্যের সিটি গ্রোসারী আর বিনামূল্যে সিটির পরিবহন সেবা চালু করব। তাই ইতিহাস সৃষ্টি করতে হলে প্রতিটি ভোট কাউন্ট করতে হবে। এজন্য তিনি সবাইকে ভোট দেয়ার জন্য উদাত্ত আহ্বান জানান।

সভায় অন্যান্যের মধ্যে মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা)-এর সেন্ট্রাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন, জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডা. নাজমুল এইচ খান, সাবেক সভাপতি ডা. মোমতাজ ভূইয়া (ডিডিএস), ডা. সিদ্দিকুর রহমান, ডা. ওহিদুর রহমান, জেএমসি'র ইমাম শামসী আলী, মুফতি আবদুল মালেক, বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ ও শিয়াস আহমেদ, ডা. আবউল ওসমানী প্রমুখ বক্তব্য রাখেন। যৌথভাবে সমাবেশটি পরিচালনা করেন জেএমসি'র সেক্রেটারী আফতাব মান্নান ও জয়েন্ট সেক্রেটারী কখরুল ইসলাম দেলোয়ার।

সমাবেশ শেষে হাজারো মানুষের অংশগ্রহণে জোহরান মামদানিকে নিয়ে আয়োজকরা বাংলাদেশী স্টাইলে একটি র‌্যালি বের করে। র‌্যালিটি হাইল্যান্ড এভিনিউ থেকে শুরু করে ১৬৭ স্ট্রীট হয়ে হিলসাইড এভিনিউর ধরে হিলসাইড এভিনিউ ও ১৬৯ স্ট্রীট কর্ণার (লিটল বাংলাদেশ এভিনিউ)-তে এসে শেষ হয়। মিছিল থেকে 'আমার মেয়র, তোমার মেয়র, মামদানী মামদানী', '২৫ তারিখ জানানদিন, মামদানী মামদানী', 'ভোট ফরম মেদানী', 'মামদানী আছে যেখানে, আমরা আছি সেখানে' প্রভৃতি শ্লোগান দেয়া হয়।



## নিউইয়র্কে বদরউদ্দিন কামরানের স্মরণ সভা

৬২ পৃষ্ঠার পর

খিলাছড়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবু লেইছ চৌধুরী ও রেজাউল হক রুবেল। উপস্থিত ছিলেন যুবলীগ নেতা রিটন সরকার, জাবেদ আহমেদ, আবুল কাসেম, তোফাজ্জল হোসেনসহ স্থানীয় বাংলাদেশি কমিউনিটির নেতৃবৃন্দ। আলোচনায় বক্তারা সাবেক মেয়র বদরউদ্দিন আহমদ কামরানের কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, তিনি ছিলেন সিলেটের রাজনীতির এক উজ্জ্বল প্রতীক। তাঁর অবদান তরুণ প্রজন্মকে অনুপ্রাণিত করবে। পরে মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

## এমবাপে হাসপাতালে

৫২ পৃষ্ঠার পর

কিলিয়ান এমবাপে তীব্র গ্যাস্ট্রোএন্টেরাইটিসে ভুগছেন এবং বিভিন্ন পরীক্ষা এবং চিকিৎসার জন্য তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।' বুধবার রাতে ক্লাব বিশ্বকাপে রিয়াল মাদ্রিদের প্রথম ম্যাচে খেলতে পারেননি এমবাপে। ওই ম্যাচে আল হিলালের সঙ্গে ১-১ ড্র করেছে রিয়াল।

এমবাপের শারীরিক অবস্থার যদি উন্নতি না হয়, তবে ক্লাব বিশ্বকাপে বড় ধাক্কা খেতে পারে রিয়াল। এরই মধ্যে তারা এমবাপেকে ছাড়া খেলতে নেমে পয়েন্ট হারিয়েছে।

## শাহরুখ খানের সিনেমায় এড শিরানের বলিউড অভিষেক!

৪৬ পৃষ্ঠার পর

জানিয়ে স্পষ্ট করেছেন যে, হিন্দি গানটি শাহরুখ অভিনীত একটি বলিউড ছবির জন্য ছিল। আর এটি অরিজিতের সাথে নীলকান্তের পাঞ্জাবি ভার্সন। আমি এই মুহূর্তে সব অধ্যায়েই গান করছি।'

এই কথা থেকে সবাই ধরেই নিয়েছেন, শাহরুখের পরবর্তী সিনেমা 'কিং'-এ শোনা যাবে শিরানের গান। যদিও শাহরুখ কিংবা সিদ্ধার্থ আনন্দ এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কেউ কথা বলেননি।

মোটকথা, গানটির রেকর্ডিংয়ের সময়, শিরানের বক্তব্য এবং 'স্ন্যাকায়ার', সবকিছুই ইঙ্গিত করছে, এমনটা হয়তো আসলেই ঘটতে চলেছে। যদি জল্পনাটি সত্যি প্রমাণিত হয়, তবে এটি সাম্প্রতিক বছরগুলিতে বলিউডের সবচেয়ে অনন্য এক সংগীতায়োজন হতে চলেছে বলে মনে করছেন ভক্তরা। না প্রয়োজন, কিং সিনেমায় শাহরুখ ছাড়া আরও অভিনয় করেছেন সুহানা খান, দীপিকা পাড়ুকোন, অনিল কাপুর, রানী মুখার্জি প্রমুখ। সূত্র: বলিউড হাঙ্গামা







# ৩ দেশের ৩৭ হলে 'উৎসব'

## চলবে কানাডার ৬টি, আমেরিকার ৩০টি ও ইউকের ১টি থিয়েটারে

আজকাল বিনোদন



দেশে ঈদের চমক লাগানো সিনেমা তানিম নূর পরিচালিত 'উৎসব' ২০ জুন মুক্তি পাচ্ছে কানাডা, আমেরিকা ও ইউকের ৩৭টি সিনেমা হলে। প্রথম সপ্তাহে কানাডার ৬টি, আমেরিকার ৩০টি ও ইউকের ১টি থিয়েটারে চলবে 'উৎসব'। যাতে, পৃথিবী বিখ্যাত সিনেমা চেইন এএমসি (যুক্তরাষ্ট্র) এর স্ক্রিন সংখ্যা ১৫টি, রিগ্যাল (যুক্তরাষ্ট্র) এর স্ক্রিন সংখ্যা ১১টি, সিনেপ্লেক্স (কানাডা) এর স্ক্রিন সংখ্যা ৬টি, সিনেমার্ক (যুক্তরাষ্ট্র) এর স্ক্রিন সংখ্যা ২ টি, শোকেস (যুক্তরাষ্ট্র) এর স্ক্রিন সংখ্যা ২টি, সিনেওয়ার্ল্ড (ইউকে) এর স্ক্রিন সংখ্যা ১টি।

কানাডা, আমেরিকা ও যুক্তরাজ্যের থিয়েটারে একযোগে মুক্তি উপলক্ষে উৎসব সিনেমার পরিচালক তানিম নূর দর্শকদের পরিবার নিয়ে সিনেমা দেখার আমন্ত্রণ জানিয়েছেন। তিনি বলেন, 'উৎসব' দেশে দারুণভাবে দর্শক সমাদৃত হয়েছে। আশা করি, বাংলাদেশে যেমন সবার ভালো লেগেছে, আপনাদের কাছেও তেমনি ভালো লাগবে।'

'উৎসব' সিনেমার আন্তর্জাতিক পরিবেশক স্বপ্ন স্কেয়ারক্রো-এর প্রেসিডেন্ট মোহাম্মদ অলিউল্লাহ সজীব বলেন, "২০ জুন এ বছরের সবচেয়ে কঠিন ডেটগুলোর একটা ইন্টারন্যাশনাল সার্কিটে। একে তো হলিউডের সব বড় বড় ছবির লাইন লেগে আছে, সাথে যোগ হয়েছে ইন্ডিয়ার ইকুয়েলি বড় ২ সিনেমা। এর মধ্যে মোটামুটি যুদ্ধ করে এ হলগুলি নিতে হয়েছে। একটু আফসোস আছে আমেরিকার লস অ্যাঞ্জেলেস, ফিলাডেলফিয়া আর কানাডার ভ্যানকুভার ও ক্যালগেরির জন্য। তবে প্রথম সপ্তাহে ভালো শুরু পেলে এ শহরগুলিতে পরের যেকোনো সপ্তাহে রিলিজের সুযোগ থাকছে 'উৎসব'-এর।" প্রথম সপ্তাহে কানাডা, আমেরিকা ও ইউকের প্রধান প্রধান যেসব শহরে উৎসব চলবে:

কানাডা : টরন্টো, মন্ট্রিয়াল, অটোয়া, উইন্ডসর, এডমন্টন, রেজিনা।

আমেরিকা : নিউইয়র্ক সিটি, ডালাস, হিউস্টন, আটলান্টিক সিটি, ওয়াশিংটন ডিসি, বাফেলো, নেশভিল, শার্লটে, মিয়ামি, টাম্পা, অরল্যান্ডো, ওকলাহোমা সিটি, শিকাগো, ফিনিক্স, আটলান্টা,

এরপর ৩৮ পৃষ্ঠায়



ঈদের ৬ সিনেমা

## আয়ে এগিয়ে কোনটি

আজকাল বিনোদন

ঈদুল আজহায় মুক্তি পেয়েছে ৬টি সিনেমা। এর মধ্যে শাকিব খান অভিনীত ও রায়হান রাফী নির্মিত সিনেমা 'তাণ্ডব' আছে সবচেয়ে আলোচনায়। অবশ্য আগেই অনুমান করা হয়েছিল এমনটা যে হবে। হল সংখ্যা তো বটেই, আয়ের দিক দিয়েও অনেক এগিয়ে সিনেমাটি। অন্য সিনেমাও চলছে নিজস্ব গতিতে। চলুন জেনে নেওয়া যাক, ঈদে মুক্তিপ্রাপ্ত ৬টি সিনেমার মধ্যে এখন পর্যন্ত কোন

এরপর ৪৪ পৃষ্ঠায়



## দেশ নিয়ে ক্ষোভ জানালেন অভিনেত্রী শবনম ফারিয়া



আজকাল বিনোদন

শবনম ফারিয়াকে সবাই স্পষ্টবাদী হিসেবেই জানেন। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমেও সরব থাকেন বেশ। সেখানে নিয়মিত নিজের মতামত জানান। অনেকেই এটা নিয়ে তার সমালোচনা করলেও তিনি গায়ে মাখেন না। জুলাই ছাত্র আন্দোলনের সময়ও তিনি ছাত্রদের পক্ষে নিজের অবস্থান জানান দেন। এতদিন পরে এসে সেই জুলাই আন্দোলন নিয়ে আবারও নিজের মতামত জানালেন এই অভিনেত্রী, সেইসাথে জানালেন দেশ নিয়ে নিজের ক্ষোভ। ১৮ জুন ফারিয়া নিজের ফেসবুক ওয়ালে একটি পোস্ট শেয়ার করেছেন। সেখানে তিনি লিখেছেন, "একটা গল্প আছে না, শীতের সকালে একজন ইমাম আর একজন চোরের? ইমাম ভাবে, কী ভালো একটা মানুষ, এই ঠান্ডায় ফজরের নামাজ পড়তে এসেছে! চোর ভাবে, কী ভদ্রলোক দেখতে, দাড়ি রেখে আবার চুরি করে! এই গল্প থেকে আমরা কী শিখেছিলাম? শিখেছিলাম, যার চিন্তাধারা যেমন, অন্যদেরও তাদের সেইম মনে হয়! কিন্তু বিশ্বাস করেন, পৃথিবীর সব মানুষ 'টাকার' (ডলারও পরতে পারেন) কাছে তাদের 'এথিক্স' বিক্রি করে না।

এরপর ৪৪ পৃষ্ঠায়





## শাহরুখ খানের সিনেমায় এড শিরানের বলিউড অভিষেক!

আজকাল বিনোদন

বলিউডে অভিষেক হচ্ছে ব্রিটিশ সংগীতশিল্পী এড শিরানের। তাও আবার শাহরুখ খানের সিনেমায়! হ্যাঁ, গুঞ্জন উঠেছে, শাহরুখের আসন্ন সিনেমার একটি গানে কণ্ঠ দিয়েছেন এড শিরান।এই শিল্পী নিজেই নিশ্চিত করেছেন যে, তিনি শাহরুখের আসন্ন ছবির জন্য একটি হিন্দি ট্র্যাক রেকর্ড করেছেন যা সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনার ঝড় তুলেছে। যদিও সিনেমাটির নাম শিরান জানাননি। তবে ভক্তরা ধরেই নিয়েছেন, সিদ্ধার্থ আনন্দ পরিচালিত, শাহরুখ খানের পরবর্তী 'কিং' সিনেমায় থাকবে শিরানের গান। এর আগে শিরানের 'স্যাফায়ার' গানের ভিডিওতে শাহরুখ খানের উপস্থিতি যথেষ্ট আলোচনার জন্ম দিয়েছিলো। ভিডিওটিতে সংগীতশিল্পী অরিজিৎ সিংও রয়েছেন। ১৭ জুন এড শসিরান 'স্যাফায়ার' তৈরির নেপথ্যের একটি ভিডিও শেয়ার করেন নিজের ইউটিউব চ্যানেলে। সেখানে, কীভাবে তিনি শাহরুখকে গানটির জন্য সেই ক্যামিও করতে রাজি করিয়েছিলেন তা নিয়ে কথা বলেছেন। ভিডিওতে, তাকে কিছু হিন্দি গানের লাইন রেকর্ড করতে দেখা যাচ্ছে। একটি ফ্যান ক্লাব ইনস্টাগ্রামে সেই ক্লিপটি শেয়ার করে লিখেছে, 'পুরো পাঞ্জাবি ভার্সনের জন্য অপেক্ষা করতে পারছি না! এডের ইউটিউব চ্যানেলে পর্দার পেছনের অংশটি দেখুন! এড ভিডিওতে হিন্দি ভার্সনের কথা বলেছেন। তাই আমি নিশ্চিত নই যে গানটির অন্য ভার্সনটি এখন হিন্দি নাকি পাঞ্জাবি হবে!'

এড নিজেই পোস্টের প্রতিক্রিয়া

এরপর ৪৫ পৃষ্ঠায়

## ১৬৯ কোটি টাকা ক্ষতির মুখে আমির খান

আজকাল বিনোদন

'সিতারে জামিন পার' সিনেমাটি দেখার জন্য আমির অনুরাগীরা মুখিয়ে রয়েছেন। বলিউডের 'মিস্টার পারফেকশনিস্ট' খ্যাত আমির খানের নতুন 'সিতারে জামিন পার' সিনেমাটি মুক্তির আগেই মন খারাপের বার্তা দিয়েছে। শোনা যাচ্ছে, সিনেমাটি বিক্রির ১২০ কোটি রুপির প্রস্তাব ফিরিয়েছেন এ অভিনেতা। যা বাংলাদেশি মুদ্রায় ১৬৯ কোটি টাকারও বেশি। ভারতীয় চলচ্চিত্র বিশ্লেষকদের মতে, এ সিদ্ধান্তের ফলে মুক্তির আগে নাকি লোকসান করেছেন আমির খান।



বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছিল আমির খানের সিনেমা 'লাল সিং'। এবার 'সিতারে জামিন পার' নিয়ে আশাবাদী আমির। আশায় বুক বেঁধেছিলেন অনুরাগীরাও। তবে সিনেমাটির ট্রেলার প্রকাশ্যে আসার পর থেকেই বিতর্কের শিরোনামে আমির খান। যে অভিনেতার 'সুপারহিট প্রত্যাবর্তনের' অপেক্ষায় আশায় বুক বেঁধেছিল অনুরাগীকুল, এবার তার সিনেমা মুক্তির আগেই নেটিজেনরা বেঁকে বসেন। কারো কাছে ভারত-পাকিস্তান সংঘাতের আবহে প্রাসঙ্গিক হয়ে উঠেছে তুরস্কে 'লাল সিং চাড্ডা'র শুটিং। আবার কারো ক্ষোভ দেখিতে অপারেশন সিঁদুরের জয়গান করা নিয়ে। কারণ 'সিতারে জামিন পার' সিনেমার ট্রেলার মুক্তির ২৪ ঘণ্টা আগে ভারতের সেনাবাহিনী, প্রধানমন্ত্রীকে একযোগে স্যালুট করেছিলেন আমির খান। অনেকের কাছেই, এ জয়গান লোক দেখানো মনে হয়েছে। আবার কারো অভিযোগ, 'সিতারে জামিন পার' সিনেমাটির গল্প হলিউড সিনেমা 'চ্যাম্পিয়ন' থেকে চুরি

এরপর ৪২ পৃষ্ঠায়



## নিউইয়র্কে নায়িকা মাহিয়া মাহি

আজকাল বিনোদন

দেশ ছাড়লেন ঢালিউড অভিনেত্রী মাহিয়া মাহি। গত বৃহস্পতিবার সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এ তথ্য নিশ্চিত করেছেন অভিনেত্রী নিজেই। তবে কী উদ্দেশে তিনি সেখানে গেছেন সে ব্যাপারে স্পষ্ট করে বলেননি কিছুই। যাত্রাকালে তোলা বেশ কয়েকটি ছবি নিউইয়র্কে পৌঁছে ফেসবুকে পোস্ট করেন মাহি। সেখানে তিনি লিখেছেন, 'ঠিক আছে, ধন্যবাদ, বিদায়।' চেকইন দেন নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

মাহিয়া মাহি ঢালিউডের আলোচিত অভিনেত্রী। বিয়ে, সন্তান ও রাজনীতির কারণে চলচ্চিত্রে তার ক্যারিয়ার থমকে যায়। দ্বিতীয় স্বামীর সঙ্গে বিচ্ছেদের পর আবারও অভিনয়ে ফেরার প্রস্তুতি নিচ্ছিলেন এই তারকা। তারপরও ফিরতে পারেননি তিনি। কেন গেলেন যুক্তরাষ্ট্রে? যোগাযোগ করা

এরপর ৪২ পৃষ্ঠায়

NOW SHOWING IN THEATRES




1. REGAL UA MIDWAY, **FOREST HILLS/QUEENS**
2. SHOWCASE CINEMA DE LUX **FARMINGDALE, LONG ISLAND**
টিকেট ও শো-টাইম: সিনেমা হল এর ওয়েবসাইট/অ্যাপ/কাউন্টার

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized IRS e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services . Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.





যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।
আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।



বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

CHHETRY & ASSOCIATES P.C.
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116



আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়




Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com



PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us



জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
718-480-6904, 917-436-0954
Email: globalnusrat@gmail.com

# Clearview Eye Center





## কুইন্সের বহু বছর যাবত চোখের চিকিৎসায় সাফল্য অর্জনকারী ডাক্তার সাজ্জাদ আখতার এর চিকিৎসা নিন

* চোখ আপনার জীবনের অমুল্য সম্পদ
* সময় থাকতে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে চোখের সঠিক যত্ন নিন
* আমরা বাংলায় কথা বলি





**All kinds of eye's Problems Solved by**

**SAJJAD AKHTAR, M.D.**

117-04 Jamaica Ave, Richmond hill, NY 11418

**Tel : 718-847-3937**

25-19 35th Street, Suite: CFAstoria, NY 11103

**Tel : 718-728-3606**

**We Accept most of Insurances.**



# Video & Photo PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



# Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

## Zillur Rahim



IRS Enrolled Agent, MBA

**646-322-3254**

### Our Services:

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

**Zillur Rahim**
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

**646-322-3254, 718-374-3110**

Email : zillurincometaxnyc@gmail.com

**Zillurtaxandinsurance.com**



DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

ঈদ উপলক্ষে 10% DISCOUNT

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষার আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us



নরসিংদী জেলা সমিতি, ইউএসএ ইন্‌ক
NARSINGDI ZILLA SOMITY USA INC

বার্ষিক
বনভোজন ২০২৫

Date- 6 July, Sunday 2025
Place- Heckscher State Park
Field number 3,
1 Heckscher State Parkway, East Islip, NY 11730

সম্মানিত সুধী,
আসছে ৬ জুলাই ২০২৫ রোজ রবিবার নরসিংদী জেলা সমিতি ইউএসএ ইনক এর বার্ষিক বনভোজন হেকশেয়ার স্টেট পার্কের মনোরম পরিবেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত বনভোজনে প্রবাসী নরসিংদীবাসী সহ আপনি / আপনারা সকলেই আমন্ত্রিত।

আকর্ষনীয় র‍্যাফেল ড্র, খেলাধুলা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

চাঁদার হারঃ জনপ্রতি ২০ ডলার
১০ বছরের নিচে বাচ্চা ফ্রি



আমন্ত্রণে

আহ্বায়ক
জাকির এইচ খান
(৯১৭) ৬৭০-৯৮৮৩

প্রধান সমন্বয়কারী
মোঃ ইসমাইল হোসেন
৯১৭-২৫৭-০১৩৫

সদস্য সচিব
অলিউল্লাহ খন্দকার সুমন
৩৩৯-২৪৪-৯৪৬৮

যুগ্ম আহ্বায়ক
মোঃ নাজমুল হক
রাশিদুল কবির সজল

সমন্বয়কারী
মোঃ মোফাজ্জল হোসেন
শামীমা খান

যুগ্ম সদস্য সচিব
মোঃ আতিকুর রহমান
তোহরা বেগম

সদস্য : ইকবাল এ ভূঁইয়া, ফিরোজ আহমেদ, মোঃ জসিম উদ্দিন খন্দকার, মোঃ মাহবুবুর রহমান, মাসুদ ভূঁইয়া, সালাউদ্দিন খান তুহিন, মোঃ গোলাম মোস্তফা, জিয়াউর রহমান, আব্দুল কাইয়ুম, ইয়াসিন মিয়া, মোঃ মতিউর রহমান, মোঃ সাইফুর রহমান, মোঃ জাহাঙ্গীর আলম, মোঃ মাহবুবুল আলম, কাজী কামরুজ্জামান, মোঃ মাসুদুর রহমান মুরাদ, সাহাদৎ হোসেন খান স্বপন, কামাল চৌধুরী, জেরিন আজাদ, নাসরিন জাহান সুমি ।

সার্বিক সহযোগিতায়ঃ মোঃ আনোয়ার হোসেন, আজহারুল ইসহাক খোকা, আহসান হাবীব, মোঃ মাহবুব হোসেন, বি এম মুরাদ, ইঞ্জিনিয়ার আহসানুর হক, মোঃ মাহবুবুর রহমান চুন্নু, ইঞ্জিনিয়ার নূরুল হক, অধ্যক্ষ মোঃ জয়নাল আবদীন, মোঃ মোহসিন হোসেন, জাহিদুল আহম্মেদ নাফিজ,এ কাদের জিলানী, মোঃ রেজাউল খালেক খালিদ ।



সভাপতি
শামিম গফুর
৬৪৬-২৭২-৮৬৪৭



সাধারণ সম্পাদক
এহসানুল হক বাবুল
৩৪৭-২৭৯-৪৬৯৭



Endorsed by Zohran Mamdani

RANK BLAKE #1



MICHAEL BLAKE NYC MAYOR

*Tomorrow Begins Today.*

- End Credit Scores & Increase Income Limits for Affordable Housing
- Improve Public Safety with 1,000 Mental Health Professionals
- Civics, Financial Literacy & Mental Health for all Students
- Provide students in school time and space for their prayers daily, not just on Friday
- Provide culturally sensitive and Halal meals to students in school
- Keep ICE out of our masjids, schools, and other institutions

Former Pres. Obama Aide | Assembly Member | The Bronx Native | Son of Jamaican Immigrants

Vote June 24 or Vote Early June 14-22

blakefornyc.com

Paid for by Blake for NYC 2025

# বাংলাদেশের টেস্ট মর্যাদার রজতজয়ন্তী

## সেই ঐতিহাসিক মুহূর্তকে স্মরণ করতে বিসিবির নানা আয়োজন

আজকাল স্পোর্টস

টেস্ট ক্রিকেটে বাংলাদেশের প্রথম সেঞ্চুরিয়ান আমিনুল ইসলাম বুলবুল এখন দেশের ক্রিকেটের শীর্ষ কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নতুন সভাপতি। তার নেতৃত্বেই এবার উদযাপন করা হচ্ছে দেশের টেস্ট মর্যাদা প্রাপ্তির ২৫ বছর পূর্তির রজতজয়ন্তী। ২০০০ সালের ২৬ জুন আইসিসির দশম পূর্ণ সদস্য হিসেবে টেস্ট মর্যাদা পায় বাংলাদেশ। সেই ঐতিহাসিক মুহূর্তকে স্মরণ করতে বিসিবি হাতে নিয়েছে সাত দিনের বিশেষ কর্মসূচি।

বাংলাদেশের টেস্ট মর্যাদার রজতজয়ন্তী উপলক্ষে ২১ থেকে ২৮ জুন পর্যন্ত দেশের সাত বিভাগীয় শহরে থাকছে বিসিবির ব্যতিক্রমধর্মী নানা আয়োজন। ৮ বিভাগের মধ্যে কেবল আনুষ্ঠানিকতা থেকে বাদ পড়েছে ময়মনসিংহ বিভাগ। টেস্ট ক্রিকেটে ২৫ বছরের এই যাত্রা স্মরণীয় করে রাখতে থাকছে অনূর্ধ্ব-১২ পর্যায়ের সিক্স এ সাইড টুর্নামেন্ট, স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য 'পেসার ও স্পিনার হান্ট', অভিভাবকদের জন্য কোচিং ক্যাম্প, ছবি আঁকা প্রতিযোগিতা, হিট দ্য স্টাম্প চ্যালেঞ্জ ও 'গুড লাক উইশ বোর্ড'-এ শুভেচ্ছা জানানোর সুযোগ। এছাড়া প্রতিটি ভেন্যুতে থাকবে একটি কমেন্ট্রি বুথ, যেখানে দর্শনার্থীরা বাংলাদেশের ঐতিহাসিক টেস্ট মুহূর্তগুলো দেখে নিজে থেকেই ধারাভাষ্য দিতে পারবেন।

২১ জুন খুলনা থেকে শুরু হবে রজতজয়ন্তীর এই আয়োজন। পরবর্তীতে রাজশাহী (২২ জুন), সিলেট (২৩ জুন), চট্টগ্রাম (২৪ জুন), ঢাকার মিরপুর গোপ মহিলা ক্রীড়া কমপ্লেক্স (২৫ জুন) এবং রংপুর ও বরিশাল (২৮ জুন) পর্যন্ত ছড়িয়ে পড়বে এই উদযাপন।

তবে আগামী ২৬ জুন মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে হবে কেন্দ্রীয় অনুষ্ঠান, নাম দেওয়া হয়েছে- 'বাংলাদেশের ২৫ বছর টেস্ট ক্রিকেট যাত্রার উদযাপন'। সংবর্ধনা ছাড়াও প্রথম টেস্ট ঘিরে স্মৃতিচারণ করতে পারবেন সেই সময়কার খেলোয়াড় ও কর্মকর্তারা। এ উপলক্ষে সংবাদমাধ্যমের সঙ্গে তাদের মতবিনিময় পর্বও থাকবে। উপস্থিত থাকবেন বাংলাদেশের হয়ে টেস্ট খেলা বর্তমান ও সাবেক ক্রিকেটাররাও। আয়োজনের অংশ হিসেবে হতে পারে সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠান বা সঙ্গীতানুষ্ঠান।



## ৪৯৫ রানে থামল টাইগাররা

আজকাল স্পোর্টস

শ্রীলঙ্কায় গল টেস্টের প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৪৯৫ রান তুলেছে বাংলাদেশ। শান্ত-মুশফিক-লিটনদের ব্যাটিংয়ে ভক্ত-সমর্থকদের মনে একটা আশা জেগেছিল ৫০০ রান পেরিয়ে বিশাল একটি পুঁজি গড়তে পারবে টাইগাররা। কিন্তু গতকাল বেলাশেষে হঠাৎ ধসে পড়ে বাংলাদেশের ব্যাটিং লাইনআপ। মাত্র ৪ উইকেটে ৪৫৮ রানের পরে ২৬ রান তুলতেই হারিয়ে ফেলে আরও ৫ উইকেট। ৯ উইকেটে ৪৮৯ রান নিয়ে দ্বিতীয় দিনের খেলা শেষ করেছিল বাংলাদেশ। তৃতীয় দিনের খেলায় নেমে শেষ উইকেটে মাত্র ৬ রানই যোগ করতে পেরেছে টাইগাররা। ফলে ৪৯৫ রানেই থেমে যায় বাংলাদেশের ১ম ইনিংস।

এর আগে প্রথম দিনের খেলায় শুরুতে পরপর ৩ উইকেট হারিয়ে কিছুটা বিপর্যয়েই এরপর ৩৮ পৃষ্ঠায়



## মেসির চমৎকার গোলে ইন্টার মায়ামির জয়োল্লাস

আজকাল স্পোর্টস

ম্যাচের শুরুতেই লাগল গোল হজমের ধাক্কা। প্রথমার্ধের পুরোটা সময় দ্বিতীয় সেরা দল হয়ে রইল ইন্টার মায়ামি। তবে, বিরতির পর দ্রুত পাল্টে গেল দৃশ্যপট। সমতায় ফেরার খানিক বাদেই দৃষ্টিনন্দন গোলে ব্যবধান গড়ে দিলেন লিওনেল মেসি। ক্লাব বিশ্বকাপের পরের ধাপে ওঠার সম্ভাবনা জোরাল হলো ইন্টার মায়ামির। আটলান্টায় বৃহস্পতিবার 'এ' গ্রুপের ম্যাচে পোর্তোকে ২-১ গোলে হারিয়েছে মায়ামি।

প্রতিযোগিতাটির নতুন ও পুরোনো সংস্করণ মিলিয়ে এবারই প্রথম খেলার সুযোগ পেয়েছে ইন্টার মায়ামি। আসরের উদ্বোধনী ম্যাচে আল আহলির সঙ্গে গোলশূন্য ড্র যাত্রা শুরু করে মেসি-সুয়ারেসরা।

প্রথম জয়ের খোঁজে ম্যাচের শুরুটা একদমই ভালো হয়নি মায়ামির। পঞ্চম মিনিটে প্রতিপক্ষের জোয়াও মারিওকে ডি-বক্সে ফাউল করে বসেন মায়ামি ডিফেন্ডার অ্যালেন, ভিএআরের সাহায্যে পেনাল্টি দেন রেফারি। তা থেকেই পোর্তোকে এগিয়ে নেন সামু ওমোরদিওন। গোলটির আগে-পরে দারুণ দুটি সুযোগ তৈরি করেন রেকর্ড ব্যালন দ'র জয়ী মেসি। প্রথমবার তার পাসে ঠিকমতো সংযোগ করতে পারেননি লুইস সুয়ারেস, যদিও তিনি অফসাইডে ছিলেন। দ্বিতীয়বার অবশ্য সতীর্থের চমৎকার থ্রু বল ধরে গোলরক্ষককে একা পেয়েছিলেন তারকা স্ট্রাইকার, কিন্তু তার প্রচেষ্টা রুখে দেন ক্লাওদিও রামোস। এরপর ৩৮ পৃষ্ঠায়



## ক্যারিবীয় লিগে দল পেলেন সাকিব

আজকাল স্পোর্টস

দীর্ঘদিন পর আবারও ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে (সিপিএল) ফিরছেন সাকিব আল হাসান। ২০২৫ সিপিএলের জন্য ড্রাফট থেকে বাংলাদেশের তারকা অলরাউন্ডারকে দলে নিয়েছে নতুন ফ্র্যাঞ্চাইজি অ্যান্টিগা অ্যান্ড বারবুডা ফ্যালকন্স। সিপিএলে এটি সাকিবের ষষ্ঠ আসর এবং চতুর্থ দল।

এর আগে, সাকিব বার্বাডোজ, জ্যামাইকা ও গায়ানার হয়ে খেলেছেন। ২০১৩ সালে বার্বাডোজের হয়ে এক ম্যাচে মাত্র ৬ রান দিয়ে ৬ উইকেট শিকার করে অক্ষুণ্ন এক রেকর্ড গড়েছিলেন তিনি। যা টি-টোয়েন্টিতে তার ক্যারিয়ারসেরা বোলিং ফিগার।

আগামী ১৪ আগস্ট থেকে শুরু হবে এবারের সিপিএল। ছয় দলের অংশগ্রহণে হবে ৩৪টি ম্যাচ। প্রতিটি দল ১০টি করে ম্যাচ খেলবে। উদ্বোধনী দিনেই মাঠে নামবে সাকিবের দল অ্যান্টিগা তাদের প্রতিপক্ষ সেন্ট কিটস অ্যান্ড নেভিস প্যাট্রিয়টস। দলে সাকিবের সঙ্গে আরও আছেন, ইমাদ ওয়াসিম, ফ্যাবিয়ান অ্যালেন, নাভিন উল হক, ওবেদ ম্যাকয়, জাস্টিন গ্রিভস, বেভন জ্যাকবস, জেইডেন সিলস, আল্লাহ গাজানফার, রাহকিম কর্নওয়াল, ওডিন স্মিথ, জুয়েল অ্যান্ড্রু, শামার স্প্রিংগার, আমির জাঙ্গু, করিমা গোর, কেভিন উইকহাম, জশুয়া জেমসসহ আরও তারকা ক্রিকেটাররা।

নতুন দল, নতুন মিশনে আবারও মাঠ মাতাতে প্রস্তুত সাকিব আল হাসান। নতুন দল, নতুন মিশনে আবারও মাঠ মাতাতে প্রস্তুত সাকিব।

## বড় দুঃসংবাদ বিসিসিআইয়ের: ক্ষতিপূরণ দিতে হবে ৫৩৯ কোটি

আজকাল স্পোর্টস



ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআইয়ের উপার্জনের সবচেয়ে বড় মাধ্যম হলো আইপিএল। এবার সেই আইপিএলের জন্যই ৫৩৯ কোটি রুপি ক্ষতিপূরণ হবে বিসিসিআইকে। কোচি টাস্কার্স কেরালার চুক্তি বাতিলের মামলায় বিসিসিআইকে এই ক্ষতিপূরণ দেওয়ার জন্য আদেশ দিয়েছেন বোম্বে হাইকোর্ট।

২০১০ সালে আইপিএলে অন্তর্ভুক্ত হয় কোচি টাস্কার্স কেরালা। তবে বিতর্কিতভাবে সুযোগ পাওয়ার অভিযোগ উঠেছিল দলটির বিরুদ্ধে। ২০১১ আসরে অংশ নিলেও একই বছর সেপ্টেম্বরে তাদের সঙ্গে চুক্তি বাতিল করে আইপিএল কর্তৃপক্ষ।

মূলত, চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ফ্র্যাঞ্চাইজি ফির ১০ শতাংশ, যার পরিমাণ প্রায় ১৫৬ কোটি রুপি। এই পরিমাণ অর্থ জমা না দেওয়ায় কোচির সঙ্গে চুক্তি বাতিলের সিদ্ধান্ত নেয় বিসিসিআই।

সেই সময় সংবাদমাধ্যমগুলোতে তখন জানানো হয়, মালিকানা প্রতিষ্ঠানগুলোর মধ্যে অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে এই বিলম্ব ঘটে। এটি নিয়ে মামলা করে ফ্র্যাঞ্চাইজিটি। এরপর ২০১৫ সালে এই মামলার জন্য আদালত যেসব সালিশকারীদের নিয়োগ দিয়েছিলেন, তাদের রায়ই এবার বহাল রাখা হয়েছে।

ওই রায়ে বিসিসিআইকে প্রাথমিকভাবে ৫৫০ কোটি রুপি জরিমানা করার কথা বলা হয়েছিল। যদিও সে সময় ফ্র্যাঞ্চাইজিটির পক্ষ থেকে অর্থের বদলে আইপিএলে ফেরার সুযোগ চাওয়া হয়েছিল। বিসিসিআই তখন আপিল করে, যার ফল এসেছে এখন। এরপর ৪৪ পৃষ্ঠায়



## এমবাপে হাসপাতালে

আজকাল স্পোর্টস

অসুস্থ হয়ে পড়েছেন রিয়াল মাদ্রিদের তারকা স্ট্রাইকার কিলিয়ান এমবাপে। ফরাসি এই ফুটবলার তীব্র গ্যাস্ট্রোএন্টেরাইটিসে (পেটের পীড়া) ভোগায় তাকে দ্রুত হাসপাতালে ভর্তি করা হয়েছে। এক বিবৃতিতে খবরটি নিশ্চিত করেছে রিয়াল মাদ্রিদ। বিবৃতিতে তারা বলেছে, 'আমাদের খেলোয়াড় এরপর ৪৫ পৃষ্ঠায়

## জিয়াউদ্দিন হায়দারের সংবর্ধনা অনুষ্ঠানে হট্টগোল

৬২ পৃষ্ঠার পর

তৈরি হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে যুক্তরাষ্ট্র বিএনপির নেতা আব্দুল নসুর দলের শীর্ষ নেতাদের প্রতি ক্ষোভ প্রকাশ করে মন্তব্য করলে সেখানে উপস্থিত নেতাকর্মীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। স্টেট বিএনপির সভাপতি অলিউল্লাহ আতিক এ বক্তব্যের তীব্র প্রতিবাদ জানালে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। এর জেরে পরস্পরের মধ্যে শুরু হওয়া বাগবিতণ্ডা এক পর্যায়ে তা মৃদু হাতাহাতি পর্যন্ত গড়ায়।

এ সময় বিএনপির কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি নেতা গিয়াস আহমেদ উত্তেজিত নেতাকর্মীদের শান্ত করার চেষ্টা করেন এবং দলীয় ঐক্যের প্রয়োজনীয়তার কথা স্মরণ করিয়ে দেন। তাঁর দৃঢ় আহ্বানে দুই পক্ষই সংযত হয় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিভাগীয় জাতীয়তাবাদী ফোরাম ইউএসএর সভাপতি ডা. আব্দুল নসুর এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ফোরামের সাধারণ সম্পাদক মাহমুদুল ইসলাম মিঠুন।

এর আগে অনুষ্ঠানের শুরুতে মঞ্চে স্থান পাওয়া ও আগে-পরে পরিচয় করিয়ে দেওয়া নিয়েও হট্টগোল হয়। অনুষ্ঠানের সঞ্চালক একে একে উপস্থিত নেতৃবৃন্দকে মঞ্চে আহ্বান জানাচ্ছিলেন। বেশকয়েকজনকে মঞ্চে আহ্বান জানানোর পরও নিজেদের নাম না আসায় হট্টগোল করেন স্টেট বিএনপির সেক্রেটারি সাইদুর রহমান সাইদসহ বেশকয়েক জন। তারা অনুষ্ঠানস্থল ত্যাগের প্রস্তুতি নেন। তখন মঞ্চ থেকে তাদের শান্ত করা হয় এবং মঞ্চে ডেকে নেয়া হয়।

এ সময় বিব্রতকর অবস্থায় পড়েন ড. জিয়াউদ্দিন হায়দার। পরে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের গণতন্ত্র পুনরুদ্ধার এবং মানুষের ভোটাধিকার ফিরিয়ে আনতে বিএনপির শক্তিশালী ঐক্যের কোনো বিকল্প নেই। দলের চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা মেনে জিয়াউর রহমানের আদর্শকে বুকে ধারণ করে দলের সব পর্যায়ের নেতা-কর্মীদের আগামী জাতীয় নির্বাচনে বিএনপিকে বিজয়ী করতে যার যার অবস্থান থেকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানান।

নতুন সরকারে ১০ শতাংশ কোটার মাধ্যমে জনপ্রতিনিধিসহ বিভিন্ন সেক্টরে প্রবাসীদের যাতে সংযুক্ত করা যায় সে প্রচেষ্টার কথা জানান তিনি।

সভাপতির বক্তব্যে ডা. আব্দুল নসুর বলেন, মতপার্থক্য থাকতেই পারে, কিন্তু সেটা দলের ভেতরে বিভাজনের কারণ হতে পারে না। দলের প্রয়োজনে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।

এ অনুষ্ঠানে 'গেস্ট অব অনার' ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য আবদুল লতিফ সম্রাট। প্রধান বক্তা ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমেদ।

গিয়াস আহমেদ বলেন, বাংলাদেশের গণতন্ত্র এবং অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের ভূমিকা অপরিসীম। কিন্তু বাংলাদেশের নেতারা তাদের ব্যক্তিস্বার্থে তা ভুলে যান অথবা মূল্যায়ন করতে চা না। অধিকন্তু ক্ষমতাসীন হলেই অনেকে প্রবাসী বাংলাদেশিদের 'বিদেশি' হিসেবে অভিহিত করেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন-বিএনপি নেতা এম এ সবুর, মোশারফ হোসেন সবুজ, এম এ বাতিন, নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মাওলানা অলিউল্লাহ আতিকুর রহমান, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জসিমউদ্দিন ভিপি এবং সেক্রেটারি সাইদুর রহমান, নিউইয়র্ক উত্তর বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকন, নিউইয়র্ক মহানগর বিএনপি দক্ষিণের সাধারণ সম্পাদক বদিউল আলম, বিএনপি নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন, জাকির হাওলাদার প্রমুখ।










## টিকটক নিষিদ্ধের আশঙ্কা কমছে

৬২ পৃষ্ঠার পর

বাইটড্যান্স তাদের মার্কিন সম্পদ বিক্রির প্রক্রিয়া সম্পন্ন না করে বা তাৎপর্যপূর্ণ অগ্রগতি না দেখাতে পারে, তাহলে টিকটকের কার্যক্রম বন্ধ করতে হবে। ২০ জানুয়ারি দ্বিতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর ট্রাম্প এই আইন কার্যকর করেননি। তিনি প্রথমে এপ্রিলের শুরু পর্যন্ত সময় দেন, এরপর গত মাসে ১৯ জুন পর্যন্ত বাড়ান। মার্চে ট্রাম্প বলেছিলেন, টিকটকের মূল প্রতিষ্ঠান বাইটড্যান্সের সঙ্গে চুক্তি করার জন্য তিনি চীনের ওপর আরোপিত শুল্ক কিছুটা কমাতে প্রস্তুত। চলতি বছরের শুরুর দিকে টিকটকের মার্কিন কার্যক্রম নিয়ে একটি চুক্তি প্রায় চূড়ান্ত হয়েছিল। পরিকল্পনা ছিল, টিকটকের যুক্তরাষ্ট্র অংশ নতুন একটি মার্কিন কোম্পানিতে রূপান্তর হবে, যেটি মার্কিন বিনিয়োগকারীদের মালিকানায় ও নিয়ন্ত্রণে থাকবে। তবে প্রেসিডেন্ট ট্রাম্প চীনা পণ্যের ওপর বেশি শুল্ক আরোপের ঘোষণা দেওয়ার পর চীন সেই চুক্তিতে অনুমোদন দেয়নি। ফলে পুরো প্রক্রিয়াটি স্থগিত হয়। এদিকে ডেমোক্র্যাট সিনেটররা বলছেন, ট্রাম্পের এই সময়সীমা বাড়ানোর কোনো আইনি অধিকার নেই। তাদের মতে, যে চুক্তির কথা বিবেচনা করা হচ্ছে, তা আইনি শর্ত পূরণ করে না।

## স্বেচ্ছাসেবক দলের ঈদপুনর্মিলনী অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

বিএনপির কেন্দ্রীয় নেতা নিতাই রায় চৌধুরী। কুইন্সের ফুল লাইট রেস্টুরেন্টে গত ১৪ জুন শনিবার এ সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন বিএনপি নেতা বেবি নাজনীন,আব্দুল লতিফ সম্রাট, জিল্লুর রহমান জিল্লু, জাকির এইচ চৌধুরী, আবু সাঈদ আহমেদ, সাইফুর খান খোরশেদ আলম,নূর আলম ও মনিরুল ইসলাম।

সভায় দলের চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করে দোয়া করা হয়। বক্তারা বলেন, সমগ্র জাতি অপেক্ষা করছে বাংলাদেশে একটি অবাধ নির্বাচনের জন্য । এ নির্বাচনে তারেক রহমানের নেতৃত্বে বিএনপি বিপুল ভোটে বিজয়ী হবে। দেশের কল্যাণে বিএনপির নেতাকর্মিরা কাজ করবে।

## পেনসিলভেনিয়ায় ভোট জালিয়াতি : ২ বাংলাদেশির কারাদণ্ড

৬৪ পৃষ্ঠার পর

দাগ-ভোট কারচুপি, মেইল-ইন ব্যালটে জালিয়াতি, এবং কমিউনিটি নেতৃত্বের গভীর ব্যর্থতা।

২০২১ সালের ফিলবোর্ন বরো মেয়র নির্বাচনে ভোট জালিয়াতির ঘটনায় ফেডারেল আদালতের রায়ে দণ্ডিত হলেন বাংলাদেশের বংশোদ্ভূত দুই প্রাক্তন কাউন্সিল সদস্য মোঃ নুরুল হাসান এবং মোঃ রফিকুল ইসলাম। নুরুল হাসানকে ৩৬ মাসের কারাদণ্ড এবং রফিকুল ইসলামকে ১ বছর ১ দিনের কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। আদালতের নির্দেশ-দণ্ডপ্রাপ্তদের আগামী ১৫ আগস্টের মধ্যে আত্মসমর্পণ করতে হবে। ১৮ জুন বুধবার পেনসিলভেনিয়ার ইস্টার্ন ডিস্ট্রিক্টের ইউএস এটর্নি অফিসের এক ঘোষণায় এ সংবাদ জানা গেছে। মামলার অভিযোগপত্র খুললে দেখা যায়, তারা এক পরিকল্পিত জালিয়াতির ছক কষেন। শহরের বাইরের ঠিকানা ব্যবহার করে ভুয়া ভোটার নিবন্ধন, মেইল-ইন ব্যালটের অনুরোধ, এবং সেই ব্যালট নিজেরাই পূরণ করে নিজেদের পক্ষে লিখিত ভোট দাখিল-সবই ঘটেছে নিখুঁতভাবে সাজানো এক অপকৌশলে। তাদের সঙ্গে ছিলেন আরেক কাউন্সিল সদস্য মোঃ মনসুর আলী, যার সাজা ঘোষণা হবে আগামী সপ্তাহে। বিচারক এই ঘটনাকে 'গণতন্ত্রের বিশ্বাসঘাতকতা' বলে অভিহিত করেছেন।

ছোট শহরের রাজনীতি কখনো কখনো খুব ব্যক্তিগত হয়ে ওঠে। প্রতিবেশী থেকে প্রার্থী, বন্ধু থেকে বিরোধী-সব একাকার হয়ে যায়। ফিলবোর্নের নির্বাচনেও সেই চেনা চরিত্র। বিরোধী প্রার্থী মাহমুদুল তাহিরের প্রাথমিক নির্বাচনে জয়লাভের পর, মেইল-ইন ভোটের মাধ্যমে নির্বাচনের ফল ঘুরিয়ে দেয়ার এক প্রয়াস তৈরি হয়। আর সেখানেই জন্ম নেয় এই ফেডারেল অপরাধের গল্প।

আমাদের বাংলাদেশি অভিবাসী কমিউনিটির জন্য এই ঘটনা নিঃসন্দেহে এক বেদনাদায়ক অধ্যায়। আমরা যারা প্রবাসে গণতন্ত্রের সুফল ভোগ করছি, এই সমাজে প্রতিষ্ঠিত হওয়ার চেষ্টা করছি-তাদের জন্য এই ঘটনাটি যেন একটা কঠিন চপেটাঘাত।

নির্বাচনী ব্যালটে হেরফের মানে একটি সম্পূর্ণ ব্যবস্থাকে প্রশ্নবিদ্ধ করে ফেলা। আমরা যখন জাতিগত পরিচয়ের গর্বে নিজেদের উপস্থাপন করি, তখন এ ধরনের ঘটনাগুলি আমাদের অস্তিত্বকেই ছোট করে দেয়। ফিলবোর্নের এই আদালতের রায় প্রবাসী কমিউনিটির জন্য অনশ্বানের হয়ে দাঁড়িয়েছে।

Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, স্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite #5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER


RONJAN (Consultant)
646-730-8416


JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
